# ষষ্ঠ বার্ষিক প্রতিবেদন
## ২০১৯-২০২০

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

# ষষ্ঠ বার্ষিক প্রতিবেদন
## জুলাই ২০১৯- জুন ২০২০

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ
১৪/৬- ১৪/২৩, পল্লবী, মিরপুর -১২, ঢাকা-১২১৬

# বার্ষিক প্রতিবেদনঃ জুলাই ২০১৯ - জুন ২০২০

## উপদেষ্টা পরিষদ

**রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল,** বিএসপি, এনডিসি, পিএসসি, ভাইস-চ্যান্সেলর
**কমডোর এ এম কামরুল হক, (এনডি),** এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন, ট্রেজারার
**কমডোর এ জেড এম জালাল উদ্দিন,** (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার
**কমডোর এম জাহাঙ্গীর আলম,** (ই), এনইউপি, এনডিসি, পিএসসি, বিএন, ডিন, এফএমজিপি
**কমডোর আনিছুর রহমান মোল্লা,** (এল), এনইউপি, পিএসসি, বিএন, ডিন, এফএমবিএস
**ইঃ কমডোর এম জসিম উদ্দীন,** (এইচ), বিএন, ডিন, এফইওএস
**ক্যাপ্টেন এম নজরুল ইসলাম,** (এস), এনপিপি, এনডিসি, পিএসসি, বিএন, পরিচালক (একিউএইডি)

## সম্পাদনা পরিষদ

| | |
|---|---|
| **কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি),** পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার | সভাপতি |
| **উইং কমান্ডার রেফাতুল ইসলাম,** পিএসসি, এডিডব্লিউসি, অতিরিক্ত পরিচালক (পিজি রিসার্চ) | সদস্য |
| **স্বপন কুমার বড়ুয়া,** উপ পরিচালক (বাজেট) | সদস্য |
| **মোহাম্মদ ইখতিয়ারুল হক,** সহকারী রেজিস্ট্রার (একাডেমিক) | সদস্য |
| **মোঃ মাইনুর রহমান,** সহকারী পরিচালক, একিউএইডি | সদস্য |
| **স্বর্ণা দত্ত,** প্রভাষক (বাংলা) | সদস্য |
| **আহাম্মদ করিম,** সহকারী কম্পিউটার প্রোগ্রামার | সদস্য |

## সহায়তায়

**মোহাম্মদ তাজুল ইসলাম,** পিএ, রেজিস্ট্রার দপ্তর
**অমিত মহন্ত,** অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
**শিকদার সোহেল রানা,** অফিস সহকারী কাম ডাটা প্রসেসর, রেজিস্ট্রার দপ্তর

## ফটোগ্রাফি

**তানভীর আহম্মদ সিদ্দিকী,** ফটোগ্রাফার

## প্রকাশক

**রেজিস্ট্রার,** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

৩১ আষাঢ় ১৪২৭
১৫ জুলাই ২০২০

# বাণী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ষষ্ঠ বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০ প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। বিগত বছরগুলোর কার্যক্রমের দালিলিক প্রমাণ ও প্রতিচ্ছবি হিসেবে এ ধরনের প্রকাশনা বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডকে আরো স্বচ্ছ ও বেগবান করবে বলে আমার বিশ্বাস।

বিশেষায়িত বিশ্ববিদ্যালয় হিসেবে মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক প্রযুক্তির উদ্ভাবন ও দক্ষ জনবল সৃষ্টির মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি দেশের উন্নয়নে অবদান রেখে চলেছে। এছাড়া যুগোপযোগী এবং মেরিটাইম শিল্পের চাহিদা অনুযায়ী সরকারি-বেসরকারি এবং সমুদ্র বাণিজ্যিক পেশাজীবীদের জন্য বিভিন্ন কোর্স পরিচালনার ক্ষেত্রেও এ বিশ্ববিদ্যালয় অনন্য ভূমিকা রাখছে। বাংলাদেশের সুবিশাল সমুদ্রসীমা ও অফুরন্ত সামুদ্রিক সম্পদের সুষ্ঠু ব্যবহার আমাদের অর্থনৈতিক উন্নয়নে খুবই গুরুত্বপূর্ণ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের বাংলাদেশ আজ বিশ্ব মানচিত্রে এক উদীয়মান অর্থনীতির দেশ। অপার সম্ভাবনাময় এ দেশটিকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানোর জন্য সরকার 'রূপকল্প-২০৪১' ও 'ডেল্টাপ্ল্যান-২১০০' গ্রহণ করেছে। ডেল্টাপ্ল্যান এর যথাযথ বাস্তবায়নে সমুদ্রসীমায় লুক্কায়িত প্রাকৃতিক খনিজ সম্পদের অনুসন্ধান ও এর সঠিক ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম। এ লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি ঐকান্তিকভাবে কাজ করে যাবে-এটাই দেশবাসীর প্রত্যাশা।

বৈশ্বিক মহামারী 'কোভিড-১৯' এর কারণে বিশ্বের অর্থনীতি আজ হুমকির মুখে পড়েছে। অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশের শিক্ষা খাতও আজ বড় চ্যালেঞ্জের মুখোমুখি। এ চ্যালেঞ্জ মোকাবেলায় ভার্চুয়াল শিক্ষা কার্যক্রমকে শক্তিশালী, বেগবান এবং ভবিষ্যতের জন্য টেকসই করার লক্ষ্যে উদ্যোগ নিতে হবে। করোনা মোকাবেলার জন্য শুধু সামাজিক নয়, প্রয়োজন সমন্বিত উদ্যোগ। আমি আশা করি করোনার কারণে সৃষ্ট স্থবিরতা সকলের ঐকান্তিক প্রচেষ্টায় অচিরেই দূর হবে।

আমি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর উত্তরোত্তর সফলতা কামনা করি।

জয় বাংলা।
খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



## ভাইস-চ্যান্সেলর
**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ**

## মুখবন্ধ

আন্তর্জাতিক ও জাতীয় প্রেক্ষাপটে দেশগুলোর অর্থনৈতিক উন্নয়ন বিশ্লেষণ করলে দেখা যায়, যে দেশ সমুদ্রকে যত বেশি ব্যবহার করতে পেরেছে, সে দেশ অর্থনীতিতে তত বেশি সমৃদ্ধশালী হয়েছে। তারই ধারাবাহিকতায় মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ স্থাপনের লক্ষ্যে গৃহীত ৪৭ নং আইনটি ২৬ অক্টোবর ২০১৩ (১১ কার্তিক ১৪২০) তারিখে মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি লাভ করে। সেদিন থেকেই বিশ্ববিদ্যালয়টি দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় এবং বিশ্বে ১২ তম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা শুরু করে।

বাংলাদেশের স্বাধীনতার অব্যবহিত পরেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার কাজ শুরু করেন। স্বাধীনতার পর মাত্র তিন বৎসরের মধ্যে ১৯৭৪ সালে তাঁর দূরদর্শিতায় সমুদ্র বিষয়ে নতুন আইন প্রণয়ন করা হয় (দ্য টেরিটোরিয়াল ওয়াটার অ্যান্ড মেরিটাইম জোন্স অ্যাক্ট ১৯৭৪)। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ ইতিমধ্যেই আন্তর্জাতিক আদালতের রায়ের সুবাদে সুমদ্র সীমায় নিরঙ্কুশ ও সার্বভৌম অধিকার প্রতিষ্ঠা করে। সমুদ্র সীমা নির্ধারিত হওয়ায় বাংলাদেশকে সামুদ্রিক মানচিত্র প্রণয়নের পাশাপাশি সমুদ্র জরিপ, মৎস্য ও খনিজ সম্পদ আহরণ, পর্যটন এবং নৌ চলাচল ও সমুদ্র এলাকার নিরাপত্তার বিষয়টিকে গুরুত্ব দিয়ে কাজ শুরু করার জন্য সরকার পরিকল্পনা হাতে নিয়েছে। এই কাজের জন্য বাংলাদেশের দরকার দক্ষ জনশক্তি, উন্নত প্রযুক্তি ও কারিগরি জ্ঞান। সে লক্ষ্য পূরণের উদ্দেশ্যেই মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ছিল বর্তমান সরকার ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এক সময়োপযোগী সিদ্ধান্ত। বিশ্ববিদ্যালয় সেই মহৎ উদ্দেশ্যকে সামনে রেখেই ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসে সীমিত জায়গায় বর্তমানে ০৫ টি স্নাতক (সম্মান), ০৭ টি স্নাতকোত্তর প্রোগ্রাম চালু করেছে এবং ধারাবাহিকভাবে আরও নতুন প্রোগ্রাম চালুর উদ্যোগ গ্রহণ করছে। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম জেলার বন্দর থানাধীন কালুরঘাট এলাকার চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া মৌজায় স্থাপনের লক্ষ্যে সরকার কর্তৃক বরাদ্দকৃত ১০৬ একর জায়গায় বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস স্থানান্তরের পরিকল্পনা পর্যায়ক্রমে বাস্তবায়নাধীন।

বিগত বছর সমূহের ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ে ষষ্ঠ বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পারায় আমি অত্যন্ত আনন্দিত। আমি এর সাথে জড়িত উপদেষ্টা পরিষদ, সম্পাদনা পরিষদ এবং বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর ও অধিভুক্ত প্রতিষ্ঠানকে তথ্য-উপাত্ত প্রদান করে সহায়তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

বর্তমানে বাংলাদেশ সহ সারা বিশ্ব এক পরীক্ষার সম্মুখীন, করোনা নামক বৈশ্বিক মহামারী সারা বিশ্বে এক কঠিন আঘাত হেনেছে। সারা বিশ্বের অর্থনীতি আজ চরম হুমকির মধ্যে পড়েছে। করোনার প্রভাবে অন্যান্য সেক্টরের মত বাংলাদেশের শিক্ষা সেক্টরের উপরও প্রভাব পড়েছে। এমতাবস্থায় শিক্ষার্থীদের পড়ালেখার ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্য বিকল্প চিন্তা করতে হবে এবং অনলাইন শিক্ষাব্যবস্থার উপর জোর দিতে হবে ।

২০২১ সালে বাংলাদেশ স্বাধীনতার পঞ্চাশ বছরে উপনীত হবে। সুবর্ণ জয়ন্তীর এই লগ্নে বৈশ্বিক প্রেক্ষাপটে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক-ভাবে বাংলাদেশকে আমরা কোন অবস্থানে দেখতে চাই, সেটাই বস্তুত ভিশন ২০২১-এর মূল কথা। তদুপরি একটা ক্ষুধামুক্ত, দারিদ্র্যমুক্ত, উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ গঠনে ভিশন ২০৪১ এবং ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এই উন্নতির সহযাত্রী হিসেবে গুরুত্বপূর্ণ অবদান রাখবে এটাই আমাদের প্রত্যয়।

আমি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের সার্বিক সাফল্য ও মঙ্গল কামনা করছি।

সকলকে মুজিব বর্ষের শুভেচ্ছা।
বাংলাদেশ চিরজীবী হোক।
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি চিরজীবী হোক।

**রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল**, বিএসপি, এনডিসি, পিএসসি
ভাইস-চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



## সম্পাদকীয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাষ্ট্রনায়কোচিত, দূরদর্শী এবং বিচক্ষণ নেতৃত্বে বঙ্গোপসাগরের ১ লাখ ১৮ হাজার ৮১৩ বর্গকিলোমিটার সমুদ্রসীমার উপর নিরঙ্কুশ সার্বভৌম অধিকার এবং অর্থনৈতিক নিয়ন্ত্রণ অর্জন করেছে বাংলাদেশ। আমাদের ছোট্ট এই দেশের সীমিত স্থলভাগ প্রতিনিয়ত অতি ব্যবহারের শিকার হচ্ছে। এমতাবস্থায় ক্রমবর্ধমান বিশাল জনগোষ্ঠীর উন্নয়নে সমুদ্র অঞ্চলের অপরিহার্য ভূমিকা রয়েছে। সুবিশাল সমুদ্র এলাকার অনাবিষ্কৃত ও অনারোহিত সম্পদের অন্বেষণ, আহরণ, সুরক্ষা, গবেষণা ও ব্যবহারের জন্য নিজস্ব বিশেষজ্ঞ তৈরির প্রক্রিয়া চলমান। মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৩ সালে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ)" প্রতিষ্ঠা করে। ২০১৩ সালে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার পর ক্ষুদ্র পরিসরে যাত্রা শুরু করলেও বিগত ০৭ বছরে বেশ কিছু লক্ষ্য অর্জন করতে সক্ষম হয়েছে। 'বিএসএমআরএমইউ' প্রতিষ্ঠার পর এ পর্যন্ত ৭টি বিভাগে স্নাতকোত্তর ও ৫টি বিভাগে স্নাতক (সম্মান) কোর্স চালু করা হয়েছে। এছাড়া বাংলাদেশে মেরিটাইম উচ্চশিক্ষাকে কীভাবে আরও সমৃদ্ধ করা যায় এবং এ শিক্ষায় শিক্ষিত জনবল কর্মসংস্থানের সুযোগ পায়, এ নিয়ে সুদূরপ্রসারী পরিকল্পনা ও কৌশল গ্রহণ করা হয়েছে। এর অংশ হিসেবে প্রতি বছর নতুন নতুন স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর প্রোগ্রাম চালু হচ্ছে। স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রামে স্থানান্তরের পর বিশ্ববিদ্যালয়টি দক্ষিণ এশিয়ার মেরিটাইম সংশ্লিষ্ট বিষয়ে উচ্চশিক্ষা ও গবেষণার একটি সমৃদ্ধ পীঠস্থান হবে বলে আমরা আশাবাদী।

বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন প্রকাশ একটি চলমান প্রক্রিয়া। 'বার্ষিক প্রতিবেদন' হচ্ছে বিশ্ববিদ্যালয়ের সার্বিক কর্মকাণ্ডের প্রামাণ্য দলিল স্বরূপ। ৬ষ্ঠ বার্ষিক প্রতিবেদনে (১ জুলাই ২০১৯ থেকে ৩০ জুন ২০২০) বিশ্ববিদ্যালয়ের মিশন, ভিশন, একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমের সামগ্রিক বিবৃতি এবং বিশ্ববিদ্যালয়ে নিয়োগকৃত জনবলের তথ্যাদিসহ বার্ষিক বাজেট বিবরণীসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য অন্তর্ভুক্ত রয়েছে। বৈশ্বিক মহামারী দেশের সামাজিক, অর্থনৈতিক ও বিশেষ করে শিক্ষাক্ষেত্রে সুদূরপ্রসারী অভিঘাত ও অনিশ্চয়তা সৃষ্টি করেছে। এ প্রতিকূলতার মধ্যে ৬ষ্ঠ বার্ষিক প্রতিবেদনটি প্রস্তুত করতে যারা তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা করেছে তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ।

বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় ও উপদেষ্টা পরিষদের সকল সম্মানিত সদস্যকে তাঁদের পৃষ্ঠপোষকতা, পরামর্শ ও দিক-নির্দেশনার জন্য সম্পাদনা পরিষদ আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছে। সম্পাদনা পরিষদের সকল সদস্য ও প্রকাশনার সাথে জড়িত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও মোবারকবাদ।

'জয় বাংলা'। বাংলাদেশ চিরজীবী হউক।

**কমডোর এ জেড এম জালাল উদ্দিন** (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন
রেজিস্ট্রার, সদস্য, উপদেষ্টা পরিষদ ও সভাপতি, সম্পাদনা পরিষদ
৬ষ্ঠ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি, বিএসএমআরএমইউ

## সূচিপত্র


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ ........................................ ০১
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি ................................ ০৬
অনুষদ ও বিভাগসমূহ ........................................ ০৮
আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ ........................................ ০৯
জেনারেল স্টাডিজ অনুষদ ........................................ ১২
মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ ........................................ ১২
শিপিং এ্যাডমিনিস্ট্রেশন অনুষদ ........................................ ১৬
মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ ........................................ ১৯
ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ ........................................ ২১
উপাচার্য সচিবালয়ের কার্যক্রম ........................................ ২২
রেজিস্ট্রার দপ্তর (এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন) সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম ................. ২৭
রেজিস্ট্রার দপ্তর কর্তৃক প্রতিবেদিত বছরে আয়োজিত অনুষ্ঠান ও কর্মকাণ্ড ........................................ ২৯
ইন্টান্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ দপ্তরের কার্যক্রম ........................................৩৩
সংবিধিবদ্ধ সভার কার্যক্রম ........................................ ৩৫
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কর্মকাণ্ড ........................................ ৩৮
অর্থ ও হিসাব দপ্তরের অধীনে গৃহীত কার্যক্রম ........................................ ৪১
পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম ........................................ ৪২
একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট এর কার্যক্রম ........................................ ৪৪
কলেজ, একাডেমি ও ইনস্টিটিউট পরিদর্শক দপ্তরের কার্যক্রম ........................................ ৪৭
বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং শাখার উল্লেখযোগ্য কার্যক্রম ........................................ ৪৮
বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ এর কর্মকাণ্ড ........................................ ৫০
বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের কার্যক্রম ........................................ ৫১
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্প এর কার্যক্রম ..... ৫২
ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ এর কার্যক্রম ........................................ ৫৩
মেডিকেল সেন্টার এর কার্যক্রম ........................................ ৫৪
শারীরিক শিক্ষা কেন্দ্র এর কার্যক্রম ........................................ ৫৫
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এর কার্যক্রম ........................................ ৫৭
মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর কার্যক্রম ........................................ ৫৮
বিশ্ববিদ্যালয়ের জনবল ........................................ ৬৪

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ হলো সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, অর্থ কমিটি, পরিকল্পনা উন্নয়ন ও মূল্যায়ন কমিটি, অনুষদ, পাঠক্রম কমিটি, বাছাই বোর্ড, শৃঙ্খলা কমিটি, বোর্ড অব এডভান্সড স্টাডিস অ্যান্ড রিসার্চ এবং সংবিধি মোতাবেক গঠিত অন্যান্য কর্তৃপক্ষ।

### সিনেট

**বিশ্ববিদ্যালয়ের "সিনেট"-এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | চেয়ারম্যান |
| রিয়ার এডমিরাল মোঃ খুরশেদ আলম, এনডিসি, পিএসসি (অবঃ)<br>সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট), পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| সহকারী নৌবাহিনী প্রধান (পার্সোনেল), বাংলাদেশ নৌবাহিনী | সদস্য |
| রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি<br>মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | সদস্য |
| প্রফেসর ড. দিল আফরোজা বেগম<br>সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| জনাব সঞ্জয় কুমার বণিক<br>অতিরিক্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| কমডোর এ এম কামরুল হক, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জাহাঙ্গীর আলম, (ই), এনইউপি, এনডিসি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), এনডিসি, পিএসসি, বিএন<br>মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |
| কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর সুমন মাহমুদ সাব্বির, (এনডি), এনডিসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |
| ইঃ কমডোর মোহাম্মদ জসীম উদ্দিন, (এইচ), বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি (অবঃ), বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী<br>পদার্থ বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| জনাব শাহ আবদুল আলীম খান<br>যুগ্ম-সচিব (ডি-৬), প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |

প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় — সদস্য

ড. সাজিদ হোসেন
কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি — সদস্য

ক্যাপ্টেন ইনতেখাব আহমেদ চৌধুরী, এএফএনআই
চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট [এনআই-লন্ডন]-এর বাংলাদেশ শাখা — সদস্য

জনাব আরিফুর রহমান খান, মেরিন ইঞ্জিনিয়ার (ক্লাস-১), MIMarEST, UK
চেয়ারম্যান, ইমারেস্ট-লন্ডন-এর বাংলাদেশ শাখা — সদস্য

## সিন্ডিকেট

**বিশ্ববিদ্যালয়ের “সিন্ডিকেট”-এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| প্রতিনিধি<br>বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| জনাব ভোলা নাথ দে<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| জনাব বেগম সেলিনা হক<br>অতিরিক্ত সচিব, অনুবিভাগ-১ (সাধারণ), প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার<br>অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ মইনুল কবির<br>অতিরিক্ত সচিব (ড্রাফটিং)<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| কমডোর এ এম কামরুল হক, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |
| কমডোর সুমন মাহমুদ সাব্বির, (এনডি), এনডিসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |
| কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম মামুনুর রশীদ, (ট্যাজ), বিসিজিএমএস, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>পরিচালক, নৌ প্রশিক্ষণ পরিদপ্তর, পার্সোনেল শাখা, নৌ-বাহিনী সদর দপ্তর | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, (অবঃ) বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোহাম্মদ খায়রুল ইসলাম<br>কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |

| | |
|---|---|
| জনাব মোঃ তৌফিকুল আরিফ<br>যুগ্ম-সচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| প্রতিনিধি<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ, (জি), পিপিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| জনাব আজম জে চৌধুরী<br>সভাপতি, বাংলাদেশ ওশান-গোয়িং শিপওনার্স অ্যাসোসিয়েশন | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি | সদস্য |
| জনাব মোমতাজ উদ্দিন ভূঁইয়া<br>মেরিন প্রফেশনালস্ | সদস্য |
| প্রকৌশলী মোস্তফা আনোয়ার<br>মেরিন প্রফেশনালস্ | সদস্য |
| কমান্ডার এ টি এম রেজাউল হাসান, (সি), বিসিজিএম, পিসিজিএমএস, বিএন<br>জোনাল কমান্ডার, ঢাকা জোন,বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | সদস্য |
| ক্যাপ্টেন ইনতেখাব আহমেদ চৌধুরী, এএফএনআই<br>চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট [এনআই-লন্ডন]-এর বাংলাদেশ শাখা | সদস্য |
| জনাব আরিফুর রহমান খান, মেরিন ইঞ্জিনিয়ার (ক্লাস-১), MIMarEST, UK<br>চেয়ারম্যান, ইমারেস্ট-লন্ডন-এর বাংলাদেশ শাখা | সদস্য |

## একাডেমিক কাউন্সিল

**বিশ্ববিদ্যালয়ের "একাডেমিক কাউন্সিল"-এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| কমডোর এম জাহাঙ্গীর আলম, (ই), এনইউপি, এনডিসি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |
| কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ইঃ কমডোর মোহাম্মদ জসীম উদ্দিন, (এইচ), বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, (অবঃ) বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. অলক পাল<br>ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ড. মোঃ মইনুল ইসলাম<br>পুরকৌশল বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |

| | |
|---|---|
| প্রফেসর ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোঃ সাদিকুল বারী<br>অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. আফতাব আলম খান<br>ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. সৈয়দ রাসিদুল হাসান<br>মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, বিএসএমআরএমইউ | |
| ক্যাপ্টেন এ টি জি এম সরকার, (ট্যাজ), পিএসসি, (অবঃ), বিএন<br>পরীক্ষা নিয়ন্ত্রক, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>পরিচালক (আইবিবিবিএস), বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন মাসুক হাসান আহমেদ, (জি), পিপিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| ক্যাপ্টেন এ এম কুদরতুল্লাহ, (এস), বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>পরিচালক, ইনস্টিটিউট অব প্রফেশনাল ল্যাঙ্গুয়েজ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি | সদস্য |
| কমান্ডার এম মাহবুর রহমান, (ই), বিএন<br>গ্রন্থাগারিক ও প্রক্টর, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. মুহাম্মদ নাজির হোসেন<br>সহযোগী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব খন্দকার আতিকুর রহমান<br>সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব ফারহানা আক্তার<br>প্রভাষক, রসায়ন বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |

## “অর্থ কমিটি”

**বিশ্ববিদ্যালয়ের “অর্থ কমিটি”-এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| জনাব ভোলা নাথ দে<br>অতিরিক্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| কমডোর এ এম কামরুল হক, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, (অবঃ) বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |

| | |
|---|---|
| ড. সাজিদ হোসেন, চাটার্ড মেরিন ইঞ্জিনিয়ার<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি | সদস্য |
| কর্নেল মোঃ সাদিকুল বারী, পিএসসি<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব মোঃ শাহ আলম<br>পরিচালক (অর্থ ও হিসাব), বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| এস. এম. মোস্তাফিজুর রহমান<br>সহকারী অধ্যাপক,  ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| মানছুরা আক্তার<br>সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন এ কে এম আমিনুল আজিম, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>পরিচালক (অর্থ ও হিসাব), বিএসএমআরএমইউ | সদস্য সচিব |

## পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি

**বিশ্ববিদ্যালয়ের "পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি" -এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| কমডোর এ এম কামরুল হক, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, (অবঃ) বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব মোঃ তৌফিকুল আরিফ<br>যুগ্ম-সচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| মোঃ খলিলুর রহমান<br>চীফ ইঞ্জিনিয়ার (বাস্তবায়ন), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | সদস্য |
| জনাব শাহদাত হোসেন<br>স্থপতি, বাড়ি-২২৩ (৪র্থ তলা) রোড-৬/ডি, বক-বি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯ | সদস্য |
| কর্নেল মোঃ সাদিকুল বারী, পিএসসি, ইঞ্জিনিয়ার্স<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমান্ডার সালাহউদ্দিন আহ্মেদ, (এস), বিএন<br>পরিচালক, পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন (অতিরিক্ত দায়িত্ব), বিএসএমআরএমইউ | সদস্য সচিব |

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি

মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৩ সালে এই বিশ্ববিদ্যালয়ের গোড়াপত্তন করেন। এরই ধারাবাহিকতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহান জাতীয় সংসদ কর্তৃক 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ' স্থাপনের লক্ষ্যে গৃহীত ৪৭ নং আইনটি ২৬ অক্টোবর ২০১৩ (১১ কার্তিক ১৪২০) তারিখে মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি লাভ করে। ২৭ অক্টোবর ২০১৩ তারিখে আইনটি বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। সেদিন থেকেই বিশ্ববিদ্যালয়টি দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় এবং বিশ্বে ১২ তম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা শুরু করে। প্রাথমিক পর্যায়ে বিশ্ববিদ্যালয়টি বাংলাদেশ নৌবাহিনীর সহায়তায় ০২ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস, ঢাকায় অস্থায়ী অফিস স্থাপন করে। পরবর্তীতে ০১ মার্চ ২০১৪ তারিখে ঢাকাস্থ মিরপুর ডিওএইচএস-এ লিয়াজোঁ অফিস এবং তৎপরবর্তীকালে ০১ আগস্ট ২০১৫ তারিখে শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস ১৪/০৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ তে স্থাপন করা হয়। এ অস্থায়ী ক্যাম্পাসেই বিশ্ববিদ্যালয় সীমিত পরিসরে ০৭ (সাত)টি স্নাতকোত্তর এবং ০৫ (পাঁচ)টি স্নাতক (সম্মান) প্রোগ্রাম পরিচালনা করছে। সরকারি সিদ্ধান্তের আলোকে চট্টগ্রাম জেলার বন্দর ও চাদগাঁও থানার হামিদচর কালুরঘাট এলাকায় চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া মৌজায় ১০৬.৬৬ একর জমিতে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস স্থাপন প্রকল্পের কাজ শুরু হয়েছে।

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) এবং উদ্দেশ্য (Goals)

### রূপকল্প (Vision)

মেরিটাইম বিষয়ক আন্তর্জাতিক মানের আধুনিক জ্ঞান চর্চা, কর্মদক্ষ অনুষদ এবং উচ্চতর শিক্ষা ও গবেষণার মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে মেরিটাইম বিষয়ক Centre of Excellence হিসেবে প্রতিষ্ঠিত করা।

### অভিলক্ষ্য (Mission)

গুণগত মানসম্মত মেরিটাইম বিষয়ক দক্ষ জনশক্তি তৈরী, বিশ্বমানের মেরিটাইম বিষয়ক উচ্চতর শিক্ষা ও গবেষণা নিশ্চিত করা, আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে মেরিটাইম বিষয়ে জাতীয় অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখা।

### উদ্দেশ্য (Goals)

১. মেরিটাইম সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠানসমূহের সঙ্গে পারস্পারিক সহযোগিতার মাধ্যমে অত্র বিশ্ববিদ্যালয়ের টেকসই উন্নয়ন অর্জন।

২. জাতীয় চাহিদা ও প্রয়োজন অনুযায়ী শিক্ষাগত সেবা ও সুযোগ-সুবিধার অবিরত উন্নতি সাধন।

৩. দেশের মেরিটাইম শাখার অগ্রগতির জন্য জ্ঞান বিতরণ, গবেষণা এবং উন্নয়নমূলক কাজে সব ধরনের মেরিটাইম পেশাজীবীদের একটি সর্বজনীন ক্ষেত্রে নিয়ে আসা।

৪. মেরিটাইম সেক্টরে আসন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে নতুন মাত্রা সংযোজন করতে গবেষণায় সচেতনতা বৃদ্ধি করা।

৫. শিক্ষা-সংক্রান্ত কার্যক্রম, প্রজেক্ট ডিজাইনের উন্নয়ন এবং একাডেমিক মানদণ্ডের সম্প্রসারণ ও উন্নতি সাধনের লক্ষ্যে প্রাক্তন শিক্ষার্থী ও পেশাজীবীদের অংশগ্রহণ দ্রুততরকরণ।

৬. শিক্ষার্থীদের মেরিটাইম সায়েন্স ও টেকনোলজি সম্পর্কে জ্ঞান দান এবং মেরিটাইম প্রফেশনে অবদান বৃদ্ধি করতে গবেষণায় সহায়তা করা।

৭. দেশের মেরিটাইম সার্ভিস এবং ইন্ডাস্ট্রিয়াল সেক্টরের টেকসই উন্নয়নের জন্য বিভিন্ন মেরিটাইম এডুকেশনাল প্রোগ্রাম এবং গবেষণা কর্ম পরিচালনা করা।

৮. মেরিটাইম ব্যবস্থাপনা, আইন, নিরাপত্তা, কৌশলের বিভিন্ন বিষয়ে শিক্ষার্থীদের শিক্ষাদান এবং স্ব-স্ব ক্ষেত্রে গবেষণা পরিচালনা।

৯. শিক্ষার্থীরা যেন জাতিকে সেবা দিতে নিজেকে মেরিটাইম সেক্টরে ভবিষ্যত পরিকল্পনাকারী, নীতি নির্ধারক, অধিনায়ক হিসেবে প্রস্তুত করতে পারে এবং মেরিটাইম সেক্টরে জাতীয় ও আন্তর্জাতিক সংস্থায় বিশেষত আন্তর্জাতিক মেরিটাইম সংস্থায় সমন্বয়ক হতে পারে সে জন্য সহায়ক পরিবেশ সৃষ্টি করা।

## বিশ্ববিদ্যালয়ের সফলতা ও অর্জন

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুসরণ করে অত্র বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিয়মিত প্রতিপালিত হচ্ছে। এরই মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা ও নৈতিকতা উন্নয়নের জন্য নিয়মিত প্রশিক্ষণের আয়োজন, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুযায়ী ক্রয়কার্য সম্পাদন, ক্রয়কার্যে স্বচ্ছতা নিশ্চিতকরণ, যৌন নিপীড়ন বিরোধী কমিটি গঠন, দৃশ্যমান জায়গায় যৌন নিপীড়ন বিষয়ক অভিযোগ বক্স স্থাপন, সেবা গ্রহণ বিষয়ক অভিযোগ বক্স স্থাপন, নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ, শিক্ষার্থীদের জন্য মাদক বিরোধী কর্মশালা আয়োজন, বিশ্ববিদ্যালয়ের কর্মপরিবেশ উন্নয়নের জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার, করোনা ভাইরাস জনিত কারণে বর্তমানে বিরাজমান নতুন স্বাভাবিক (New Normal) পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি অনুসরণ করে অফিস পরিচালনা ইত্যাদি।

সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা Performance মূল্যায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি অফিসসমূহে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' বা APA প্রবর্তন করে। এরই ধারাবাহিকতায় অত্র বিশ্ববিদ্যালয় নিয়মিত ভাবে উর্ধ্বতন প্রতিষ্ঠান বাংলদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' সম্পাদন করে আসছে।

'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' ও সম্পাদিত বিভিন্ন কার্যক্রম অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের উল্লেখযোগ্য সফলতা ও অর্জন নিম্নরূপ:

- ৭ টি বিভাগে স্নাতকোত্তর ও ৫টি বিভাগে স্নাতক (সম্মান) কোর্স চালু করা।
- অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমী ও বাংলাদেশ মেরিন ফিশারীজ একাডেমির শিক্ষা কার্যক্রম ৩ বছর মেয়াদী স্নাতক (পাশ) হতে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) কোর্সে উন্নীতকরণ।
- মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আন্তর্জাতিক সেমিনার আয়োজনের ফলে বিভিন্ন দেশের বিশেষজ্ঞের সাথে যোগাযোগ স্থাপন।
- বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে বিদেশি ১৬টি স্বীকৃত মেরিটাইম বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর।
- নেদারল্যান্ড্‌স এর প্রতিষ্ঠান Nuffic এর Orange Knowledge Programme (OKP) এর আওতায় এক মিলিয়ন ইউরোর গ্র্যান্ট লাভ।
- স্থায়ী ক্যাম্পাস নির্মাণ কাজের অংশ হিসেবে ভূমি উন্নয়ন সম্পন্নকরণ।
- দেশী-বিদেশী বিষয় বিশেষজ্ঞ/অধ্যাপক দ্বারা শিক্ষা কার্যক্রম পরিচালনা।
- ব্যবহারিক প্রশিক্ষণের সুযোগ সুবিধা ও পরিধি বৃদ্ধির নিমিত্তে আধুনিক যন্ত্রপাতি সমৃদ্ধ ল্যাংগুয়েজ ল্যাব, মেরিন বায়োলজিক্যাল ল্যাব, বায়োলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব এবং ফিজিক্যাল অ্যান্ড জিয়োলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব স্থাপন ।
- শিক্ষার্থীদের আবাসিক সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক দুইটি অস্থায়ী আবাসিক হলের ব্যবস্থাকরণ।
- কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে বিভিন্ন ভার্চুয়াল প্লাটফরমের মাধ্যমে পাঠদান কার্যক্রম অব্যহত রাখা।
- কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীর স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করা।
- শিক্ষার্থীদের জন্য ওভারসিজ স্টাডি ট্যুর আয়োজন যা তাদের জ্ঞানের বিকাশ ও দক্ষতা বৃদ্ধিতে সহায়ক ।
- বিশ্ববিদ্যালয়ের ইন্টারনেট সেবার সম্প্রসারণ ও মানোন্নয়ন।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০১৯-২০২০) এ প্রথম স্থান অর্জন

সার্বিক বিবেচনায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৯-২০২০ এর সামগ্রিক ফলাফল অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয় শতকরা ৯১.৩ ভাগ (অতি উত্তম) সাফল্য অর্জন করে দেশের ৪৬ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সভাকক্ষে অনুষ্ঠিত (APA) ২০১৯-২০২০ মূল্যায়ন সভায় অত্র বিশ্ববিদ্যালয় কৌশলগত উদ্দেশ্যে ৮০ এর মধ্যে ৮০ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে ২০ এর মধ্যে ১১.৩ স্কোর করে সর্বমোট ১০০ এর মধ্যে ৯১.৩ স্কোর অর্জন করে।

বিশ্ববিদ্যালয়ের বিভাগ/দপ্তর সমূহের সাফল্য ও অর্জন প্রতিবেদনের পরবর্তী অধ্যায় সমূহে প্রতিফলিত হয়েছে।

# অনুষদ ও বিভাগসমূহ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী অনুষদ এবং অধীনস্থ বিভাগসমূহ নিম্নরূপ:

### মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ

- মেরিটাইম ল' অ্যান্ড পলিসি
- মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ
- মেরিটাইম সেফ্‌টি অ্যাডমিনিস্ট্রেশন

### শিপিং এ্যাডমিনিস্ট্রেশন অনুষদ

- মেরিটাইম সায়েন্স
- পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট
- ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিসটিকস্‌ ম্যানেজমেন্ট

### আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ

- ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি
- মাইনিং
- মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার
- মেরিন বায়োলজি
- জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি
- এনভায়রনমেন্টাল স্টাডিজ

### ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ

- ওশান ইঞ্জিনিয়ারিং
- নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং
- মেরিন ইঞ্জিনিয়ারিং
- হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং
- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং
- টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাকাট্রনিক্স

### জেনারেল স্টাডিস অনুষদ

- ইংরেজি
- গণিত
- পদার্থ বিজ্ঞান
- রসায়ন
- বায়োকেমিস্ট্রি
- সোশাল সায়েন্স অ্যান্ড অ্যানথ্রোপলজি
- ম্যাটেরিয়াল সায়েন্স
- ইন্টারন্যাশনাল রিলেশনস
- ইতিহাস
- ল্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন, ওয়েট ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট

### কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেটিক্স অনুষদ

- কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি
- সফটওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং
- ইনফরমেশন সিস্টেম সিকিউরিটি

### মেরিটাইম বিজনেস স্টাডিস অনুষদ

- ম্যানেজমেন্ট
- একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম
- ফিন্যান্স
- ইকোনোমিকস
- মার্কেটিং
- মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট

### ইনস্টিটিউট

- ইনস্টিটিউট অব প্রফেশনাল ল্যাঙ্গুয়েজ
- ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ
- ইনস্টিটিউট অব রিনিউয়েবল এনার্জি অ্যান্ড মেরিন রিসোর্সেস
- ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট

# আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ

বাংলাদেশ ১৪ মার্চ, ২০১২ সালে মিয়ানমার এবং ৭ জুলাই, ২০১৪ সালে ভারতের সাথে সমুদ্রসীমা নির্ধারণের মাধ্যমে এক বিশাল জলরাশি অর্জন করে। ফলশ্রুতিতে বাংলাদেশ ১,১৮,৮১৩ বর্গকিলোমিটার আয়তনের সমুদ্র সম্পদকে কাজে লাগিয়ে দেশীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে সমুদ্র বিষয়ক উচ্চশিক্ষা ও গবেষণায় সমৃদ্ধি ও উৎকর্ষতা আনয়নে সমুদ্র সম্পদের সুষ্ঠু ব্যবহার ও সুনীল অর্থনীতির গুরুত্ব নিশ্চিত করতে বহুমুখী পরিকল্পনা গ্রহণ করে। বিএসএমআরএমইউ প্রতিষ্ঠার পর জানুয়ারি ২০১৭ থেকে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ যাত্রা শুরু করে। উক্ত অনুষদের অধীন বর্তমানে স্নাতক পর্যায়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষ হতে ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগে B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রাম, ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগে B.Sc. (Hons) in Marine Fisheries প্রোগ্রাম এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগে ২০১৮-১৯ শিক্ষাবর্ষ হতে Masters in Marine Biotechnology প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে। এছাড়া ভবিষ্যতে উক্ত অনুষদে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগসমূহ খোলার পরিকল্পনা রয়েছেঃ

- ডিপার্টমেন্ট অব মাইনিং
- ডিপার্টমেন্ট অব মেরিন বায়োলজি
- ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্ট স্টাডিস
- ডিপার্টমেন্ট অব ল্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন, ওয়েট ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট

## অনুষদের অধীন বিভাগ ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান

| বিভাগের নাম | প্রোগ্রাম | শিক্ষাবর্ষ | মোট শিক্ষার্থী |
|---|---|---|---|
| ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ | বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি | ২০১৬-১৭ | ২৯ |
| | | ২০১৭-১৮ | ৩৬ |
| | | ২০১৮-১৯ | ৪১ |
| | | ২০১৯-২০ | ৩৮ |
| মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ | ২০১৯-২০ | ৩৫ |
| জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ২০১৮-১৯ | ৪ |
| | | ২০১৯-২০ | ৫ |
| | | অনুষদে মোট শিক্ষার্থী | ১৮৮ |

## আর্থ এ্যান্ড ওশান সায়েন্স অনুষদের অধীন বিভাগসমূহের শিক্ষকবৃন্দঃ

১. ইঃ কমডোর মোহাম্মদ জসীম উদ্দিন, (এইচ), বিএন, ডিন
২. ড. আফতাব আলম খান, অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।
৩. ড. মুহাম্মদ নাজির হোসেন, সহযোগী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ।
৪. লেঃ কমান্ডার লুৎফর রহমান, (এইচ ২), বিএনভিআর, সহকারী অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।
৫. ড. মোঃ মোরশেদুল আলম, সহকারী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ।
৬. ড. এস. এম মোস্তাফিজুর রহমান, সহকারী অধ্যাপক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।
৭. মারুফা ইসহাক, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।
৮. মোঃ মাসুদ-উল-আলম, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।
৯. মোসা: ইসরাত জাহান মিলি, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ।

### কর্মকর্তা পরিসংখ্যান

মাহ্দী হাসান, সেকশন অফিসার, ডিন অফিস, এফইওএস।

# অনুষদের একাডেমিক কার্যক্রম

### স্নাতক ১ম বর্ষের ভর্তির কার্যক্রম

ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের অধীনে বর্তমানে বিএসসি ইন ওশানোগ্রাফি প্রোগ্রামের চারটি ব্যাচের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত বিভাগে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ৪র্থ ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম সম্পাদনের জন্য নভেম্বর ২০১৯ এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং মেধাতালিকার ভিত্তিতে ৪র্থ ব্যাচে ৩৮ জন শিক্ষার্থী ভর্তি করা হয়। মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগের অধীনে ২০১৯-২০ শিক্ষাবর্ষে বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ এর ১ম ব্যাচে ৩৫ জন শিক্ষার্থী ভর্তি করা হয়। গত ১২ জানুয়ারি ২০২০ তারিখে উক্ত ব্যাচের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি।

## ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের শিক্ষার্থীদের ফিল্ডট্রিপ

### ফিল্ডট্রিপ (১ম ব্যাচ, ৬ষ্ঠ সেমিস্টার)

ডিন (এফইওএস) ইঃ কমডোর এম জসিম উদ্দীন, (এইচ), বিএন এর তত্ত্বাবধানে ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (১ম ব্যাচ) ৬ষ্ঠ সেমিস্টারের ২৯ জন শিক্ষার্থী (২৪ জন ছাত্র এবং ০৫ জন ছাত্রী), ০১ জন অধ্যাপক (পুরুষ), ০২ জন সহকারী অধ্যাপক, ০১ জন প্রভাষক গত ০১-০৫ জানুয়ারি ২০২০ পর্যন্ত ০৫ দিন ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে কক্সবাজার ও সেন্টমার্টিন গমন করেন। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা জিওমরফোলজিক্যাল গঠন, গবেষণায় নমুনা সংগ্রহ, কোরাল রীফ জীববৈচিত্র্য পর্যবেক্ষণ, ছেড়া দ্বীপ বাস্তুতন্ত্রের উপর প্রশিক্ষণ ও গবেষণায় নমুনা সংগ্রহ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে।

### ফিল্ডট্রিপ (২য় ব্যাচ, ৪র্থ সেমিস্টার

ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (২য় ব্যাচ) ৪র্থ সেমিস্টারের ৩৬ জন শিক্ষার্থী (২১ জন ছাত্র এবং ১৫ জন ছাত্রী), ০১ জন সহকারী অধ্যাপক (পুরুষ), ০২ জন প্রভাষক, ডিন (এফইওএস) ইঃ কমডোর এম জসিম উদ্দীন, (এইচ), বিএন এর তত্ত্বাবধানে গত ১৩-২৪ অক্টোবর ২০১৯ পর্যন্ত ১২ দিন ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে চট্টগ্রাম ও কক্সবাজার গমন করেন। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা মেরিন প্লাংটোলজি ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সমুদ্রবিজ্ঞান ইনস্টিটিউটে বায়োলজিক্যাল ওশানোগ্রাফি বিষয়ে ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করে। একই সাথে কক্সবাজার অবস্থানকালীন সময়ে Sedimentology এর উপর ব্যবহারিক প্রশিক্ষণ এবং ফিল্ড ভিজিটের অংশ হিসেবে শিক্ষার্থীরা বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, সৈকত খনিজ বালি আহরণ কেন্দ্র, কক্সবাজার, বাংলাদেশ সামুদ্রিক মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ফিশ এবং শ্রীম্প হ্যাচারী পরিদর্শন এবং কক্সবাজার হতে টেকনাফ পর্যন্ত সমুদ্র উপকুলবর্তী এলাকায় অবস্থিত বিভিন্ন Geological Formation সম্বন্ধে জ্ঞান লাভ করে।



*Students Visit at Bangladesh Oceanographic Research Institute*



*Students survey at Cox's Bazar Beach*

### ফিল্ডট্রিপ (৩য় সেমিস্টার)

ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (৩য় ব্যাচ) ২য় সেমিস্টারের ৪৫ জন শিক্ষার্থী (৩৪ জন ছাত্র এবং ১১ জন ছাত্রী), ০১ জন অধ্যাপক, ০২ জন সহকারী অধ্যাপক ডিন (এফইওএস) ইঃ কমডোর এম জসিম উদ্দীন, (এইচ), বিএন এর তত্ত্বাবধানে গত ২৬ আগস্ট হতে ৬ সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত ১২ দিনের জন্য ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে চট্টগ্রাম গমন করেন। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা লেভেলিং থিয়োডোলাইট, টোটাল স্টেশন, জিপিএস, ডিজিপিএস ইত্যাদি যন্ত্রপাতির উপর ব্যবহারিক প্রশিক্ষণ, হাইড্রোগ্রাফি সার্ভে যন্ত্রপাতির পরিচিতি ও অপারেশন

এর উপর বিস্তারিত ধারণা গ্রহণ, এমবিইএস এবং এসবিইএস সার্ভে এর উপর দিনব্যাপী সমুদ্রে প্রশিক্ষণ, ডেটা প্রসেসিং এর উপর ব্যবহারিক ধারণা গ্রহণ, কেটাগ্রাফি এবং প্রডাক্টশন অব ইএনসি এর উপর ধারণা গ্রহণ, ইন্ট্রডাক্টশন এবং ইনসিস্টু সেম্পল কালেকশন এর উপর প্রশিক্ষণ গ্রহণ করে। এছাড়াও চট্টগ্রামে অবস্থিত ফিশারিজ মিউজিয়াম পরিদর্শন, মেরিন ফিশারিজ একাডেমি এবং ফিশিং ট্রলার পরিদর্শন করে।




*ফিল্ডট্রিপ (৩য় সেমিস্টার)*

## জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগ

### ফিল্ডট্রিপ (১ম ব্যাচ, ৩য় সেমিস্টার)

ডিপার্টমেন্ট অব জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের অধীন Masters in Marine Biotechnology প্রোগ্রামের ২০১৮-১৯ সেশনের (১ম ব্যাচ) ৩য় সেমিস্টারের ০৫ জন শিক্ষার্থী (০৪ জন ছাত্র এবং ০১ ছাত্রী) ০৮-২২ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ১৪ দিনের জন্য বহিঃ বাংলাদেশ ইন্টার্নশিপ/ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে Monas University, Malaysia গমন করেন এবং সফলভাবে প্রশিক্ষণ সমাপ্ত করে দেশে প্রত্যাবর্তন করেন।

### অনুষদের অধীনে বিভিন্ন বিভাগের ল্যাব কার্যক্রম

শিক্ষার্থীদের অভ্যন্তরীণ ল্যাবরেটরি সুবিধা প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারিত পদ্মা ভবনে আধুনিক সুবিধা সম্বলিত মেরিন বায়োলজিক্যাল ল্যাব, বায়োলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব, ফিজিক্যাল অ্যান্ড জিয়োলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব স্থাপন করা হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয় ১৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখে নতুন স্থাপিত ল্যাব উদ্বোধন করেন। এছাড়াও মেরিন ফিশারিজ ল্যাব স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।




*ল্যাবে প্রশিক্ষনরত শিক্ষার্থীবৃন্দ*

### ল্যাব যন্ত্রপাতি ক্রয়

আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের ল্যাব সমূহ সমৃদ্ধ করণের মাধ্যমে ব্যবহারিক শিক্ষা ও গবেষণার কার্যক্রম যুগোপযোগী করণের নিমিত্তে মেরিন বায়োলজিক্যাল ল্যাব, বায়োলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব ও মেরিন ফিশারিজ ল্যাব এর জন্য বেশ কিছু সংখ্যক ল্যাব যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন করা হয়েছে।

## জেনারেল স্টাডিজ অনুষদ

বিশ্ববিদ্যালয়ের জেনারেল স্টাডিজ অনুষদের একাডেমিক কার্যক্রম চালু রয়েছে যা বর্তমানে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ, মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ, শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ এবং মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদকে শিক্ষা কার্যক্রমে সহায়তা করছে। উক্ত অনুষদের অধীনে ইংরেজি, বাংলা, রসায়ন, পদার্থ বিজ্ঞান এবং গণিত বিষয়ে মোট ০৮ জন শিক্ষকের নিয়োগ প্রদান করা হয়েছে যারা বিভিন্ন বিভাগে সংশ্লিষ্ট কোর্সসমূহে পাঠদান করছেন। ভবিষ্যতে উক্ত অনুষদে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে:

- ইংরেজি বিভাগ
- গণিত বিভাগ
- পদার্থ বিজ্ঞান বিভাগ
- রসায়ন বিজ্ঞান বিভাগ
- বায়োক্যামিস্ট্রি বিভাগ
- সোশাল সায়েন্স অ্যান্ড অ্যানথ্রোপালজি বিভাগ
- ম্যাটেরিয়াল সায়েন্স বিভাগ
- আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
- ইতিহাস বিভাগ

### জেনারেল স্টাডিজ অনুষদের অধীন পরিচালিত ল্যাব সমূহ

১. ইঃ কমডোর মোহাম্মদ জসীম উদ্দিন, (এইচ), বিএন, ডিন
২. ড. মোহাম্মদ তানজিল হাসান, সহকারী অধ্যাপক, গণিত বিভাগ।
৩. ড. মোঃ আবুল হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ।
৪. ড. ফেরদৌসী বেগম, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ।
৫. খন্দকার আতিকুর রহমান, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ।
৬. রাজু আহম্মেদ, প্রভাষক, ইংরেজি বিভাগ।
৭. ফারহানা আক্তার, প্রভাষক, রসায়ন বিভাগ।
৮. নুসরাত জাহান, প্রভাষক, পদার্থবিজ্ঞান বিভাগ।
৯. স্বর্ণা দত্ত, প্রভাষক, বাংলা বিভাগ।

### জেনারেল স্টাডিজ অনুষদের অধীন পরিচালিত ল্যাব সমূহ

জেনারেল স্টাডিজ অনুষদের অধীনে ব্যবহারিক প্রশিক্ষণের নিমিত্তে পদার্থ বিজ্ঞান ল্যাব, রসায়ন ল্যাব ও কেমিক্যাল ওশানোগ্রাফি ল্যাব বিদ্যমান আছে। উক্ত ল্যাব সমূহে ব্যবহারিক প্রশিক্ষণের সুযোগ সুবিধা ও পরিধি আরও বৃদ্ধির নিমিত্তে বেশ কিছু সংখ্যক ল্যাব যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন করা হয়েছে।

## মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ

### Lecture Session আয়োজন



*"Lecture Session" – এ বক্তব্যরত Prof. Dr. Christopher David Bellamy*

ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ এর উদ্যোগে গত ৩০ নভেম্বর ২০১৯ হতে ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট, মাস্টার ইন মেরিটাইম সায়েন্স, মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ, এলএলএম মেরিটাইম ল' এবং মাস্টার ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এর বিভিন্ন কোর্সের উপর ০৬ দিন ব্যাপী লেকচার সেশনের আয়োজন করা হয়। উক্ত লেকচার সেশনটি পরিচালনা করেন Prof. Dr. Christopher David Bellamy, Emeritus Professor, University of Greenwich, London, UK। উক্ত লেকচার সেশনে ক্যাপ্টেন ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন, বিভাগীয় প্রধান, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ, চীফ কো অর্ডিনেটর এর দায়িত্ব পালন করেন। আয়োজিত লেকচার সেশনে অত্র বিশ্ববিদ্যালয়ের এমপিএসএম - ৪র্থ ও ৫ম ব্যাচ, এমএমএস - ১ম ও ২য় ব্যাচ, এলএলএম - ৪র্থ ও ৫ম ব্যাচ, এমডিএসএস - ১ম ব্যাচ, এমএমবি - ২য় ও ৩য় ব্যাচ এবং এমটিএইচএম - ১ম ব্যাচ-এর সকল শিক্ষার্থী এবং শিক্ষকগণ অংশগ্রহণ করেন।

## IST ২০১৯: অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল, পানগাঁও এবং ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়নগঞ্জ পরিদর্শন





*পরিদর্শনে অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ*

ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এর এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' প্রোগ্রামের শিক্ষার্থী এবং শিক্ষকগণ LLB (Hon's) প্রোগ্রামের কারিকুলামের অংশ হিসেবে গত ০১ ও ০২ অক্টোবর ২০১৯ তারিখে যথাক্রমে অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল, পানগাঁও এবং ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের মাধ্যমে শিক্ষার্থীগণ কন্টেইনার টার্মিনাল এবং ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর যাবতীয় কার্যক্রম সম্পর্কে সম্যক ব্যবহারিক জ্ঞান লাভ করে।

## সেমিনার "Prospects & Challenges of Maritime Law Professionals"




*সেমিনারে উপস্থিত প্রধান অতিথি, প্রবন্ধ উপস্থাপনকারী ও অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দ*

বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি - এর উদ্যোগে গত ২৩ জুলাই ২০১৯ তারিখে "Prospects & Challenges of Maritime Law Professionals" শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, উপাচার্য, বিএসএমআরএমইউ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মাননীয় বিচারপতি জনাব এ.এফ.এম আব্দুর রহমান, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং জনাব মোঃ আসাদুজ্জামান, সহযোগী অধ্যাপক, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসেফিক উক্ত সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন। আয়োজিত সেমিনারে এলএলএম মেরিটাইম ল' প্রোগ্রামের ৪র্থ ব্যাচ এবং এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' প্রোগ্রামের ১ম ব্যাচের সকল শিক্ষার্থী অংশগ্রহণ করে।

## সার্টিফিকেট কোর্সের সনদপত্র বিতরণ অনুষ্ঠান




*অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি, অংশগ্রহণকারী শিক্ষার্থী, শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ*

বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি কর্তৃক গত ২৯ অক্টোবর ২০১৯ তারিখে Freight Forwarding; Dangerous Goods Handling; Supply Chain Management; Project Management এবং International Humanitarian Law শীর্ষক ০৫টি সার্টিফিকেট (শর্ট) কোর্স সফলভাবে সম্পন্নকারী শিক্ষার্থীগণের মধ্যে সনদপত্র বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি। ফ্যাকাল্টির ডিন কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয়ের অনুষদ সদস্য ও সংশ্লিষ্ট রিসোর্স পারসন উপস্থিত ছিলেন। উল্লেখ্য, সর্বমোট ১৩২ জন শিক্ষার্থী উক্ত সার্টিফিকেট কোর্সসমূহ সাফল্যের সাথে সমাপ্ত করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, সকল ডিন, শিক্ষকগণসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## মুট কোর্ট - ২০২০



*মুটকোর্ট এর ফাইনাল সেশন এর একটি আলোকচিত্র*

বিশ্ববিদ্যালয়ের চলমান এলএলএম মেরিটাইম ল' প্রোগ্রামের পাঠ্যক্রমের অংশ হিসেবে গত ২০ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিশ্ববিদ্যা-লয়ের অস্থায়ী ক্যাম্পাসে এলএলএম মেরিটাইম ল' প্রোগ্রামের শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে DEV-508: Law

Clinic & Moot Court -2 কোর্সের অধীনে "মুট কোর্ট" পরিচালনা করা হয়। বাংলাদেশ সুপ্রিম কোর্টের এডমিরাল্টি বেঞ্চের মাননীয় বিচারপতি এএফএম আব্দুর রহমান উক্ত মুট কোর্ট পরিচালনা করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, ডিন কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর সহ সংশ্লিষ্ট রিসোর্স পারসনগণ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ, শিক্ষার্থী এবং কর্মকর্তাগণ উক্ত প্রোগ্রামে উপস্থিত ছিলেন। শিক্ষার্থীদের ভবিষ্যত পেশাগত দক্ষতা উন্নয়নে এই মুট কোর্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে অংশগ্রহণকারীগণ আশাবাদ ব্যক্ত করেন।

## সেমিনার "International Humanitarian Law"



"International Humanitarian Law" -সেমিনারে উপস্থিত প্রধান অতিথি, প্রবন্ধ উপস্থাপনকারী, শিক্ষকগণ ও শিক্ষার্থীবৃন্দ

"International Humanitarian Law" শীর্ষক একটি সেমিনার অত্র বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এবং International Committee of the Red Cross (ICRC) -এর উদ্যোগে যৌথভাবে গত ১০ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সেমিনারে জনাব মাসরুর বিন আনছারী এবং জনাব মোহাম্মদ শাহনুর রহমান প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে মাসরুর বিন আনছারী এবং জনাব মোহাম্মদ শাহনুর রহমান প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার কমডোর এ এম কামরুল হক, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডিসি, পিএসসি, বিএন উপস্থিত ছিলেন।

## ওরিয়েন্টেশন প্রোগ্রাম (মাস্টার্স) - অক্টোবর ২০১৯



*ওরিয়েন্টেশন প্রোগ্রাম (মাস্টার্স অক্টোবর- ২০১৯)-এ অংশগ্রহণকারী শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ*

গত ১৪ অক্টোবর ২০১৯ তারিখে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এর অধীনে এলএলএম মেরিটাইম ল' প্রোগ্রামের ৫ম ব্যাচ এবং মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ প্রোগ্রামের ১ম ব্যাচের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করা হয়। উক্ত প্রোগ্রামে রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, ভাইস চ্যান্সেলর, বিএসএমআরএমইউ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, ডিন, এফএমজিপি উক্ত ওরিয়েন্টেশন প্রোগ্রামে সভাপতিত্ব করেন। অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, শিক্ষকগণ ও শিক্ষার্থী বৃন্দ উপস্থিত ছিলেন। প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের শৃংখলা বিধিমালা, লাইব্রেরি নীতিমালা, নিরাপত্তা, পরীক্ষা বিধিমালা এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়।

## ওরিয়েন্টেশন প্রোগ্রাম (স্নাতক) - জানুয়ারি ২০২০



*ওরিয়েন্টেশন প্রোগ্রাম এ অংশগ্রহণকারী শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ*

গত ১২ জানুয়ারি ২০২০ তারিখে ২০১৯-২০২০ সেশন এর ১ম সেমিস্টারে ভর্তিকৃত স্নাতক (সম্মান) পর্যায়ের শিক্ষার্থীদের

ওরিয়েন্টেশন প্রোগ্রাম শহীদ মোয়াজ্জেম হল, মিরপুর -১৪ এ আয়োজন করা হয়। উক্ত প্রোগ্রামে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিশ্ব বিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, সকল ডিন, শিক্ষকগণ, কর্মকর্তাগণ এবং শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের শৃঙখলা বিধিমালা, লাইব্রেরি নীতিমালা, নিরাপত্তা, পরীক্ষা বিধিমালা এবং বিশ্ববিদ্যালয়ের সার্বিক আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়।

## বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান

| অনুষদ | | প্রোগাম | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি | মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ | এলএলএম মেরিটাইম ল'- ৫ম ব্যাচ | ১৩ | ১১ | ০২ |
| | | এলএলএম মেরিটাইম ল'- ৪র্থ ব্যাচ | ১৩ | ১০ | ০৩ |
| | | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ১ম ব্যাচ | ৩৬ | ২০ | ১৬ |
| | | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ২য় ব্যাচ | ৩৮ | ২৭ | ১১ |
| | মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ | মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ | ০৮ | ০৮ | ০০ |

### শিক্ষক পরিসংখ্যান

১ কমডোর এম জাহাঙ্গীর আলম, (ই), এনইউপি, এনডিসি, পিএসসি, বিএন, ডিন, এফএমজিপি।

২। ক্যাপ্টেন ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন, বিভাগীয় প্রধান, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ।

৩। ড. মোঃ ফয়েজ উদ্দিন, অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ (চুক্তিভিত্তিক)।

৪। ইঃ লেঃ কমান্ডার শারমিন সুলতানা, বিএন, সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ।

৫। জনাব মোঃ ছাইয়েদুল ইসলাম, সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ (শিক্ষা ছুটি)।

৬। জনাব মানছুরা আক্তার, সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ।

৭। মোঃ আশরাফুল আলম, প্রভাষক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ (শিক্ষা ছুটি)।

৮। জেনিফার নেছা পপি, প্রভাষক, মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ (চুক্তিভিত্তিক)।

### কর্মকর্তা পরিসংখ্যান

১। মাহমুদা মালেক, সেকশন অফিসার, এফএমজিপি।

# শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ

### ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ কোর্সের উদ্বোধন




গত ০১ জুলাই ২০১৯ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর মিরপুরস্থ অস্থায়ী ক্যাম্পাসে বাংলাদেশ মেরিন একাডেমির ০১-২৬ ব্যাচের প্রাক্তন ক্যাডেটদের জন্য ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ (বিশেষায়িত স্নাতক) প্রোগ্রামের উদ্বোধন হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন এর ডিন কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা ও প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে শিক্ষার্থীদের বিশেষায়িত এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হওয়ায় গভীর আনন্দ ও উচ্ছ্বাসের সাথে স্বাগত জানিয়ে বরণ করে নেয়া হয়। পরবর্তীতে শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা, নিরাপত্তা ও পরিবেশসহ বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়।

### সেমিনার "CHALLENGES OF OCEAN GOVERNANCE IN BANGLADESH".




*সেমিনারে উপস্থিত রিসোর্স পারসনদের সাথে উপাচার্য মহোদয়*

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন, বিএসএমআরএমইউ এর উদ্যোগে গত ২৫ জুলাই ২০১৯ তারিখ "CHALLENGES OF OCEAN GOVERNANCE IN BANGLADESH" বিষয়ক একটি সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, উপাচার্য, বিএসএমআরএমইউ প্রধান অতিথি এর আসন অলংকৃত করেন।

উক্ত সেমিনারে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত থেকে প্রবন্ধ উপস্থাপন করেন রিয়ার এডমিরাল (অবঃ) মুহাম্মদ আনোয়ারুল ইসলাম, ফর্মার এসডিএস (বিএন) এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের ব্লু- ইকোনমি সেলের অতিরিক্ত সচিব ড. গোলাম শফিউদ্দিন, এনডিসি ।

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন- এর সাবেক ডিন, কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, বিএন (অবঃ) উক্ত সেমিনারটি পরিচালনা করেন। সেমিনারে মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও এলএলএম মেরিটাইম ল' প্রোগ্রামদ্বয়ের ৪র্থ ব্যাচ, মাস্টার ইন মেরিটাইম বিজনেস এর ২য় ও মাস্টার ইন মেরিটাইম সায়েন্স প্রোগ্রামের ১ম ব্যাচের সকল শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাগণ সেমিনারে উপস্থিত ছিলেন।

### ওয়ার্কশপ অন ফটোগ্রাফী

বিশ্ববিদ্যালয়ের ফটোগ্রাফী ক্লাব কর্তৃক গত ২২ ও ২৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে "ফটোগ্রাফী ওয়ার্কশপ" অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি এর আসন অলংকৃত করেন ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন- এর সাবেক ডিন, কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, বিএন (অবঃ) এবং রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন মুজিবুর রহমান খান ও শেখর রহমান খান, শিক্ষক, এ্যালিয়েন্স ফ্রান্সচাইজি ডি ঢাকা। অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ - এর বিভিন্ন প্রোগ্রামের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। ফটোগ্রাফী ক্লাবের কো-অর্ডিনেটর ও সদস্য কর্তৃক আয়োজিত "ফটোগ্রাফী ওয়ার্কশপ" টি সফলভাবে পরিচালনা করা হয়।

## অভ্যন্তরীণ শিক্ষা সফর (IST) ২০১৯-২০২০

### অভ্যন্তরীণ শিক্ষা সফর - মাস্টার্স প্রোগ্রাম



*অভ্যন্তরীণ শিক্ষা সফর (IST) -২০১৯- এ অংশগ্রহণকারী মাস্টার্স প্রোগ্রামের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ*

মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে পরিচিতির লক্ষ্যে মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ও এলএলএম মেরিটাইম ল' (৫ম ব্যাচ), মাস্টার ইন মেরিটাইম বিজনেস (৩য় ব্যাচ) এবং মাস্টার ইন মেরিটাইম সায়েন্স (২য় ব্যাচ) - প্রোগ্রামসমূহের ৫৯ জন শিক্ষার্থীসহ, শিক্ষক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে গত ০১, ০২ ও ০৬ জানুয়ারি ২০২০ তারিখে একটি অভ্যন্তরীণ শিক্ষা সফর আয়োজন করা হয়। উক্ত শিক্ষা সফরে ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন এবং ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর ডিন কমডোর আনিছুর রহমান মোল্লা, এনইউপি, পিএসসি, বিএন নেতৃত্ব প্রদান করেন। উক্ত শিক্ষা সফরে সফরকারী দল ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ, শিপিং কর্পোরেশন, বিআইডব্লিউটিএ ভবন, মতিঝিল ও পানগাঁও অভ্যন্তরীণ কনটেইনার টার্মিনাল, নারায়ণগঞ্জ পরিদর্শন করে।



অভ্যন্তরীণ শিক্ষা সফর (IST) -২০১৯- এ অংশগ্রহণকারী অনার্স প্রোগ্রামের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ

মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান সম্পর্কে সম্যক ধারণা অর্জনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ প্রোগ্রামের ১ম ব্যাচ এর ৩৪ জন শিক্ষার্থীসহ, শিক্ষক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে গত ১৫-১৭ ডিসেম্বর ২০১৯ তারিখে একটি অভ্যন্তরীণ শিক্ষা সফর আয়োজন করা হয়। উক্ত শিক্ষা সফরে ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন এর ডিন কমডোর আনিছুর রহমান মোল্লা, এনইউপি, পিএসসি, বিএন নেতৃত্ব প্রদান করেন। শিক্ষা সফরে সফরকারী দল পায়রা বন্দর ও পায়রা পাওয়ার প্ল্যান্ট পরিদর্শন করেন।

অভ্যন্তরীণ শিক্ষাসফর শিক্ষার্থীদের মাঝে দেশের সামগ্রিক অর্থনীতিতে মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সার্বিক অবদান সম্পর্কে জ্ঞান লাভের সুযোগ সৃষ্টি করবে বলে আশা করা যায়।

## একাডেমিক কার্যক্রম

### মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট প্রোগ্রামটিতে ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ দুইটি শিক্ষাবর্ষে যথাক্রমে ৪র্থ ব্যাচ ও ৫ম ব্যাচ দুইটির একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে ৪র্থ ব্যাচের ৩য় সেমিস্টার ও ৫ম ব্যাচের ১ম সেমিস্টার চলমান রয়েছে।

### মাস্টার ইন মেরিটাইম সায়েন্স

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ মাস্টার ইন মেরিটাইম সায়েন্স প্রোগ্রামটিতে ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ দুইটি শিক্ষাবর্ষে যথাক্রমে ১ম ব্যাচ ও ২য় ব্যাচ এর একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে ১ম ব্যাচের ৩য় সেমিস্টার ও ২য় ব্যাচের ১ম সেমিস্টার চলমান রয়েছে।

### বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ প্রোগ্রামটিতে ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ দুইটি শিক্ষাবর্ষে যথাক্রমে ১ম ব্যাচ ও ২য় ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে ১ম ব্যাচের ২য় বর্ষের ১ম সেমিস্টার এবং ২য় ব্যাচের ১ম বর্ষের ১ম সেমিস্টার চলমান রয়েছে।

## কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থী পরিসংখ্যান

### কর্মকর্তা পরিসংখ্যান

১। কমডোর আনিছুর রহমান মোল্লা, এনইউপি, পিএসসি, বিএন, ডিন, এফএসএ।

২। মাহমুদা বেগম, সেকশন অফিসার, এফএসএ।

### শিক্ষক পরিসংখ্যান

| ক্রমিক নং | নাম | পদবী | বিভাগ |
|---|---|---|---|
| ক। | ক্যাপ্টেন কাজী আলি ইমাম | অধ্যাপক | পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট |
| খ। | কমান্ডার এম দুরুল হুদা | সহযোগী অধ্যাপক | |
| গ। | খন্দকার রাসেল হাসান | সহকারী অধ্যাপক (শিক্ষা ছুটিতে বহিঃবিশ্বে অবস্থানরত) | |
| ঘ। | মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী | সহকারী অধ্যাপক (শিক্ষা ছুটিতে বহিঃবিশ্বে অবস্থানরত) | |
| ঙ। | সুনন্দা মজুমদার | প্রভাষক | |
| চ। | মোঃ মোস্তফা আজিজ শাহীন | প্রভাষক | |
| ছ। | মোঃ আরিফ মাহমুদ | সহকারী অধ্যাপক | মেরিটাইম সায়েন্স |
| জ। | দেওয়ান মাজহারুল ইসলাম | প্রভাষক | |
| ঝ। | নাজমুস সাকিব | প্রভাষক | |

## বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান

| অনুষদ | প্রোগাম | ব্যাচ | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| ফ্যাকাল্টি অব শিপিং এ্যাডমিনিস্ট্রেশন | মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | অক্টোবর ২০১৮ ৪র্থ ব্যাচ | ১৮ | ১৮ | ০ |
| | | অক্টোবর ২০১৯ ৫ম ব্যাচ | ১৫ | ১৪ | ১ |
| | মাস্টার ইন মেরিটাইম সায়েন্স | অক্টোবর ২০১৮ ১ম ব্যাচ | ৭ | ৫ | ২ |
| | | অক্টোবর ২০১৯ ২য় ব্যাচ | ৪ | ২ | ২ |
| | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ | জানুয়ারি ২০১৯ (১ম ব্যাচ) | ৩৪ | ২৪ | ১০ |
| | | জানুয়ারি ২০২০ (২য় ব্যাচ) | ৩৬ | ২৪ | ১২ |

## খণ্ডকালীন শিক্ষকগণের পরিসংখ্যান

| শিক্ষকদের নাম | পদবী | ঠিকানা |
|---|---|---|
| এম মাসুদুজজামান | অধ্যাপক | এলপিআর, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| আবু হেলাল মোঃ আব্দুল বাকি | অধ্যাপক (অবঃ) | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| মোঃ মোহসিন রেজা | সহযোগী অধ্যাপক | বিইউপি, মিরপুর, ঢাকা |
| ড. মোঃ আব্দুস সালাম আকন্দ | অধ্যাপক | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| রুবায়াত সাইমুম চৌধুরী | সহকারী অধ্যাপক | সান্তা-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি |
| মোঃ রিয়াজ হাসান খন্দকার | অধ্যাপক | ডিপার্টমেন্ট অব নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং, এমআইএসটি, ঢাকা |

# মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ

## Internal Study Tour (IST)- ২০১৯





*Internal Study Tour (IST) -এ অংশগ্রহণকারী অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ*

বিশ্ববিদ্যালয়ের চলমান শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে গত ১৬-১৯ জুলাই ২০১৯ তারিখে ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ (এফএমবিএস) কর্তৃক আয়োজিত Internal Study Tour এ এমবিএ ইন মেরিটাইম বিজনেস ২য় ব্যাচ, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ৪র্থ ব্যাচ, এল এল এম মেরিটাইম ল' ৪র্থ ব্যাচ, মেরিটাইম সায়েন্স ১ম ব্যাচ প্রোগ্রামের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীসহ ৩৫ সদস্যের একটি দল চট্টগ্রাম বন্দর ও কক্সবাজার ভ্রমণ করেন।

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর সাবেক ডিন কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর উক্ত শিক্ষা সফরের নেতৃত্ব প্রদান করেন। সফরকালীন সময়ে শিক্ষার্থীগণ চট্টগ্রাম বন্দর, নৌবাহিনীর বিভিন্ন জাহাজ ও কক্সবাজার সমুদ্র সৈকত পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে মত বিনিময় করেন। পাশাপাশি সফরকারী দল বিভিন্ন ঐতিহাসিক স্থান পরিদর্শন করেন ও সমুদ্র সৈকতে একটি পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে। দেশের সর্ববৃহৎ সমুদ্র বন্দরসহ বিভিন্ন ঐতিহাসিক স্থান পরিদর্শন শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান ও দক্ষতা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং প্রতিষ্ঠানের অগ্রগতিতেও সুদূরপ্রসারী ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

# একাডেমিক কার্যক্রম

## এমবিএ ইন মেরিটাইম বিজনেস

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর অধীনস্থ উল্লেখিত এ প্রোগ্রামটিতে ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ দুইটি শিক্ষাবর্ষে যথাক্রমে ২য় ব্যাচ ও ৩য় ব্যাচ এর একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে ২য় ব্যাচের ৪র্থ সেমিস্টার ও ৩য় ব্যাচের ২য় সেমিস্টার চলমান।

## এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর অধীনস্থ উল্লেখিত এ প্রোগ্রামটিতে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে ১ম ব্যাচের ২য় সেমিস্টার চলমান রয়েছে।

# কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থী পরিসংখ্যান

## কর্মকর্তা পরিসংখ্যান

১। কমডোর আনিছুর রহমান মোল্লা, এনইউপি, পিএসসি, বিএন, ডিন, এফএমবিএস।

২। মাহমুদা বেগম, সেকশন অফিসার, এফএমবিএস। (অতিরিক্ত দায়িত্ব)

## শিক্ষক পরিসংখ্যান

| ক্রমিক নং | নাম | পদবী | বিভাগ |
|---|---|---|---|
| ১। | ড. সৈয়দ রাসিদুল হাসান | অধ্যাপক | মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট |
| ২। | ওয়াহিদুল শেখ | সহকারী অধ্যাপক | ম্যানেজমেন্ট |
| ৩। | মোহাম্মদ মোমতাজুল হক আজাদ | সহকারী অধ্যাপক | |
| ৪। | আরিফুল ইসলাম | প্রভাষক | |

## বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান

| অনুষদ | প্রোগ্রাম | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|
| ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ | এমবিএ ইন মেরিটাইম বিজনেস- ২য় ব্যাচ | ৫ | ৩ | ২ |
| | এমবিএ ইন মেরিটাইম বিজনেস- ৩য় ব্যাচ | ৮ | ৬ | ২ |
| | এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ৫ | ৩ | ২ |

## খণ্ডকালীন শিক্ষকগণের পরিসংখ্যান

| শিক্ষকদের নাম | পদবী | ঠিকানা |
|---|---|---|
| আহমেদুল করিম চৌধুরী | টার্মিনাল ম্যানেজার | ঢাকা ইনল্যান্ড কনটেইনার ডিপো (আইসিডি), অতীশ দিপঙ্কর রোড, কমলাপুর, ঢাকা |
| মোঃ খাইরুল আলম | সহকারী অধ্যাপক | বিজনেস স্কুল, সাউথইস্ট বিশ্ববিদ্যালয়, ঢাকা |
| ড. আবুল বাশার | সহকারী অধ্যাপক | ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি |
| ড. গৌরাঙ্গ চন্দ্র দেবনাথ | সহযোগী অধ্যাপক | বিজনেস এডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট, ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি |
| এম রফিকুল হাসান | ম্যানেজিং ডিরেক্টর | দি ব্যাঙ্গল লজিস্টিক লিমিটেড |
| ড. এম কামরুল হাসান | সহযোগী অধ্যাপক | ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয় |

# ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ

## অভ্যন্তরীণ শিক্ষা সফর ২০১৯

বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২য় ব্যাচের শিক্ষার্থীগণ গত ২৫-২৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখ খুলনা অঞ্চলের বিভিন্ন মেরিটাইম প্রতিষ্ঠান (মোংলা পোর্ট অথরিটি, খুলনা শিপইয়ার্ড লিঃ) ও বাংলাদেশের কৃষ্টি, সংস্কৃতি ও ইতিহাস সংশ্লিষ্ট জাতির পিতা বঙ্গবন্ধুর সমাধি স্থান পরিদর্শন করে। উক্ত স্থান সমূহ পরিদর্শকালে শিক্ষার্থীদের সাথে বিশ্ববিদ্যালয়ের ডিন প্রফেসর কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর উপস্থিত ছিলেন।



*মোংলা পোর্ট অথরিটি পরিদর্শন*



*খুলনা শিপইয়ার্ড লিঃ পরিদর্শন*



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর সমাধি পরিদর্শন

## অভ্যন্তরীণ শিক্ষা সফর ২০১৯

বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ১ম ব্যাচের শিক্ষার্থীগণ গত ২৯-৩০ সেপ্টেম্বর ২০১৯ দুই দিনে যথাক্রমে ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ এবং অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল পানগাঁও পরিদর্শন করে।

## লেকচার সেশন

ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএম আরএমইউ এর উদ্যোগে গত ০৫ আগস্ট ২০১৯ তারিখ "An Overview of The Global Ship Recycling Industry" বিষয়ক একটি লেকচার সেশনের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে রিসোর্স পারসন হিসেবে সেমিনারটি পরিচালনা করেন Sefer Anil Gunbeyaz, Research Associate, Department of Naval Architecture, Ocean & Marine Engineering, University of Strathclyde, Glassgow, Scotland.



*"An Overview of The Global Ship Recycling Industry" লেকচার সেশন*

## বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যানঃ

| অনুষদ | প্রোগ্রাম | ১ম ব্যাচ | | ২য় ব্যাচ | | ৩য় ব্যাচ | | মোট শিক্ষার্থী |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট ছাত্র | মোট ছাত্রী | মোট ছাত্র | মোট ছাত্রী | মোট ছাত্র | মোট ছাত্রী | |
| ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি | বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | ২৪ | ০৫ | ২৯ | ০৬ | ২৪ | ১১ | ৯৯ |

### শিক্ষক পরিসংখ্যানঃ

১। প্রফেসর কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, এনজিপি, এফডিসি, পিএসপি, বিএন (অবঃ), ডিন, এফইটি (চুক্তিভিত্তিক)

২। ড. মোঃ সাদিকুল বারী, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং (চুক্তিভিত্তিক)

৩। মোঃ সাঈদী হাসান, সহকারী অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং

৪। আহনাফ রহমান, প্রভাষক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং

৫। মেহরান ইসলাম, প্রভাষক, নেভাল আর্কিটেকচার অফশোর ইঞ্জিনিয়ারিং

# উপাচার্য সচিবালয়ের কার্যক্রম

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির নিকট নাফিক-নেদারল্যান্ডের শিক্ষা সহায়তা মঞ্জুরিপত্র হস্তান্তর




*অনুষ্ঠানে মাননীয় শিক্ষা মন্ত্রী, মাননীয় শিক্ষা উপমন্ত্রী ও নেদারল্যান্ডের মান্যবর রাষ্ট্রদূত এর সঙ্গে উপাচার্য মহোদয়*

গত ২১ অক্টোবর ২০১৯ তারিখে দেশের মেরিটাইম সেক্টরে উন্নয়ন এবং বিশেষ করে মেরিটাইম উচ্চশিক্ষা ও গবেষণা নিশ্চিতকল্পে ঢাকাস্থ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ ও নেদারল্যান্ড ভিত্তিক শিক্ষা সংশ্লিষ্ট সংস্থা নাফিক-এর মধ্যে এক শিক্ষা সহায়তা মঞ্জুরিপত্র বিনিময় হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি, এমপি। এছাড়াও উপস্থিত ছিলেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি ও বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডের মান্যবর রাষ্ট্রদূত হেরি ভারওয়েজ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। উক্ত অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডের রাষ্ট্রদূত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের নিকট শিক্ষা সহায়তা মঞ্জুরিপত্র হস্তান্তর করেন।

অনুষ্ঠানে মাননীয় প্রধান অতিথি তার বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রণীত "ডেলটা প্ল্যান-২১০০" বাস্তবায়নে মেরিটাইম গবেষণা ও উচ্চশিক্ষার উপর গুরুত্বারোপ করেন এবং এক্ষেত্রে নেদারল্যান্ড সরকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির পাশাপাশি দেশের মেরিটাইম সেক্টরে ভবিষ্যত সহযোগিতা অব্যাহত রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন। মাননীয় শিক্ষা উপমন্ত্রী তার বক্তব্যে দেশের সার্বিক উন্নয়নে ব্লু-ইকোনমির সম্ভাবনা ও মেরিটাইম ইউনিভার্সিটির ভূমিকার উপর আলোকপাত করেন। নেদারল্যান্ডের রাষ্ট্রদূত তার বক্তব্যে

বাংলাদেশের মেরিটাইম খাতের পাশাপাশি অন্যান্য বিভিন্ন খাতে নেদারল্যান্ড সরকারের সহায়তা অব্যাহত রাখার প্রতিশ্রুতি প্রদান করেন। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল তার বক্তব্যে শিক্ষা সহায়তা মঞ্জুরির জন্য নেদারল্যান্ড সরকার এবং এই প্রজেক্টের সাথে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। অনুষ্ঠানে ডাচ প্রজেক্ট ডাইরেক্টর প্রকল্পের উপর একটি সংক্ষিপ্ত প্রেজেন্টেশন প্রদান করেন।

উল্লেখ্য, নাফিক অরেঞ্জ নলেজ প্রোগ্রাম এর অধীনে নেদারল্যান্ড সরকার বাংলাদেশের মেরিটাইম ও পোর্ট সেক্টর উন্নয়নের লক্ষ্যে উচ্চতর মেরিটাইম শিক্ষা ও গবেষণার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশকে মোট ০১ মিলিয়ন ইউরো অনুদানের অনুমোদন দেয়।

## ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যান পরিদর্শন



*ঐতিহাসিক সোহ্‌রাওয়ার্দি উদ্যান পরিদর্শনে ভাইস-চ্যান্সলর মহোদয় ও শিক্ষার্থীবৃন্দ*

গত ০৭ মার্চ ২০২০ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি এর একটি প্রতিনিধিদল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল-এর নেতৃত্বে ঐতিহাসিক ৭ই মার্চের স্মৃতিবিজড়িত সোহরাওয়ার্দী উদ্যান পরিদর্শন করেন। জাতির পিতা বঙ্গবন্ধুশেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের এই দিনে তৎকালীন রেসকোর্স ময়দানের (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) বিশাল জনসমাবেশে বাঙালি জাতিকে স্বাধীনতার ডাক দিয়েছিলেন এবং মুক্তিযুদ্ধের চূড়ান্ত প্রস্তুতি নেয়ার আহ্বান জানিয়েছিলেন। পরিদর্শনকালীন সময়ে ভাইস-চ্যান্সেলরের সাথে বিশ্ববিদ্যা-লয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় শিক্ষার্থীরা সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা স্তম্ভ, শিখা চিরন্তন ও স্বাধীনতা জাদুঘর ঘুরে দেখে।

## টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে ভাইস-চ্যান্সেলর এর শ্রদ্ধা নিবেদন



*জাতির পিতার সমাধিতে পুষ্পাঞ্জলি প্রদানের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন*



*শীতবস্ত্র বিতরণ*

বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল ও একটি প্রতিনিধিদল গত ১৭ জানুয়ারি ২০২০ তারিখে টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন। সমাধিতে পুষ্পস্তবক অর্পণের পর স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয় এবং তার পিতা-মাতা, বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব এবং ১৯৭৫-এর ১৫ আগস্টে তার পরিবারের শহীদদের বিদেহী আত্মার শান্তি কামনা করে বিশেষ মোনাজাত ও দোয়া করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, অনুষদ প্রধানগণ, শিক্ষক-মণ্ডলী, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। সমাধিতে শ্রদ্ধা নিবেদন ও দোয়া শেষে ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল-এর নেতৃত্বে প্রতিনিধিদল বঙ্গবন্ধুর জাদুঘর, লাইব্রেরি ও প্রদর্শনী কেন্দ্র ঘুরে দেখেন। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে স্থানীয় শীতার্ত অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র ও কম্বল বিতরণ করা হয়।

## করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রমের সহায়তায় মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে বিশ্ববিদ্যালয়ের সদস্যদের একদিনের মূল বেতন হস্তান্তর




*মাননীয় প্রধানমন্ত্রীর  ভার্চুয়াল উপস্থিতিতে করোনা সহায়তা চেক হস্তান্তর করছেন ভাইস-চ্যান্সেলর*

করোনা ভাইরাস মোকাবেলায় বাংলাদেশ সরকারের গৃহিত পদক্ষেপসমূহ অধিকতর বেগবান ও কার্যকরী করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (বিএসএমআরএমইউ) এর পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এই তহবিলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে কর্মরত সকল পদবীর সদস্যদের একদিনের মূল বেতনের সমপরিমাণ টাকা প্রদান করা হয়েছে। ১৫ এপ্রিল ২০২০ তারিখ সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল আর্থিক অনুদানের এই চেক হস্তান্তর করেন। এসময় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে তাঁর মাননীয় মুখ্য সচিব আহমদ কায়কাউস অনুদানের চেক গ্রহণ করেন।

## চীন ও যুক্তরাষ্ট্র সফর

গত ০৮-১২ অক্টোবর ২০১৯ তারিখ এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল ও বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদল চীনের National Ocean Technology Center, P.R. China এবং যুক্তরাষ্ট্রের University of Hawaii-HILLO, The Daniel K. Inouye Asia-Pacific Center ও Think Tank East-West Center পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে প্রতিষ্ঠানসমূহের পদস্থ কর্মকর্তাদের সাথে মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয় ও প্রতিনিধি দলের সাক্ষাৎ এবং দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। ভবিষ্যতে একাডেমিক, গবেষণামূলক ও প্রশাসনিক বিষয়ে সহযোগিতা বিনিময়ের জন্য  এই সময় উপাচার্যকে আশ্বস্ত  করা হয়।





*চীন ও যুক্তরাষ্ট্র সফরকালীন ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাথে প্রতিনিধি দলের সদস্যবৃন্দ*

## Nuffic, Netherlands; Solent University, UK & University of Portsmouth, UK সফর

গত ১০ ফেব্রুয়ারি ২০২০ থেকে ১৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি নেদারল্যান্ড এর Nuffic কর্তৃক প্রদত্ত অনুদান বিষয়ে আলোচনা এবং যুক্তরাজ্যের University of Portsmouth এর আয়োজনে "Blue Governance Imperatives in the UN Decade of Ocean Science for Sustainable Development" শীর্ষক সেমিনার ও Institute of Marine Engineering Science and Technology- এর লন্ডনস্থ সদর দপ্তরে একাডেমিক সহযোগিতামূলক আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্য সফরসমূহতে বিশ্বের বিভিন্ন মেরিটাইম বিশেষজ্ঞ, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ, একাডেমিশিয়ান, বিজনেস প্রফেসনালস্ ও Student's Observer অংশগ্রহণ করে। তাদের সাথে মতবিনিময়ের মাধ্যমে অর্জিত জ্ঞান দ্বারা বিশ্ববিদ্যালয়ের কোর্সসমূহের পঠিতব্য বিষয়াদি ও গবেষণা কার্যক্রম নির্ধারণ, পাঠ্যক্রমের মানোন্নয়ন, শিক্ষার্থীদের জন্য উচ্চতর শিক্ষা ও গবেষণার সুযোগ সৃষ্টি এবং মেরিটাইম বিষয়ে বিভিন্ন ব্যক্তিবর্গের সাথে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের সাক্ষাৎ হয় । এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের পরিচিতি আর্ন্তজাতিক পরিমণ্ডলে বৃদ্ধি পাবে বলে আশা করা হয়।










*সফরকালীন সময়ে উপাচার্য মহোদয়*

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাননীয় সচিব এর সাথে মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয় এর সৌজন্য সাক্ষাৎ

গত ০৩ মার্চ ২০২০ তারিখে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নবনিযুক্ত মাননীয় সচিব জনাব মোঃ মাহবুব হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস স্থাপনের অগ্রগতি সহ বিভিন্ন একাডেমিক ও প্রশাসনিক বিষয়ে আলোচনা করা হয় ।



*শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাননীয় সচিবের সাথে সাক্ষাৎ*

## বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের সমন্বয় সভা

বিগত বছরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ০২ টি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ৪৪ ও ৪৫ তম সভাদ্বয়ের সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। সভায় বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ সদস্য ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর সফর ও সমঝোতা স্মারক স্বাক্ষর




*বেরোবি এর সাথে MoU স্বাক্ষর*

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল ও একটি প্রতিনিধি দল ২০ সেপ্টেম্বর ২০১৯-এ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর সফর করেন এবং বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাডেমিক ও প্রশাসনিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, সম্মানিত ডিন, শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সমঝোতা স্মারকের মাধ্যমে উভয় প্রতিষ্ঠান একাডেমিক তথ্য বিনিময়, সম্মিলিত গবেষণা ও প্রকাশনায় একসাথে কাজ করতে সমর্থ হবেন এবং ভবিষ্যতে সহযোগিতার খাতকে আরও প্রসারিত করবেন বলে উভয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরগণ আকাঙ্ক্ষা ব্যক্ত করেন।

## পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পিএসটিইউ) সফর ও সমঝোতা স্মারক স্বাক্ষর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল ও একটি প্রতিনিধি দল ১২ সেপ্টেম্বর ২০১৯-এ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পিএসটিইউ) সফর করেন এবং বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাডেমিক ও প্রশাসনিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, সম্মানিত ডিন, শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সমঝোতা স্মারকের মাধ্যমে উভয় প্রতিষ্ঠান একাডেমিক তথ্য বিনিময়, সম্মিলিত গবেষণা ও প্রকাশনায় একসাথে কাজ করতে সমর্থ হবেন এবং ভবিষ্যতে সহযোগিতার খাতকে আরও প্রসারিত করবেন বলে উভয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরগণ আকাঙ্ক্ষা ব্যক্ত করেন।





*PSTU এর সাথে MoU স্বাক্ষর*

## রেজিস্ট্রার দপ্তর (এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন) সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম

এ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস-এর এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন-এ শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, এডমিশন, একাডেমিক ও স্কলারশিপ এর কার্য সম্পাদন করা হয়।

### ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম

অত্র বিশ্ববিদ্যালয়ের এবং অধিভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রমের বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলো:

| ক্রঃ নং | প্রোগ্রামের নাম | শিক্ষাবর্ষ | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | বিএসসি ইন ওশানোগ্রাফি-৪র্থ ব্যাচ | ২০১৯-২০২০ | ৩৪ জন |
| ২. | বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং- ৩য় ব্যাচ | ২০১৯-২০২০ | ৩৫ জন |
| ৩. | বিএসসি ইন মেরিন ফিশারিজ - ১ম ব্যাচ | ২০১৯-২০২০ | ৩৫ জন |
| ৪. | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিক- ২য় ব্যাচ | ২০১৯-২০২০ | ৩৮ জন |
| ৫. | এল এল বি (অনার্স) ইন মেরিটাইম 'ল'- ২য় ব্যাচ | ২০১৯-২০২০ | ৩৮ জন |
| ৬. | মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট- ৫ম ব্যাচ | ২০১৯-২০২০ | ১৬ জন |
| ৭. | এলএলএম মেরিটাইম ল'- ৫ম ব্যাচ | ২০১৯-২০২০ | ১৩ জন |
| ৮. | মাস্টার ইন মেরিটাইম বিজনেস- ৩য় ব্যাচ | ২০১৯-২০২০ | ০৯ জন |
| ৯. | মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স- ২য় ব্যাচ | ২০১৯-২০২০ | ০৮ জন |
| ১০. | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি- ২য় ব্যাচ | ২০১৯-২০২০ | ০৬ জন |
| ১১. | এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট - ১ম ব্যাচ | ২০১৯-২০২০ | ০৭ জন |
| ১২. | মাস্টার্স ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্রাটেজিক স্টাডিজ - ১ম ব্যাচ | ২০১৯-২০২০ | ০৮ জন |
| ১৩. | বিএমএস নটিক্যাল- ৫৬তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - বাংলাদেশ মেরিন একাডেমি) | ২০১৯-২০২০ | ১৯০ জন |
| ১৪. | বিএমএস ইঞ্জিনিয়ারিং- ৫৬তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - বাংলাদেশ মেরিন একাডেমি) | ২০১৯-২০২০ | ১৮৩ জন |
| ১৫. | বিএসসি (অনার্স) ইন নটিকাল সায়েন্স- ৪১ তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - মেরিন ফিশারিজ একাডেমি) | ২০১৯-২০২০ | ৩৪ জন |
| ১৬. | বিএসসি (অনার্স) ইন মেরিন ইঞ্জিনিয়ারিং- ৪১ তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - মেরিন ফিশারিজ একাডেমি) | ২০১৯-২০২০ | ৩৪ জন |
| ১৭. | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ- ৪১ তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - মেরিন ফিশারিজ একাডেমি) | ২০১৯-২০২০ | ২৩ জন |

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্কলারশিপ ও স্টাইপেন্ড প্রাপ্ত শিক্ষার্থীদের সংখ্যা

অত্র বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের স্কলারশিপ ও স্টাইপেন্ড প্রদান করা হয়। নিম্নে স্কলারশিপ ও স্টাইপেন্ড প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য দেওয়া হলোঃ

| ক্রঃ নং | স্কলারশিপ/স্টাইপেন্ড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|
| ১. | মেধাবৃত্তি (স্কলারশিপ) | ৫০ জন |
| ২. | বিএসএমআরএমইউ বৃত্তি (স্টাইপেন্ড) | ৮৩ জন |

## ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ইউজিসি কর্তৃক অনুমোদন প্রাপ্ত প্রোগ্রাম ও ইনস্টিটিউটসমূহের সংখ্যা

অত্র বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নতুন ১টি অনার্স ও ৩টি মাস্টার্স প্রোগ্রাম এবং ২টি ইনস্টিটিউট ইউজিসি কর্তৃক অনুমোদন প্রাপ্ত হয়। বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলোঃ

| ক্রঃ নং | প্রোগ্রাম | অনুমোদনের তারিখ |
|---|---|---|
| ১. | B.Sc (Hons) in Marine Fisheries | ০২ সেপ্টেম্বর ২০১৯ |
| ২. | MBA in Maritime Tourism & Hospitality Management | ০২ সেপ্টেম্বর ২০১৯ |
| ৩. | Masters in Maritime Development & Strategic Studies | ০২ সেপ্টেম্বর ২০১৯ |
| ৪. | MSc. in Harbour and River Engineering | ০২ সেপ্টেম্বর ২০১৯ |
| ৫. | Institute of Bay of Bengal and Bangladesh Studies (IBBBS) | ০২ সেপ্টেম্বর ২০১৯ |
| ৬. | Institute of Professional Language | ০২ সেপ্টেম্বর ২০১৯ |

# রেজিস্ট্রার দপ্তর কর্তৃক প্রতিবেদিত বছরে আয়োজিত অনুষ্ঠান ও কর্মকাণ্ড

## স্থায়ী ক্যাম্পাসের গ্রাউন্ড ব্রেকিং (ভূমি উন্নয়ন কাজ) অনুষ্ঠানের উদ্বোধন




*গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠানে মাননীয় শিক্ষা উপমন্ত্রী, চসিক এর মেয়র, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও অন্যান্যরা*

দেশের বিশেষায়িত মেরিটাইম পাবলিক বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর আয়োজনে গত ২১ জুলাই চট্টগ্রামের রেডিসন ব্লু হোটেলে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠানের অর্থাৎ ভূমি উন্নয়ন কার্যের উদ্বোধন অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠানের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি। অনুষ্ঠান-টি একসাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্থায়ী ক্যাম্পাসেও সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে চট্টগ্রামের বিভিন্ন আসনের সংসদ সদস্যবৃন্দ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান, স্থানীয় ও জাতীয় দৈনিক এবং টিভি চ্যানেলসমূহের সম্পাদক ও ব্যুরো চীফবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ডিন, প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তা ও শিক্ষকবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার বক্তব্যে দেশের কাঙ্ক্ষিত মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষার প্রসার, সমুদ্র গবেষণা, সমুদ্র সম্পদ অনুসন্ধান ও আহরণে প্রয়োজনীয় তত্ত্ব আবিষ্কার, আধুনিক প্রযুক্তি উদ্ভাবন ও দক্ষ জনবল তৈরির মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন। মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০৪১, দেশের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নে ব্লু-ইকোনমির গুরুত্ব বিবেচনায় অত্র বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যত সম্ভাবনার উপরেও তিনি তার বক্তব্যে আলোকপাত করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়টি চট্টগ্রামে স্থাপন বর্তমান সরকারের চট্টগ্রাম অঞ্চলের উন্নয়ন ও শিক্ষা প্রসারের আন্তরিকতার বহিঃপ্রকাশ হিসেবে তিনি উল্লেখ করেন।

বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় তার বক্তব্যে মেরিটাইম ক্ষেত্রে ভবিষ্যত সম্ভাবনার কথা বিবেচনায় মানসম্মত উচ্চ শিক্ষায় শিক্ষিত ও দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান। এসময় তিনি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের উপর একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠায় শিক্ষা মন্ত্রণালয়, ইউজিসি, স্থানীয় জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সহায়তার প্রত্যাশা ব্যক্ত করেন। অন্যান্যদের মধ্যে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কাজী শহীদুল্লাহ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান জহিরুল আলম দোভাষ প্রমুখ।

দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় ও বিশ্বের ১২তম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে চট্টগ্রামের বন্দর ও চাদগাঁও থানাধীন বাকলিয়া ও চর রাঙামাটিয়া মৌজার হামিদচর এলাকায় ১০৬.৬৬ একর জমিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠিত হবে। মেরিটাইম সংশ্লিষ্ট বিশেষায়িত বিষয়ে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করবে যা ভবিষ্যতে দেশের ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নে অন্যতম মূল ভূমিকা রাখতে পারবে।

## জাতীয় শোক দিবসে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা



*জাতীয় শোক দিবসে উপাচার্যের শ্রদ্ধাঞ্জলি অর্পন*

গত ১৫ আগস্ট ২০১৯ তারিখে ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল-এর নেতৃতে বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষ্যে ঢাকার ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণের পর মহান নেতার প্রতি শ্রদ্ধা জানাতে প্রতিনিধিদল কিছুটা সময় নীরবে দাঁড়িয়ে থাকেন।

### অভ্যন্তরীণ ইনডোর গেমস-২০১৯ ও শিক্ষার্থী কমনরুমের উদ্বোধন




*শিক্ষার্থী কমনরুম উদ্ধোধনকালে উপাচার্য*

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর মিরপুরস্থ অস্থায়ী ক্যাম্পাসে অভ্যন্তরীণ ইনডোর গেমস-২০১৯ ও শিক্ষার্থী কমনরুমের উদ্বোধন গত ২৬ আগস্ট ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল উদ্বোধন ঘোষনা করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাসহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। ইনডোর গেমসের বিভিন্ন শাখায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থী অংশগ্রহণ করে।

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (বিএসএমআরএমইউ)-এর বর্ধিত ভবন উদ্বোধন



বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস এর বর্ধিতাংশ হিসেবে পল্লবীস্থ ১/৯ পদ্মা ভবনের ৭ম ও ৮ম তলার শুভ উদ্বোধন গত ১৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল উদ্বোধন ঘোষণা করেন। প্রধান অতিথির সাথে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে বিশ্ববিদ্যালয়ের উন্নতি ও অগ্রগতির জন্য দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার "রূপকল্প-২০৪১" ও "ব্লু-ইকোনমি" পরিকল্পনা বাস্তবায়নে মেরিটাইম গবেষণা ও কার্যকর জনবল তৈরির মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ ভবিষ্যতে অন্যতম অগ্রণী ভূমিকা পালন করবে বলে প্রধান অতিথি উদ্বোধনকালে তার আশাবাদ ব্যক্ত করেন।

### "An Outlook for Sustainable Maritime Development and Governance: Challenges and Way Ahead" শীর্ষক আন্তর্জাতিক সেমিনার আয়োজন



*সেমিনারে গ্রুপ ফটোগ্রাফী*

গত ২৮ নভেম্বর ২০১৯ তারিখে ঢাকাস্থ হোটেল ইন্টারক-ন্টিনেন্টালে "An Outlook for Sustainable Maritime Development and Governance: Challenges and Way Ahead"- শীর্ষক দিনব্যাপী এক আন্তর্জাতিক সেমিনার বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজন করা হয়। উক্ত সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান, এমপি। এছাড়াও, মাননীয় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি ও মাননীয় নৌ বাহিনী প্রধান অ্যাডমিরাল আওরঙ্গজেব চৌধুরী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল।

প্রধান অতিথি তার বক্তব্যে বাংলাদেশের টেকসই উন্নয়নের জন্য দেশের সুনীল অর্থনীতির অপার সম্ভাবনা নিশ্চিতকল্পে মাননীয় প্রধানমন্ত্রীর ব্লু-ইকোনমি পলিসি বাস্তবায়নে মেরিটাইম গবেষণা ও শিক্ষার উপর গুরুত্বারোপ করেন এবং এক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বিশেষ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। মাননীয় শিক্ষা উপমন্ত্রী তার বক্তব্যে মেরিটাইম ক্ষেত্রে বিভিন্ন সংকট মোকাবেলায় যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ ও এক্ষেত্রে দক্ষ জনশক্তি গঠণে মেরিটাইম খাতে শিক্ষার বিকল্প নেই বলে উল্লেখ করেন এবং দেশের সুবিশাল সমুদ্রসীমাকে কাজে লাগিয়ে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন সম্ভাবনাকে ত্বরান্বিত করার জন্য বিভিন্ন মেরিটাইম খাতের উপর গুরুত্বারোপ করার প্রতি আহ্বান জানান। মাননীয় নৌ-বাহিনী প্রধান তার বক্তব্যে ২০১৩ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠাকে দেশের মেরিটাইম খাত উন্নয়নের অন্যতম মাইলফলক হিসেবে চিহ্নিত করেন। মেরিটাইম উচ্চ শিক্ষায় শিক্ষিত ও দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের বর্তমান ও ভবিষ্যত কার্যক্রমের উপর আলোকপাত করার পাশাপাশি সেমিনারে উপস্থিত মেরিটাইম পেশাজীবী, শিক্ষাবিদ, গবেষক, নীতি নির্ধারক ও স্টেকহে-ল্ডারদেরকে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল ধন্যবাদ জানান।

সেমিনারে ভারত, অস্ট্রেলিয়া, ফ্রান্স, নেদারল্যান্ড, সিঙ্গাপুর, ফিলিপাইন, ইংল্যান্ড, শ্রীলংকা, সুইজারল্যান্ড, মালয়েশিয়া এবং স্বাগতিক বাংলাদেশের মেরিটাইম বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ তাদের মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন। সেমিন-ারে শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসিসহ অন্যান্য বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ, উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে আগত প্রতিনিধিবৃন্দ, মেরিটাইম সংস্থা এবং মেরিটাইম ইউনিভার্সিটির শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন গ্রীনউইচ ইউনিভার্সিটির প্রফেসর ও গ্লোবাল মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড ডিফেন্স-এর উপদেষ্টা প্রফেসর ক্রিস বেলামি। তিনি তার প্রবন্ধে ব্লু-ইকোনমি এবং বঙ্গোপসাগরের ভবিষ্যত উন্নয়নের সম্ভাবনার উপর আলোকপাত করেন। ব্রিটেনের সাউদাম্পটন ইউনিভার্সিটির প্রফেসর এন্ড্রু সার্ডি সার্বিক সমুদ্র ব্যবস্থাপনায় বিশ্বব্যাপী প্রচলিত মেরিটাইম আইন এবং তার উপযুক্ত ব্যবহারের মাধ্যমে বাংলাদেশ পার্শ্ববর্তী দেশের সাথে সমুদ্র সীমানা সমাধানে সফল হয়েছে বলে তার প্রবন্ধে তুলে ধরেন। এছাড়াও প্রবন্ধ উপস্থাপন করেন, যুক্তরাজ্যের পোর্টসমাউথ ইউনিভার্সিটির প্রফেসর ড. পিয়েরে ফেইলার। প্রফেসর ফেইলার তার প্রবন্ধে সুনীল অর্থনীতি ও সমুদ্র প্রশাসনের সমন্বয়ে গঠিত নতুন এক ধারণা হিসেবে ব্লু-গভর্ন্যান্স এর কথা তুলে ধরেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. বদরুল ইমাম বঙ্গোপসাগরে প্রাকৃতিক জ্বালানী উত্তোলনের বর্তমান অবস্থা উল্লেখ করতঃ এর ভবিষ্যত সম্ভাবনার উপর তার প্রবন্ধ উপস্থাপন করেন। আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রফেসর লাইলুফার ইয়াসমিন তার প্রবন্ধে বঙ্গোপসাগর তীরবর্তী দেশসমূহের মধ্যে একটি সুষ্ঠু আঞ্চলিক সামুদ্রিক যোগাযোগ নিশ্চিতকল্পে সামুদ্রিক নিরাপত্তা বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রতি আলোকপাত করেন। ভারতের গোয়া বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব বায়োটেকনোলজির প্রফেসর ড. সাভিতা এস কারকার স্বাস্থ্যসেবা পণ্য উদ্ভাবনে সামুদ্রিক প্রাকৃতিক সম্পদের সম্ভাবনার উপর তার প্রবন্ধে আলোকপাত করেন। সেমিনারের বক্তাগণ বিশ্বব্যাপী মেরিটাইম ক্ষেত্রে টেকসই ব্যবস্থাপনার অংশ হিসেবে বাংলাদেশের আর্থ-সামাজিক এবং টেকসই উন্নয়নের সাথে দেশের মেরিটাইম ভবিষ্যত সম্পর্কিত নানাবিধ সম্ভাবনার কথা চিহ্নিত করেন।

দিনব্যাপী এই সেমিনারে মোট ০৩ টি সেশনে বক্তারা যথাক্রমে- আঞ্চলিক সমুদ্র যোগাযোগ এবং নিরাপত্তা, সামুদ্রিক স্বাস্থ্য ও প্রশাসন এবং সামুদ্রিক প্রযুক্তি ও প্রাকৃতিক সম্পদের সর্বোচ্চ প্রয়োগ বিষয়ে প্রবন্ধ উপস্থাপন ও আলোচনা করেন। সেমিনারে সেশন চেয়ার হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রফেসর ড. ইমতিয়াজ আহমেদ, বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিটাইম রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এর উপদেষ্টা রিয়ার এডমিরাল কাজী সরওয়ার হোসেন (অবঃ) ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির প্রফেসর ড. আফতাব আলম খান ।

## যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস-২০১৯ উদ্‌যাপন



*অনুষ্ঠানে বক্তব্যরত মাননীয় ভাইস-চ্যান্সেলর*

গত ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখে বিশ্ববিদ্যালয়ের ঢাকার পল্লবীস্থ ক্যাম্পাসে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস-২০১৯ উদযাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। দিনের কর্মসূচি আরম্ভ হয় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। মহান বিজয় দিবস ও এর তাৎপর্যের উপর আলোচনার মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ উক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে বিজয় দিবসের চেতনায় এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি তার বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও দেশের জন্য জীবন উৎসর্গকারী বীর সেনানী মুক্তিযোদ্ধাদের অবদান শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি তার বক্তব্যে জাতীয় জীবনের সর্বস্তরে মুক্তিযুদ্ধের চেতনার প্রতিফলন ও ভিশন-২০৪১-এর আলোকে স্বপ্নের সোনার বাংলা গঠনে সকলকে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে কাজ করার ব্যাপারে গুরুত্বারোপ করেন। স্বাধীনতা সংগ্রামের মহান শহীদদের স্মরণে এবং জাতির শান্তি সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে দোয়ার মাধ্যমে দিনের কর্মসূচির সমাপ্তি ঘটে।

## স্নাতক (সম্মান) প্রোগ্রামের নবীনবরণ




*অনুষ্ঠানে শিক্ষার্থীদের সাথে উপাচার্য*

গত ১২ জানুয়ারি ২০২০ তারিখে বিশ্ববিদ্যালয়ের নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং এর ৩য় ব্যাচ, ওশানোগ্রাফি এর ৪র্থ ব্যাচ, বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিক্স ও এলএলবি ইন মেরিটাইম ল-এর ২য় ব্যাচ এবং মেরিন ফিশারিজ ১ম ব্যাচের স্নাতক (সম্মান) পর্যায়ের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ঢাকার মিরপুর-১৪ এ অবস্থিত বিএন কলেজের শহীদ মোয়াজ্জেম হল-এ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে শিক্ষার্থীদের বিশেষায়িত এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হওয়ায় গভীর আনন্দ ও উচ্ছ্বাসের সাথে স্বাগত জানিয়ে বরণ করে নেয়া হয়। পরবর্তীতে শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা, নিরাপত্তা ও পরিবেশসহ বিভিন্ন বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়। এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা দেশে-বিদেশে দক্ষ মেরিটাইম পেশাজীবী হিসেবে নিজের ক্যারিয়ার গড়ার পাশাপাশি দেশের অর্জিত বৃহৎ সমুদ্রসীমায় নতুন নতুন গবেষণার মাধ্যমে সামুদ্রিক সম্পদ আহরণ, এ লক্ষ্যে প্রয়োজনীয় প্রযুক্তি উদ্ভাবনসহ সার্বিক প্রস্তুতিতে দেশের পরিকল্পনা গ্রহণে ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখতে পারবে বলে প্রধান অতিথি তার আশাবাদ ব্যক্ত করেন।

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২০ উদযাপন



গত ২১ ফেব্রুয়ারি, ২০২০ বিশ্ববিদ্যালয়ের পল্লবীস্থ অস্থায়ী ক্যাম্পাসে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২০ উদযাপন করা হয়। দিনের শুরুতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল কর্তৃক কেন্দ্রীয় শহীদ মিনারে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, ডিন, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। পরবর্তীতে ভাষা আন্দোলন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোকে বিশ্ববিদ্যালয়ে প্রবন্ধ ও আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। সবশেষে, ভাষা শহীদদের রুহের মাগফিরাত কামনা, বাংলা ভাষার সার্বজনীন ব্যবহার এবং দেশ ও বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপিত



*বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অতিথিবৃন্দ*

গত ১৭ মার্চ ২০২০ তারিখে বিশ্ববিদ্যালয়ের আয়োজনে যথাযথ মর্যাদায় করোনা ভাইরাসের প্রাদুর্ভাব জনিত কারণে সীমিত পরিসরে জাতির পিতা বঙ্গববন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল এবং বিশেষ অতিথি ও স্মারক বক্তা হিসেবে জনাব মাহবুব উদ্দিন আহমেদ, বীর বিক্রম উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জাতির পিতার জীবনীর উপর প্রামান্যচিত্র প্রদর্শনী, আলোচনা সভা ও জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতি সম্মান ও তাঁর স্মৃতিচারণে বিশেষ স্মরণিকা "সুনীল সাগরে, শ্যামল কিনারে" বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

### করোনা কালীন গরিব-দুস্থদের মাঝে ত্রাণ বিতরণ

গত ০৪ এপ্রিল ২০২০ তারিখে করোনা কালীন প্রকোপের কারনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি-এর পক্ষ থেকে পল্লবী এলাকার গরীব-দুস্থদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। ঢাকা-১৬ আসনের মাননীয় সাংসদ আলহাজ্ব ইলিয়াস উদ্দিন মোল্লাহ ও বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল-এর উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের সম্মুখে বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্য চাল, ডাল, তেল, পেয়াজ ইত্যাদি বিতরণ করা হয়। অসহায় দুস্থ পরিবারগুলোকে সহায়তার জন্য নির্দিষ্ট সামাজিক দূরত্ব বজায় রেখে মোট ১৫০ জনের মাঝে এই ত্রাণ বিতরণ করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দও উপস্থিত ছিলেন।




*করোনা সংকটকালে ত্রাণ সামগ্রী বিতরণ*

## ইন্টান্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ দপ্তরের কার্যক্রম

International Co-operation & Exchange এর পরিচালক হিসেবে ক্যাপ্টেন ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন বর্তমানে দায়িত্বরত আছেন। আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানসমূহের সাথে সহযোগিতামূলক সম্পর্ক উন্নয়নে ইন্টারন্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ কাজ করে থাকে। প্রতিষ্ঠার পর হতে এখন পর্যন্ত প্রায় ১৬টি আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরসহ আরো অনেক প্রতিষ্ঠানের সাথে বিভিন্ন বিষয়ে মতবিনিময়ে অংশগ্রহণ করা হয়েছে। পরিবর্তিত বিশ্বের সাথে যুগোপযোগী জ্ঞান অর্জনের লক্ষ্যে যথাসাধ্য চেষ্টা ও নিরলস পরিশ্রমে আমরা অঙ্গীকারাবদ্ধ। এরই ধারাবাহিকতায় সদ্য সমাপ্ত বছরের কিছু উল্লেখযোগ্য কার্যক্রম তুলে ধরা হলো।

### Netherlands, University of Portsmouth- UK, IMarEST Head Office- London পরিদর্শন

সম্প্রতি Orange Knowledge Programme Institutional (To enhance capacity and institutional sustainability for Bangladeshi Maritime and port sector through development of specialized knowledge and skills) এর আওতায় বাংলাদেশের পোর্ট ও মেরিটাইম সম্পর্কিত উচ্চশিক্ষার জন্য নাফিক নেদারল্যান্ডস কর্তৃক বিএসএমআরএমইউ কে ০১ মিলিয়ন ইউরো অনুদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় বিভিন্ন কর্মপরিকল্পনা আলোচনার জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এসডিসি, পিএসসি সংশ্লিষ্ট ডাচ সংস্থা সমূহ (NUFFIC, IHE Delft & STC Netherlands) পরিদর্শন ও একাডেমিক মঞ্জুরী সংক্রান্ত আলোচনার লক্ষ্যে গত ১০-১১ ফেব্রুয়ারি ২০২০ তারিখে নেদারল্যান্ডস এ গমন করেন। এছাড়াও গত ১২-১৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখে University of Portsmouth, UK এর আয়োজনে Blue Governance Imperatives in the UN Decade of Ocean Science for Sustainable Development শীর্ষক সেমিনারে অংশগ্রহণ করেন এবং গত ১৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখে Institute of Marine Engineering Science & Technology (IMarEST) Head Office, London- এ একাডেমিক সহযোগিতামূলক আলোচনায় অংশগ্রহণ করেন।

### IMarEST ও Nautical Institute এর প্রতিনিধি দলের বিশ্ববিদ্যালয় পরিদর্শন

গত ১৬ জানুয়ারি ২০২০ তারিখে Capt John Lloyd, CEO, NI, London এবং Mr. David Loosley, CEO, IMarEST ০৭ সদস্যের একটি দলসহ অত্র বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালীন সময়ে শিক্ষার্থীদের সাথে সাক্ষাৎকার ও মতবিনিময়ের মাধ্যমে বিভিন্ন সুযোগ-সুবিধার কথা তুলে ধরেন।

### মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে যুক্তরাষ্ট্রের হাওয়াই সফর

গত ০৫-০৮ নভেম্বর ২০১৯ যুক্তরাষ্ট্রের হাওয়াই DK APCSS, University of Hawaii-Hilo ও স্বনামধন্য Think Tank সংস্থা East West Center হতে আমন্ত্রণের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কার্যক্রমে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন:

ক। ইতিপূর্বে সম্পাদিত University of Hawaii-Hilo এর সহিত MoU এর প্রেক্ষিতে উক্ত বিশ্ববিদ্যালয়ের Administrator ও Faculty Member এর সহিত পারস্পরিক স্বার্থ ও সহযোগিতার খাতসমূহ চিহ্নিত করার জন্য ৫ ও ৬ নভেম্বর ২০১৯ তারিখ আলোচনা অনুষ্ঠানে উপাচার্য মহোদয় যোগদান করেন।

খ। গত ৭ নভেম্বর ২০১৯ তারিখ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় ও গবেষণা কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে আলোচনার পাশাপাশি Daniel K. Inouye Asia-Pacific Center for Strategic Studies (APCSS) এর সহিত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান এবং ভাইস-চ্যান্সেলর মহোদয় কর্তৃক Blue Economy এর উপর বক্তব্য প্রদান করেন।

গ। বিশ্বের স্বনামধন্য Think Tank হিসেবে পরিচিত East West Center এর মাননীয় প্রেসিডেন্ট Dr. Richard R. Vuylsteke এবং অন্যান্য শিক্ষকমণ্ডলী ও বিশেষজ্ঞগণের সাথে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট ও শিক্ষা খাতে সহযোগিতার বিষয়ে ৮ নভেম্বর ২০১৯ তারিখে মতবিনিময় করেন।

উপরোক্ত যুক্তরাষ্ট্রের হাওয়াই সফরের জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের নামীয় তালিকা নিম্নরূপঃ

| নাম ও পদবী | মন্তব্য |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি, ভাইস-চ্যান্সেলর | দলনেতা |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন, ডিন | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার | সদস্য |
| শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের একজন প্রতিনিধি | সদস্য |

## মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে চীন সফর

গত ০১ - ০৩ নভেম্বর ২০১৯ তারিখে মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে অত্র বিশ্ববিদ্যালয়ের দুইজন কর্মকর্তাসহ মোট ০৩ (তিন) জন চীনের তিয়ানজিনে অবস্থিত National Ocean Technology Center (NOTC) এর কর্তৃপক্ষের সাথে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর এবং MSP Cooperation সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ করেন।

## Seminar on Marine Resources Management and Blue Economy Development for Bangladesh শীর্ষক কোর্সে অংশগ্রহণ

গত ০৫-২৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে Xiamen City of Fujian Province, China কর্তৃক আয়োজিত "Seminar on Marine Resources Management and Blue Economy Development for Bangladesh" শীর্ষক একটি কোর্স পরিচালিত হয়। উক্ত কোর্সে নিম্নোক্ত শিক্ষকদ্বয় অংশগ্রহণ করেন।

| নাম | পদবী |
|---|---|
| ফারহানা আক্তার | প্রভাষক, রসায়ন |
| মোঃ মাসুদ-উল-আলম | প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি |

দেশের সামুদ্রিক সম্পদের যথার্থ বণ্টন ও ব্যবহার উপযোগিতা নিশ্চিত করার নিমিত্তে যাত্রা শুরু করা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে শিক্ষার্থীদের মধ্যে যথার্থ জ্ঞানের বিকাশ ঘটানো এবং আধুনিক মানের গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য অত্র বিশ্ববিদ্যালয়ে মেরিটাইম বিষয়ক আধুনিক জ্ঞানসম্পন্ন অভিজ্ঞতার জন্য উক্ত সেমিনারটি যথেষ্ট গুরুত্বপূর্ণ তাৎপর্য বহন করে।

## যুক্তরাজ্যের Solent University, Portsmouth University এবং আরো কয়েকটি বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত সহযোগিতার বৃদ্ধির জন্য আলোচনা ও সমঝোতা স্বাক্ষর

Solent University I Portsmouth University এর সাথে সমঝোতা স্মারক এবং Southampton University, Southampton Marine & Maritime Institute, International Maritime Organization এর সাথে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত পারস্পারিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর ও মতবিনিময়ের জন্য গত ১০-১৩ জুলাই ২০১৯ তারিখে বিশ্ববিদ্যালয়েরে উপাচার্যসহ নিম্নবর্ণিত ০৩ জন কর্মকর্তা/শিক্ষক এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০১ জন প্রতিনিধিসহ সর্বমোট ০৪ সদস্যের প্রতিনিধি দল উক্ত ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয়সমূহের আমন্ত্রণে যুক্তরাজ্য গমন করেন। প্রতিনিধি দলের নামীয় তালিকা নিম্নরূপঃ

| পদবী ও নাম | মন্তব্য |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন | সভাপতি |
| ক্যাপ্টেন ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন | সদস্য |
| মোঃ আরিফ মাহমুদ, সহকারী অধ্যাপক (নটিক্যাল সায়েন্স) | সদস্য |
| শিক্ষা মন্ত্রণালয়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |

আলোচ্য সফরে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে অত্র বিশ্ববিদ্যালয়ের উচ্চতর শিক্ষা এবং গবেষণা কার্যক্রমের মানোন্নয়ন ও পরিসর বৃদ্ধি পায় এছাড়াও উক্ত সফরকালীন সময়ে উন্নত বিশ্বের স্বনামধন্য মেরিটাইম বিশ্ববিদ্যালয় সমূহের বিশেষজ্ঞদের সাথে মতবিনিময়ের মাধ্যমে অর্জিত জ্ঞান দ্বারা বিশ্ববিদ্যালয়ের কোর্সসমূহের গঠিতব্য বিষয়াদি ও গবেষণা কার্যক্রম নির্ধারণ, পাঠ্যক্রমের মানোন্নয়ন, ছাত্র/ছাত্রীদের জন্য উচ্চতর শিক্ষার সুযোগ সৃষ্টি, যৌথ গবেষণা কার্যক্রম চালুকরণ এবং মেরিটাইম বিষয়ের বিভিন্ন ব্যক্তিবর্গের সাথে স্বাক্ষাতের মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ের পরিচিতি আন্তর্জাতিক পরিমণ্ডলে বৃদ্ধি পায় বলে প্রতীয়মান।

## "International Conference on Ship Energy Efficiency 2019" কনফারেন্সে অংশগ্রহণ

Shanghai Maritime University (SMU) Ges Maritime Technical Co-Operation Centre for Asia (MTCC) কর্তৃক আয়োজিত International Workshop on Ship Energy Efficiency ২০১৯ শীর্ষক কনফারেন্সে অংশগ্রহণের জন্য গত ০৮-১২ জুলাই ২০১৯ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মোট ০২ (দুই) জন প্রতিনিধি সাংহাই, চীনে গমন করেন।

**প্রতিনিধি দলের নামীয় তালিকা নিম্নরূপঃ**

| নাম | পদবী |
|---|---|
| মোঃ ফারুক মামুন | আইটি অফিসার |
| মেহরান ইসলাম | প্রভাষক, অফশোর ইঞ্জিনিয়ারিং |

আলোচ্য কনফারেন্সে অংশগ্রহণের মাধ্যমে বিশ্বের বিভিন্ন মেরিটাইম বিশেষজ্ঞদের সাথে মতবিনিময়ের মাধ্যমে অর্জিত জ্ঞান দ্বারা বিশ্ববিদ্যালয়ের কোর্সসমূহের গঠিতব্য বিষয়াদি নির্ধারণ এবং মেরিটাইম বিষয়ের বিভিন্ন ব্যক্তিবর্গের সাথে সাক্ষাতের মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ের পরিচিতি আন্তর্জাতিক পরিমণ্ডলে বৃদ্ধি পায় বলে প্রতীয়মান হয়।

## সংবিধিদ্ধ সভার কার্যক্রম

২০১৯-২০২০ অর্থবছরে (জুলাই ২০১৯ - জুন ২০২০) সিনেট- এর ১টি, সিন্ডিকেট- এর ৩টি, একাডেমিক কাউন্সিল- এর ৩টি সভা এবং অর্থ কমিটি- এর ৪ টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহের সংক্ষিপ্ত বিবরণী নিম্নে উল্লেখ করা হলোঃ

### সিনেট-এর সভা

#### সিনেট-এর ৫ম সভা




*৫ম সিনেট সভার সম্মানিত সদস্যগণের আলোকচিত্র*

গত ৩১ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয়ের সিনেট-এর ৫ম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সিনেটের সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতিতে ও মতামতের প্রেক্ষিতে সভায় বিশ্ববিদ্যালয় সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা ও বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর স্বাগত বক্তব্য দিয়ে সিনেট কার্যক্রম আরম্ভ করেন। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ২০১৮-২০১৯ অর্থ বছরের ৩২ কোটি ৯০ লক্ষ টাকার সংশোধিত এবং ২০১৯-২০২০ অর্থ বছরের ৩৬ কোটি ৩০ লক্ষ টাকার মূল বাজেট সভায় উপস্থাপন করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের ৫ম বার্ষিক প্রতিবেদন (জুলাই ২০১৮ - জুন ২০১৯) অনুমোদন প্রদান করা হয়।

### সিন্ডিকেট-এর সভাসমূহ



*সম্মানিত সিন্ডিকেট সদস্যবৃন্দ*

#### সিন্ডিকেট-এর ২১তম সভা

গত ০৪ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ২১তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক নিয়োগ অনুমোদন, ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৯-২০২০ অর্থ বছরের মূল বাজেট অনুমোদন, ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত "প্রকিউরমেন্ট প্ল্যান" এবং ২০১৯-২০২০ অর্থ বছরের প্রস্তাবিত "প্রকিউরমেন্ট প্ল্যান" অনুমোদন, জনবল স্থায়ীকরণ, অনার্স ও মাস্টার্স প্রোগ্রামসমূহের কোর্স কারিকুলাম ও ফি স্ট্রাকচার অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের ২ জন প্রভাষকের পূর্ণ বেতনে শিক্ষা ছুটিসহ বিদেশ গমনের অনুমোদন এবং Bangladesh Institute of Maritime Research and Development (BIMRAD)- এর সাথে BSMRMU এর প্রস্তাবিত সমঝোতা খসড়া অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

#### সিন্ডিকেট-এর ২২তম সভা

গত ৩০ সেপ্টেম্বর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ২২তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় জনবল (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ অনুমোদন, নিয়োগ সংবিধি-তে (তফসিল-ক) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংশোধনী অনুমোদন, শিক্ষক ও কর্মকর্তাগণের স্ব-উদ্যোগে বিদেশে কোন সভা/সেমিনার/ সিম্পোজিয়াম/ওয়ার্কশপ/রাউন্ড টেবিলে অংশগ্রহণের নিমিত্তে বিশ্ববিদ্যালয় কর্তৃক আর্থিক অনুদান সংক্রান্ত নীতিমালা-২০১৯ এ সংযোজনী অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর গবেষণা তত্ত্বাবধায়ক নিয়োগের নীতিমালা অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের ২ জন সহকারী অধ্যাপকের পূর্ণ/বিনা বেতনে শিক্ষা ছুটিসহ বিদেশ গমনের অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রোগ্রামের কারিকুলাম ও চূড়ান্ত ফলাফল অনুমোদন, বাংলাদেশ নৌবাহিনীর "ন্যাশনাল হাইড্রোগ্রাফিক কমিটি "(NHC)" এর সদস্যপদ গ্রহণ, শৃঙ্খলা বোর্ড (এডহক) গঠন অনুমোদন, যুক্তরাজ্যের Southampton Marine and Maritime Institution (SMMI) Ges National Oceanography Centre (NOC)-এর সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অবহিতকরণ এবং সামরিক বাহিনী হতে প্রেষণে নিয়োগকৃত কর্মকর্তাগণের যোগদান অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিন্ডিকেট-এর ২৩তম সভা

গত ১৪ জানুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ২৩তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় জনবল (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ অনুমোদন, FET এর অধীনে বিভাগ সমূহে শিক্ষক নিয়োগের শর্তসমূহ রিভিউকরণ, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের স্থায়ীকরণ এবং পদোন্নতি প্রদান, বিশ্ববিদ্যালয়ের ২ জন শিক্ষকের পূর্ণ বেতনে ছুটিসহ বিদেশ গমনের অনুমোদন, বাংলাদেশ মেরিন একাডেমির ১-২৬তম ব্যাচের BoMS Pre-Sea Training, Ship Board Training, Preparatory Course, Ancillary Course I Workshop কোর্সসমূহের ক্রেডিট অনুমোদন, বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠান মেরিন একাডেমির বিভিন্ন প্রোগ্রামের চূড়ান্ত ফলাফল অনুমোদন, সামরিক বাহিনী হতে প্রেষণে নিয়োগকৃত কর্মকর্তাগণের যোগদান অবহিতকরণ, বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের প্রস্তাবিত বর্ষপঞ্জি অবহিতকরণ এবং Goa University, Centre (NOC), Southampton University, United Kingdom এবং Southampton Marine and Maritime Institute (SMMI), Southampton University, United Kingdonm-এর সাথে BSMRMU এর প্রস্তাবিত সমঝোতা স্মারকের খসড়া অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## একাডেমিক কাউন্সিল-এর সভাসমূহ



*একাডেমিক কাউন্সিল-এর সম্মানিত সদস্যগণের আলোকচিত্র*

### একাডেমিক কাউন্সিল-এর ২৪তম সভা

গত ২৯ আগস্ট ২০১৯ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ২৪তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর গবেষণা তত্ত্বাবধায়ক নিয়োগের নীতিমালা অনুমোদন, অনার্স ও মাস্টার্স প্রোগ্রামসমূহের কোর্স কারিকুলাম ও ফি স্ট্রাকচার অনুমোদন এবং ২ (দুই) জন সহকারী অধ্যাপককে "পিএইচডি" প্রোগ্রামে অংশগ্রহণের জন্য শিক্ষা ছুটি ও বিদেশ গমনের অনুমতি প্রদানসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিল-এর ২৫তম সভা

গত ১০ ডিসেম্বর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ২৫তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ মেরিন একাডেমির ১-২৬তম ব্যাচের BoMS Pre-Sea Training, Ship Board Training, Preparatory Course, Ancillary Course I Workshop কোর্সসমূহের ক্রেডিট অনুমোদন এবং বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমি এবং মেরিন ফিশারিজ একাডেমির বিভিন্ন প্রোগ্রামের সেমিস্টার ও চূড়ান্ত ফলাফল অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### একাডেমিক কাউন্সিল-এর ২৬তম সভা

গত ২৭ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ২৬তম সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমি এর বিভিন্ন প্রোগ্রামের কারিকুলাম এবং পরীক্ষাসমূহের ফলাফল অনুমোদন, অত্র বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষ হতে বিদেশী শিক্ষার্থী ভর্তিকরণ, যুক্তরাজ্যের University of Southampton-এর Public International Law and Ocean Govenance-Gi Professor Andrew Serdy কে অত্র বিশ্ববিদ্যালয়ে গেস্ট স্পিকার হিসেবে আমন্ত্রণ অনুমোদন, মেরিন ফিশারিজ একাডেমির ৩৯তম (শিক্ষাবর্ষ ২০১৭-১৮) বর্ষের বিএসসি ইন নটিক্যাল স্টাডিজ এবং বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সের বর্ষভিত্তিক সিলেবাস সেমিস্টারে রূপান্তরসহ বিষয় কোড অনুমোদন, অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন ফি এবং সম্মানী/পারিতোষিক নির্ধারণ এবং বিশ্ববিদ্যালয়ের অনার্স এবং মাস্টার্স প্রোগ্রামসমূহের একাডেমিক ক্যালেন্ডার অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## অর্থ কমিটির সভাসমূহ

### অর্থ কমিটির ২০ তম সভা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অর্থ কমিটির ২০ তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি মহোদয়ের সভাপতিত্বে ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখ ১৫০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গেস্ট লেকচার অধ্যাপক ড. ক্রিস্টোফার ডেভিড বেলামী এর সম্মানী, B.Sc (Hons.) in Oceanograhpy প্রোগ্রামের খণ্ডকালীন শিক্ষক অধ্যাপক ড. এস প্রসন্ন কুমার এর আর্থিক সংশ্লেষ, অতিথি বক্তা প্রফেসর ড. সবিতা কারকার এর সম্মানী, অধিভুক্তির প্রতিষ্ঠানের জন্য স্বতন্ত্র পারিতোষিক কাঠামো অনুমোদন প্রভৃতি বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।



অর্থ কমিটির ২০তম সভার সদস্যবৃন্দ

## অর্থ কমিটির ২১ তম সভা

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ২১ তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি মহোদয়ের সভাপতিত্বে ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখ ১০০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের B.Sc (Hons.) in Oceanograhpy প্রোগ্রামের খণ্ডকালীন শিক্ষক অধ্যাপক ড. এস প্রসন্ন কুমার এর আর্থিক সংশেষ, B.Sc (Hons.) in Oceanograhpy প্রোগ্রামের খণ্ডকালীন শিক্ষক লেকচারার Diksha Ganesh Fadte Gaonkar নিয়োগের আর্থিক সংশ্লেষ অনুমোদন ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের গোষ্ঠী বীমা, কল্যাণ ও ভবিষ্য তহবিল গঠনের বিষয়ে ট্রেজারার মহোদয়ের সভাপতিত্বে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।



অর্থ কমিটির ২০তম সভার সদস্যবৃন্দ

## অর্থ কমিটির ২২ তম সভা

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ২২ তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি মহোদয়ের সভাপতিত্বে ০৯ মার্চ ২০১৯ তারিখ ১০০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় B.Sc (Hons.) in Oceanograhpy প্রোগ্রামের খণ্ডকালীন শিক্ষক অধ্যাপক ড. হরিলাল বি মেনন নিয়োগের আর্থিক অনুমোদন, B.Sc (Hons.) in Oceanograhpy প্রোগ্রামের ভিজিটিং লেকচারার জনাব অর্জুন অধিকারী নিয়োগের আর্থিক সংশ্লেষ, B.Sc (Hons.) in Oceanograhpy এবং B.Sc (Hons.) in Naval Architecture & Offshore Engineering প্রোগ্রামের ল্যাব টেকনিশিয়ান (রসায়ন) কাজী মুহাম্মদ ইকবাল নিয়োগের আর্থিক সংশ্লেষ, MBA in Maritime Tourism & Hospitality Management প্রোগ্রামের খণ্ডকালীন শিক্ষক অধ্যাপক ড. মীর আব্দুল শফিক নিয়োগের আর্থিক সংশ্লেষ, মাস্টার্স ও স্নাতক প্রোগ্রাম যথাক্রমে Law of the Sea, Public International Law প্রোগ্রামের ভিজিটিং Professor Andrew Serdy নিয়োগের আর্থিক সংশ্লেষ অনুমোদনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।



অর্থ কমিটির ২২তম সভার সদস্যবৃন্দ

## অর্থ কমিটির ২৩ তম সভা

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ২৩ তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি মহোদয়ের সভাপতিত্বে ০৮ জুন ২০২০ তারিখ বেলা ১১০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২০-২১ অর্থ বছরের মূল বাজেট অনুমোদনের সুপারিশ ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ও ২০২০-২১ অর্থ বছরের মূল ক্রয় পরিকল্পনা অনুমোদন বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।



অর্থ কমিটির ২৩তম সভার সদস্যবৃন্দ

## পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কর্মকাণ্ড

অত্র বিশ্ববিদ্যালয়ের চলমান স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রামের বিভিন্ন পরীক্ষাসহ অধিভুক্ত প্রতিষ্ঠানের যাবতীয় পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা এবং যথাসময়ে ফলাফল প্রকাশের প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণই পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের প্রধান দায়িত্ব। তাছাড়া ছাত্র-ছাত্রীদের সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করাও অত্র দপ্তরের অন্যতম দায়িত্ব। প্রতিষ্ঠালগ্ন হতে অত্র দপ্তর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে সচেষ্ট রয়েছে। এরই ধারাবাহিকতায় ২০১৯-২০ শিক্ষাবর্ষে অত্র বিশ্ববিদ্যালয়ে এবং অধিভুক্ত প্রতিষ্ঠানে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষার ফলাফল সংক্রান্ত বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলো:

### ক। ২০১৯-২০ শিক্ষাবর্ষে প্রকাশিত বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের সার-সংক্ষেপ:

### স্নাতক প্রোগ্রামের পরীক্ষাসমূহ:

| পরীক্ষা | প্রোগ্রামের নাম | ব্যাচ ও সেমিস্টার | পরীক্ষা আরম্ভ ও শেষের তারিখ | ফলাফল প্রকাশ | অবতীর্ণ | কৃতকার্য |
|---|---|---|---|---|---|---|
| ডিসেম্বর ২০১৯ | বিএসসি ইন ওশানোগ্রাফি | ১ম ব্যাচ ৬ষ্ঠ সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭ | আরম্ভ: ০৮ ডিসেম্বর ২০১৯ শেষ: ৩১ ডিসেম্বর ২০১৯ | ২৫ মার্চ ২০২০ | ২৯ | ২৯ |
| | | ২য় ব্যাচ ৪র্থ সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ | | ২৫ মার্চ ২০২০ | ৩৬ | ৩৬ |
| | | ৩য় ব্যাচ ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | ২৫ মার্চ ২০২০ | ৪১ | ৪১ |
| | বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | ১ম ব্যাচ ৪র্থ সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ | | ২৫ মার্চ ২০২০ | ২৯ | ২৭ |
| | | ২য় ব্যাচ ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | ১৫ মার্চ ২০২০ | ৩৪ | ৩৪ |
| | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ | ১ম ব্যাচ ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | ১৫ মার্চ ২০২০ | ৩৪ | ৩৪ |
| | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' অ্যান্ড পলিসি | ১ম ব্যাচ ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | ১৫ মার্চ ২০২০ | ৩৫ | ৩৫ |
| জুলাই ২০১৯ | ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ (BoMS)- বিশেষ স্নাতক প্রোগ্রাম | ১ম ব্যাচ ১ম সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | ৩০ সেপ্টেম্বর ২০১৯ | ২০ | ২০ |
| জানুয়ারি ২০২০ | | ১ম ব্যাচ ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | ১৭ জুন ২০২০ | ১৫ | ১৫ |
| জুন ২০২০ | স্নাতক প্রোগ্রামের সেমিস্টার পরীক্ষাসমূহ বিশ্ব মহামারী করোনা পরিস্থিতির কারণে প্রতিবেদনাধীন সময় পর্যন্ত স্থগিত রয়েছে। | | | | | |

## স্নাতকোত্তর প্রোগ্রামের পরীক্ষাসমূহ:

| পরীক্ষা | প্রোগ্রামের নাম | ব্যাচ ও সেমিস্টার | পরীক্ষা আরম্ভ ও শেষের তারিখ | ফলাফল প্রকাশ | অবতীর্ণ | কৃতকার্য |
|---|---|---|---|---|---|---|
| আগস্ট-সেপ্টেম্বর ২০১৯ | মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ৪র্থ ব্যাচ, ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | **আরম্ভ:** ২৬ আগস্ট ২০১৯ **শেষ:** ১২ সেপ্টেম্বর ২০১৯ | ০৫ ডিসেম্বর ২০১৯ | ১৮ | ১৮ |
| | এলএলএম ইন মেরিটাইম ল' অ্যান্ড পলিসি | ৪র্থ ব্যাচ, ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | ১৯ ডিসেম্বর ২০১৯ | ১২ | ১২ |
| | মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস | ১ম ব্যাচ, ৪র্থ সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ | | ২৮ জুন ২০২০ | ০৬ | |
| | মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস | ২য় ব্যাচ, ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | ০৫ ডিসেম্বর ২০১৯ | ০৫ | ০৫ |
| | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ১ম ব্যাচ, ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | ০৫ ডিসেম্বর ২০১৯ | ০৫ | ০৪ |
| | মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স | ১ম ব্যাচ, ২য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | ১৫ ডিসেম্বর ২০১৯; ২৬ জানুয়ারি ২০২০ (সংশোধিত ফলাফল) | ০৭ | ০৭ |
| মার্চ-২০২০ | মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ৪র্থ ব্যাচ, ৩য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | **আরম্ভ:** ০১ মার্চ ২০২০ **শেষ:** করোনা পরিস্থিতির কারণে ২ টি পরীক্ষা প্রতিবেদনাধীন সময় পর্যন্ত স্থগিত রয়েছে। | | ১৯ | |
| | মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ৫ম ব্যাচ, ১ম সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ১৬ | |
| | এলএলএম ইন মেরিটাইম ল' অ্যান্ড পলিসি | ৪র্থ ব্যাচ, ৩য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | | ১৪ | |
| | এলএলএম ইন মেরিটাইম ল' অ্যান্ড পলিসি | ৫ম ব্যাচ, ১ম সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ১৩ | |
| | মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস | ২য় ব্যাচ, ৩য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | | ০৫ | |
| | মাস্টার্স ইন মেরিটাইম বিজনেস | ৩য় ব্যাচ, ১ম সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ০৯ | |
| | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ১ম ব্যাচ, ৩য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | | ০৬ | |
| | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ২য় ব্যাচ, ১ম সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ০৫ | |
| | মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স | ১ম ব্যাচ, ৩য় সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ | | | ০৭ | |
| | মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স | ২য় ব্যাচ, ১ম সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ০৮ | |
| | মাস্টার্স ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ১ম ব্যাচ, ১ম সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ০৭ | |
| | মাস্টার্স ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ | ১ম ব্যাচ, ১ম সেমিস্টার শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ | | | ০৬ | |

## খ। ২০১৯-২০ শিক্ষাবর্ষে অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমির বিভিন্ন ব্যাচের ফলাফল প্রকাশিত হয়, যা নিম্নে প্রদত্ত হলো:

### ১। বিএমএস অনার্স নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগ (৪ বছর মেয়াদী):

| ক্র: নং | ব্যাচ ও সেমিস্টার | ফলাফল প্রকাশ | কৃতকার্য শিক্ষার্থী | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ৫৩ তম ব্যাচ ৪র্থ সেমিস্টার | ২২ জুলাই ২০১৯ | ৪৯ | |
| ২. | ৫৪ তম ব্যাচ ২য় সেমিস্টার | ২২ জুলাই ২০১৯ | ৯৬ | |
| ৩. | ৫৪ তম ব্যাচ ৩য় সেমিস্টার | ১৭ অক্টোবর ২০১৯ | ১১১ | |
| ৪. | ৫৫ তম ব্যাচ ১ম সেমিস্টার | ১৭ অক্টোবর ২০১৯ | ১৮৬ | মানোন্নয়ন (নটিক্যাল)- ফেল ১ জন |

### ২। বিএমএস অনার্স (রূপান্তরিত) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগ (৪ বছর মেয়াদী):

| ক্র: নং | ব্যাচ ও সেমিস্টার | ফলাফল প্রকাশ | কৃতকার্য শিক্ষার্থী |
|---|---|---|---|
| ১. | ৪র্থ ব্যাচ (১ম ধাপ) ৮ম সেমিস্টার | ০৪ জুলাই ২০১৯ | ২২ |
| ২. | ৫ম ব্যাচ ৭ম সেমিস্টার | ২২ জুলাই ২০১৯ | ৮৪ |
| ৩. | ২য় ব্যাচ (৩য় ধাপ) ৮ম সেমিস্টার | ২৬ আগস্ট ২০১৯ | ০৪ (নটিক্যাল) |
| ৪. | ২য় ব্যাচ (৩য় ধাপ) চূড়ান্ত ফলাফল | ২৬ আগস্ট ২০১৯ | ০৪ (নটিক্যাল) |
| ৫. | ৩য় ব্যাচ (২য় ধাপ) ৮ম সেমিস্টার | ২৬ আগস্ট ২০১৯ | ০৪ |
| ৬. | ৩য় ব্যাচ (২য় ধাপ) চূড়ান্ত ফলাফল | ২৬ আগস্ট ২০১৯ | ০৪ |
| ৭. | ১ম ব্যাচ (৪র্থ ধাপ) ৮ম সেমিস্টার | ১৭ সেপ্টেম্বর ২০১৯ | ০১ (নটিক্যাল) |
| ৮. | ৪র্থ ব্যাচ (১ম ধাপ) চূড়ান্ত ফলাফল | ১৭ সেপ্টেম্বর ২০১৯ | ২২ |
| ৯. | ১ম ব্যাচ (৩য় ধাপ) চূড়ান্ত ফলাফল | ১৭ সেপ্টেম্বর ২০১৯ | ০১ (নটিক্যাল) |
| ১০. | ৬ষ্ঠ ব্যাচ ৭ম সেমিস্টার | ০২ জানুয়ারি ২০২০ | ১৩৬ |
| ১১. | ৫ম ব্যাচ (১ম ধাপ) ৮ম সেমিস্টার | ০২ জানুয়ারি ২০২০ | ০৬ |
| ১২. | ৪র্থ ব্যাচ (২য় ধাপ) ৮ম সেমিস্টার | ১২ মার্চ ২০২০ | ০৫ (ইঞ্জিনিয়ারিং) |
| ১৩. | ৩য় ব্যাচ (৩য় ধাপ) ৮ম সেমিস্টার | ১২ মার্চ ২০২০ | ০১ (ইঞ্জিনিয়ারিং) |
| ১৪. | ১ম ব্যাচ (৫ম ধাপ) ৮ম সেমিস্টার | ১২ মার্চ ২০২০ | ০১ (ইঞ্জিনিয়ারিং) |
| ১৫. | ২য় ব্যাচ (৪র্থ ধাপ) ৮ম সেমিস্টার | ১২ মার্চ ২০২০ | ০৮ |

### ৩। বিএমএস (পাস) ডিগ্রি নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং বিভাগ (৩ বছর মেয়াদী):

| ক্র: নং | ব্যাচ ও সেমিস্টার | ফলাফল প্রকাশ | কৃতকার্য শিক্ষার্থী |
|---|---|---|---|
| ১. | ৪৮ তম ব্যাচ (৬ষ্ঠ ধাপ) চূড়ান্ত ফলাফল | ২১ নভেম্বর ২০১৯ | ০৪ |
| ২. | ৪৯ তম ব্যাচ (৫ম ধাপ) চূড়ান্ত ফলাফল | ২১ নভেম্বর ২০১৯ | ১৮ |
| ৩. | ৫০ তম ব্যাচ (৪র্থ ধাপ) চূড়ান্ত ফলাফল | ০৫ ডিসেম্বর ২০১৯ | ১৩৩ |
| ৪. | ৫১ তম ব্যাচ ০২ (দুই) বছর সমাপনী- মানোন্নয়ন | ১৯ ডিসেম্বর ২০১৯ | ১১ |
| ৫. | ৫১ তম ব্যাচ (২য় ধাপ) চূড়ান্ত ফলাফল | ১৯ ডিসেম্বর ২০১৯ | ৬৭ |
| ৬. | ৪৬ তম ব্যাচ (২য় ধাপ) চূড়ান্ত ফলাফল | ১৩ জানুয়ারি ২০২০ | ০১ (ইঞ্জিনিয়ারিং) |
| ৭. | ৫০ তম ব্যাচ (৫ম ধাপ) চূড়ান্ত ফলাফল | ১৩ জানুয়ারি ২০২০ | ০১ (নটিক্যাল) |
| ৮. | ৪৫ তম ব্যাচ (২য় ধাপ) চূড়ান্ত ফলাফল | ২৬ জানুয়ারি ২০২০ | ০২ (নটিক্যাল) |

## গ। ২০১৯-২০ শিক্ষাবর্ষে অধিভুক্ত প্রতিষ্ঠান মেরিন ফিশারিজ একাডেমির ৩৯ তম ব্যাচের ফলাফল প্রকাশিত হয়, যা নিম্নে প্রদত্ত হলো:

## বিএসসি অনার্স-ইন- নটিক্যাল স্টাডিজ, মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারিজ প্রোগ্রাম (৪ বছর মেয়াদী):

| ক্র: নং | ব্যাচ ও সেমিস্টার/বর্ষ | ফলাফল প্রকাশ | কৃতকার্য শিক্ষার্থী |
|---|---|---|---|
| ১. | ৩৯ তম ব্যাচ ১ম বর্ষ (শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮) | ০৭ জানুয়ারি ২০২০ | ৬৭ |

উন্নয়ন কর্মকাণ্ড: ক্রমবিকাশের ধারাবাহিকতায় অত্র বিশ্ববিদ্যালয়ের কলেবর দিন দিন বৃদ্ধিহেতু অত্র দপ্তরের কর্মকাণ্ডও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। আগামী ০১ (এক) বছরে অনুষ্ঠিতব্য পরীক্ষা সমূহ সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্তে ইতোমধ্যে প্রয়োজনীয় উত্তরপত্রসহ অন্যান্য উপকরণ গুদামজাত করা হয়েছে। এতদ্‌ব্যতীত, অত্র বিশ্ববিদ্যালয়ের জন্য বাস্তবায়নাধীন BSMRMU Integrated Management System-এর আওতায় পরীক্ষার ফলাফল প্রস্তুতের প্রক্রিয়া সহজীকরণ এবং ছাত্র-ছাত্রীদের সফ্টওয়্যার ভিত্তিক ডাটাবেস তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। এরই অংশ হিসেবে, ইতোমধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন সেমিস্টার পরীক্ষার ফলাফলসমূহ উক্ত সফট্ওয়্যারের সাহায্যে প্রকাশ করা হয়েছে। এছাড়া, অত্র বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট এই সফটওয়্যারের মাধ্যমে মুদ্রণের কাজ চলমান রয়েছে।

# অর্থ ও হিসাব দপ্তরের অধীনে গৃহীত কার্যক্রম

### আলোচ্য অর্থবছরে অর্থ কমিটির সভাসহ নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হয়:

### অর্থ কমিটির সভা ও অন্যান্য কার্যক্রম

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর হতে বর্তমান সময় পর্যন্ত অর্থ ও হিসাব দপ্তরের অধীনে বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। আলোচ্য ২০১৯-২০ অর্থ বছরে অর্থ কমিটির সভাসহ নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

ক। অর্থ কমিটির ০৪ টি সভা
খ। বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা
গ। বাজেট পর্যালোচনা সভা
ঘ। বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত সভা

### বাজেট পর্যালোচনা সভা

গত ১৮ - ১৯ মার্চ ২০২০ তারিখে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ০৪ জন কর্মকর্তা ও অত্র বিশ্ববিদ্যালয়ের হিসাব দপ্তরের কর্মকর্তাদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বাজেট পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কর্মকর্তাগণ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট পরীক্ষা নিরীক্ষা ও পর্যালোচনা করতঃ বিভিন্ন সুপারিশ প্রদান করেন।

### বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত সভা

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহে ২০১৯-২০ অর্থ বছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি, ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট, ২০২০-২১ অর্থবছরের মূল বাজেট এবং ২০১৯-২০ অর্থ বছরের ক্রয় কার্যের অগ্রগতি নিয়ে আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

### বিশ্ববিদ্যালয়ের অনুন্নয়ন বাজেট

২০১৯-২০ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের মূল বাজেট ছিল ৩৬ কোটি ৩০ লক্ষ টাকা। উক্ত মূল বাজেটের বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০১৯-২০ অর্থবছরে ৩৮ কোটি ৪৮ লক্ষ টাকার সংশোধিত বাজেট এবং আগামী ২০২০-২১ অর্থবছরের জন্য ৪০ কোটি ৯১ লক্ষ টাকার মূল বাজেট অনুমোদন করা হয়।

### বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন বাজেট

"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা" শীর্ষক প্রকল্পের প্রথম পর্যায়ের উন্নয়ন বাজেট হিসেবে ১১৮৩.৯৬৮৪ কোটি টাকা অনুমোদিত হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নের সময়সীমা ডিসেম্বর ২০১৮- ডিসেম্বর ২০২১ নির্ধারিত হয়েছে। এর মধ্যে ২০১৯-২০ অর্থ বছরে এডিপিতে প্রাপ্ত বরাদ্দ ৭,৭৫০.০০ লক্ষ টাকার বিপরীতে ৭,৩৭৮.০০ লক্ষ টাকা অর্থ ছাড় হয়।

# পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম

পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকেই ভিসি মহোদয়ের নির্দেশনায় স্থায়ী ক্যাম্পাসের জন্য জমি অধিগ্রহণ, অস্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা, ডিপিপি প্রণয়ন ও অনুমোদন, বাৎসরিক ক্রয় পরিকল্পনা প্রণয়নসহ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। বিগত বৎসরের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নে লিপিবদ্ধ করা হলো:

## স্থায়ী ক্যাম্পাস নির্মাণের অগ্রগতি

“বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা” শীর্ষক প্রকল্পের জন্য বরাদ্দকৃত স্থানটি চট্টগ্রম জেলার উত্তর-পূর্ব দিকে কর্ণফুলী নদীর তীরবর্তী বন্দর ও চাঁদগাও থানাধীন ৫ নং মোহরা ওয়ার্ডের অন্তর্ভুক্ত হামিদচর এলাকায় ১০৬.৬৬ একর জায়গা জুড়ে অবস্থিত। বর্তমানে প্রকল্পটির কাজ অনুমোদিত DPP (Development Project Proposal) অনুযায়ী দ্রুত গতিতে এগিয়ে চলছে।

## প্রকল্পের সারসংক্ষেপ

১। প্রকল্পের অনুমোদন: ৩০ অক্টোবর ২০১৮।

২। প্রকল্পের মেয়াদ: ডিসেম্বর ২০১৮ থেকে ডিসেম্বর ২০২১।

৩। বরাদ্দকৃত বাজেট: ১১৮৩.৯৬৮৪ কোটি টাকা।

৪। প্রকল্পটির মূল ঠিকাদার প্রতিষ্ঠান: চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড (CDDL এর অধীনে Beijing Urban Construction Group (BUCG) এবং Baraka Engineers Limited (BEL) যৌথভাবে ঠিকাদারী কাজ সম্পন্ন করবে)।

৫। প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান: Institute of Water Modelling (IWM)|

## প্রকল্পের ভূমি উন্নয়ন

ভূমি উন্নয়ন, মাটি ভরাট, ল্যান্ডস্কেপিং ও অস্থায়ী প্রতিরক্ষা বাঁধ নির্মাণ এর লক্ষ্যে বিগত ১৮ জুলাই ২০১৯ তারিখে ঠিকাদার প্রতিষ্ঠান চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড-এর সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ডিপিপি অনুযায়ী মাটি ভরাটের পরিমাণ ১৮,৬২,২৩০.৬৫ ঘনমিটার এর মধ্যে এ পর্যন্ত ভরাট করা হয়েছে ১৭,৯২,৮১৯.৩৯ ঘনমিটার।



*বিএসএমআরএমইউ এর স্থায়ী ক্যাম্পাস এর মাস্টার প্ল্যান*

প্রকল্পের প্রাথমিক পর্যায়ে ভূমি উন্নয়ন এবং মাটি ভরাট কাজ বিগত ২১ জুলাই ২০১৯ হতে শুরু হয়ে বর্তমানে শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া, প্রকল্পটির ভূমি উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের মাস্টার প্ল্যান প্রণয়ন, আর্কিটেকচারাল এবং ডিটেইল ডিজাইনের কাজও দ্রুত গতিতে এগিয়ে চলছে। শীঘ্রই স্থায়ী ক্যাম্পাসের অবকাঠামো নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়।





*স্থায়ী ক্যাম্পাসের ১০৬.৬৬ একর এর মাটি ভরাটকৃত জায়গা*

## অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণ ও সৌন্দর্য বর্ধন

### মেঘনা ভবনে রেনোভেশন কাজ

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ায় এবং নতুন কিছু বিভাগ ও ইনস্টিটিউট খোলায় অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণের উদ্দেশ্যে বর্তমানে ব্যবহৃত ১০তলা বিশিষ্ট মেঘনা ভবনে নিম্নলিখিত কার্যাবলী সম্পন্ন করা

কম্পিউটার ল্যাব সম্প্রসারণ এবং শিক্ষকদের জন্য নতুন অফিস কক্ষ নির্মাণ করা হয়েছে। এছাড়া শিক্ষক/কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য ডাইনিং রুম, ক্যাফেটেরিয়া নতুন ভাবে সাজানো হয়েছে।




*কম্পিউটার ল্যাব এর শুভ উদ্বোধন*



*কম্পিউটার ল্যাব*



*ক্যাফেটেরিয়া*

## বর্ধিত অস্থায়ী ক্যাম্পাস (পদ্মা ভবন)

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম অব্যাহত ভাবে বৃদ্ধি পাওয়ায় এবং নতুন কিছু বিভাগ ও ইনস্টিটিউট খোলায় অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণের উদ্দেশ্যে ঢাকাস্থ মিরপুর সাড়ে এগারোতে অবস্থিত একটি ৮ম তলা বিশিষ্ট ভবন "পদ্মা ভবনের" নীচ তলা ও ৩য় তলা হতে ৮ম তলা পর্যন্ত ভাড়া নেওয়া হয়েছে। উক্ত ভবনে আধুনিক হাইড্রোডাইনামিক ল্যাব, মেরিন বায়োটেক ল্যাব, বে অব বেঙ্গল রিসার্স ল্যাবসহ ক্লাস রুম, অফিস রুম, লাইব্রেরি, ক্যাফেটোরিয়া এবং অন্যান্য সুবিধার ব্যবস্থা রাখা হয়েছে। মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি গত ৫ জুলাই ২০২০ তারিখে আধুনিক মানে সজ্জিত ভবনটি শুভ উদ্বোধন করেন।



*পদ্মা ভবন উদ্বোধনকালে উপাচার্য, শিক্ষক ও কর্মকতাবৃন্দ*




*উদ্বোধনকৃত পদ্মা ভবন*

## বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী হল

বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য বর্তমানে দুটি ছাত্রাবাস রয়েছে এবং আবাসন সুবিধা নিশ্চিৎকল্পে গত মার্চ ২০২০ হতে মিরপুর ডিওএইচএস -এ ৭তলা বিশিষ্ট একটি ভবন নতুন ছাত্রীনিবাস হিসেবে ভাড়া নেওয়া হয়েছে। উক্ত ভবনে ৩৯জন ছাত্রীর আবাসন সংস্থান হয়েছে। এছাড়া দু'টি ছাত্র হলের মোট ৪৭ জন ছাত্র রয়েছে।



*ছাত্রী হল*

## একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট এর কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার শুরু থেকেই উচ্চ শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে বদ্ধপরিকর। এরই প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ে গত জুলাই ২০১৬ সাল হতেই একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট প্রতিষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের জনবল কাঠামোয় ডিপার্টমেন্টটি অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রতিষ্ঠার শুরু থেকেই এই বিভাগটি বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষার মান উন্নয়ন, শিক্ষকদের শিখন-শিক্ষণ এর পদ্ধতি ও দক্ষতা বৃদ্ধিতে কাজ করে আসছে। এ বিভাগটি বিশ্ববিদ্যালয়ের অনুষদ সদস্যবৃন্দের দক্ষতা বৃদ্ধিতে অভ্যন্তরীণ সেমিনার, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কোয়ালিটি স্পেশালিস্টদের দ্বারা সেমিনার ও ওয়ার্কশপ এর আয়োজন করে থাকে। এছাড়াও শিক্ষক, ছাত্র, শিক্ষাব্যবস্থা প্রভৃতির উন্নয়নে মূল্যায়ন কার্যক্রম শুরু করেছে।

### বিএসএমআরএমইউ এর তত্ত্বাবধানে Centre for Innovative Leadership Navigation (CILN), London, UK কর্তৃক Micro-Compass Quality Assurance Program" শীর্ষক ৫ দিনব্যাপী শর্ট প্রোগ্রাম আয়োজন

অত্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার শুরু থেকেই উচ্চ শিক্ষা ও গবেষণায় যথাযথ গুণগতমান নিশ্চিত করতে বদ্ধ পরিকর। সে লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অনুষদ সদস্যবৃন্দের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পাক্ষিক ভিত্তিতে অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার আয়োজন এবং সময়ে সময়ে দেশী বিদেশী বিশেষজ্ঞ দ্বারা সেমিনার/ওয়ার্কশপ ধারাবাহিকভাবে আয়োজন করা হয়ে থাকে। উল্লেখ্য, গত ৮-১২ জুলাই ২০১৯ তারিখ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ইংল্যান্ড সফর করেন। এ সময় পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে Solent University, Portsmouth University ও Centre for Innovative Leadership Navigation (CILN) এর সাথে বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এরই পরিপ্রেক্ষিতে, ১-৫ ডিসেম্বর ২০১৯ তারিখে ৫ দিন ব্যাপী যুক্তরাজ্যের CILN এর ২ জন বিশেষজ্ঞ দ্বারা "Micro-Compass Quality Assurance Program" শীর্ষক ৫ দিনব্যাপী শর্ট প্রোগ্রাম আয়োজন করা হয়। প্রোগ্রামটি পরিচালনা করেন CILN, UK এর এক্সিকিউটিভ চেয়ার ড. পি আর দত্ত এবং প্রফেসর ডেভিড এম জে গ্রেভ্স। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের অফিসারগণ ও বিভিন্ন ফ্যাকাল্টির শিক্ষক এবং কর্মকর্তাগণ উপস্থিত থেকে আলোচ্য বিষয়ে সম্যক ধারণা ও দক্ষতা অর্জন করেন। শর্ট প্রোগ্রাম সমাপনান্তে অংশগ্রহণকারীদের মাঝে CILN, UK প্রদত্ত সার্টিফিকেট বিতরণ করা হয়।



*Professor David M J Graves*



*প্রোগ্রাম শেষে গ্রুপ ফটোগ্রাফি*



*Dr. P.R Datta কে উপাচার্য কর্তৃক উপহার প্রদান*



*উপাচার্য কর্তৃক সার্টিফিকেট বিতরণ*

## সামুদ্রিক অপরাধ এবং সুরক্ষা বিষয়ক বিশেষ সেশন আয়োজন




*মূল প্রবন্ধ উপস্থাপন করছেন ভাইস-চ্যান্সেলর মহোদয়*

গত ০৮ ডিসেম্বর ২০১৯ তারিখে ঢাকাস্থ ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত এক আন্তর্জাতিক কনফারেন্সে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি সামুদ্রিক অপরাধ এবং সুরক্ষা বিষয়ক একটি বিশেষ সেশন আয়োজন করে। "দ্যা ফোর্থ ইন্টারন্যাশনাল কনফারেন্স অন গ্লোবালাইজেশন, অন্ট্রিপ্রিনিউরশীপ অ্যান্ড এমার্জিং ইকোনোমিস" শীর্ষক কনফারেন্সে প্রথম দিনে উক্ত সেশন আয়োজন করা হয়। উক্ত সেশনটি সিআইএলএন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (AQAED দপ্তরের সমন্বয়ে) যৌথ ভাবে আয়োজন করে। উক্ত সেশনে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল ও গ্রীনউইচ ইউনিভার্সিটির প্রফেসর ও গ্লোবাল মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড ডিফেন্স-এর উপদেষ্টা প্রফেসর ক্রিস বেলামি মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ভাইস-চ্যান্সেলর মহোদয় তার প্রবন্ধে বঙ্গোপসাগরে টেকসই মেরিটাইম উন্নয়নের জন্য ওশান গভর্ন্যান্সের উপর আলোকপাত করেন। উক্ত সেশনে আরো প্রবন্ধ উপস্থাপন করেন, মেরিন কেয়ার কনসালট্যান্ট বাংলাদেশ-এর এমডি জিল্লুর রহমান ভুঁইয়া, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রফেসর আব্দুল আলিম, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির প্রফেসর ড. আফতাব আলম খান ও প্রফেসর সৈয়দ রাশিদুল হাসান এবং এম আনোয়ারুল ইসলাম। কনফারেন্সে বক্তাগণ মেরিটাইম খাতে বিবিধ অপরাধ চিহ্নিতকরণ ও সুরক্ষায় করণীয় সম্বন্ধে আলোচনা করেন। উক্ত কনফারেন্সে বিশ্ববিদ্যালয়ের ঊর্ধতন কর্মকর্তাসহ শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার









*অভ্যন্তরীণ সেমিনারে শিক্ষকবৃন্দ*

বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ ও বিভাগের শিক্ষকদের ব্যক্তিগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট ১৭ ডিসেম্বর ২০১৭ থেকে শুরুতে সাপ্তাহিক রবিবার ও পরবর্তীতে পাক্ষিক ভিত্তিতে সোমবার অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার আয়োজন করে আসছে। ইতোমধ্যে যার ৪টি ধাপ সফলভাবে সম্পন্ন হয়েছে এবং পঞ্চম ধাপের কার্যক্রম চলমান রয়েছে । গত বছরে যে সকল অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার আয়োজিত হয়েছে তাদের তালিকা নিম্নরূপ:

| তারিখ | বক্তা | প্রবন্ধ |
|---|---|---|
| ২২ জুলাই ১৯ | রাজু আহম্মেদ, প্রভাষক, ইংরেজি | Identifying English Language Requirements for the Rise of Bangladesh as a Maritime Nation and Developing a Learning Model of Maritime English |
| ০৬ আগস্ট ১৯ | ড. মোঃ আবুল হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা | Sensors and its Application |
| ১৯ আগস্ট ১৯ | সুনন্দা মজুমদার, প্রভাষক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | Challenges in Implementation the Multimodal Transportation in Bangladesh. |
| ২৬ আগস্ট ১৯ | মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী, প্রভাষক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | Enhancement of Operational Efficiency of ICD's: A Case Study |
| ০৯ সেপ্টেম্বর ১৯ | নুসরাত জাহান, প্রভাষক, পদার্থ বিদ্যা | Theory of Laser Light |
| ১৬ সেপ্টেম্বর ১৯ | খন্দকার রাসেল হাসান, সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট এবং ওয়াহিদুল শেখ, সহকারী অধ্যাপক, ম্যানেজমেন্ট | HRM Practices in Shipping Companies of Bangladesh |
| ১৪ অক্টোবর ১৯ | স্বর্ণা দত্ত, প্রভাষক, বাংলা | নারীবাদী সাহিত্য তত্ত্বের আলোকে রোকেয়া সাখাওয়াত হোসেনের সাহিত্যকর্ম। |
| ১১ নভেম্বর ১৯ | দেওয়ান মাজারুল ইসলাম, প্রভাষক, নটিক্যাল সায়েন্স | IWT: As a Sustainable Transportation System |
| ২৩ ডিসেম্বর ১৯ | ফারহানা আক্তার, প্রভাষক, রসায়ন | An Introduction to Polymer Materials and Their Widespread Application |
| ২০ জানুয়ারি ২০ | মোঃ সাঈদী হাসান, প্রভাষক, অফশোর ইঞ্জিনিয়ারিং | Floating Offshore Terminal |
| ০৩ ফেব্রুয়ারি ২০ | আহনাফ রহমান, প্রভাষক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড ওশান ইঞ্জিনিয়ারিং | Towing Tank and Ocean Basin |
| ১৭ ফেব্রুয়ারি ২০ | ড. মোহাম্মদ তানজিল হাসান, সহকারী অধ্যাপক, গণিত | The stability and convergence of time stepping/spectral method with asymptotic behavior for the Rosenam-Burger equation |
| ১৬ মার্চ ২০ | মোসা. ইসরাত জাহান মিলি, প্রভাষক, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি | Productivity and Nutrient Variability in Relation to Chlorophyll A and Physical Characteristics in the North Eastern Part of Bay of Bengal |

ভবিষ্যতে ইউজিসির সাথে একাডেমিক কোয়ালিটি সংক্রান্ত প্রজেক্ট ও স্থায়ী কার্যক্রমের সাথে একীভূতকরণ ও বাংলাদেশ এক্রেডিটেশন কাউন্সিল এর সদস্যপদ এবং এক্রেডিটেশন সার্টিফিকেট অর্জনের লক্ষ্যমাত্রা এই বিভাগের রয়েছে। সেই সাথে দেশী বিদেশী বিশেষজ্ঞ দ্বারা সেমিনার, প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম অব্যাহত থাকবে। এছাড়াও নবনিযুক্ত ফ্যাকাল্টি মেম্বারদের ইংরেজি ভাষার উপর দক্ষতা বৃদ্ধিতে ব্রিটিশ কাউন্সিল এর তত্ত্বাবধানে শীঘ্রই একটি শর্ট কোর্স পরিচালনা এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ফাউন্ডেশন ট্রেনিং আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

# কলেজ, একাডেমি ও ইনস্টিটিউট পরিদর্শক দপ্তরের কার্যক্রম

## মেরিন একাডেমি সমূহে ভর্তি সংক্রান্ত গেজেট প্রকাশ

বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম ও অন্যান্য সরকারি/বে-সরকারি মেরিন একাডেমিতে প্রি-সী নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং কোর্সে ক্যাডেট ভর্তির নিমিত্তে গত ২২ অক্টোবর ২০১৯ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক সমন্বিত ক্যাডেট ভর্তি পরীক্ষা গ্রহণের নীতিমালা সংক্রান্ত গেজেট প্রকাশিত হয়। গেজেটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর একজন প্রতিনিধিকে সমন্বিত ক্যাডেট ভর্তি পরীক্ষা পরিচালনার জন্য গঠিত কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ক্যাডেট ভর্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বাংলাদেশ মেরিন একাডেমি ও মেরিন ফিশারিজ একাডেমিতে ব্যাচেলর অব মেরিটাইম সায়েন্স কোর্স (নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং) এর অধীনে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ক্যাডেট ভর্তির নিমিত্তে ০৮ নভেম্বর ২০১৯ তারিখে সমন্বিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়া ১৩ ডিসেম্বর ২০১৯ তারিখে মেরিন ফিশারিজ একাডেমিতে বিএসসি ইন মেরিন ফিশারিজ কোর্সে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। উল্লিখিত ক্যাডেট ভর্তি পরীক্ষা গ্রহণের নিমিত্তে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর প্রতিনিধি দায়িত্ব পালন করেন। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বাংলাদেশ মেরিন একাডেমিতে ১৭৭ জন ও মেরিন ফিশারিজ একাডেমিতে ৯১ জন ক্যাডেট ভর্তি হয়েছে।

## অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমি ও মেরিন ফিশারিজ একাডেমির শিক্ষা কার্যক্রমের উন্নয়ন ও পরীক্ষা গ্রহণের নিমিত্তে বিভিন্ন সময়ে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দল অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করেন। অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের মানোন্নয়নের লক্ষ্যে পরিদর্শন দল কর্তৃক সন্তোষ প্রকাশসহ বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য যে, মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে অধিভুক্ত প্রতিষ্ঠান-সমূহ বিভিন্ন কর্মসূচি পালন করেছে।

## গ্রাজুয়েশন প্যারেড

গত ২২ জানুয়ারি ২০২০ তারিখে মেরিন ফিশারিজ একাডেমির ৩৮তম ব্যাচের ক্যাডেটদের গ্রাজুয়েশন প্যারেড অনুষ্ঠিত হয়। বাংলাদেশ মেরিন একাডেমিতে ২৯ জানুয়ারি ২০২০ তারিখে ৫৪তম ব্যাচের ক্যাডেটদের গ্রাজুয়েশন প্যারেড অনুষ্ঠিত হয়। উভয় গ্রাজুয়েশন প্যারেডে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর প্রতিনিধি অংশগ্রহণ করেন। গ্রাজুয়েশন প্যারেড সমূহে প্রধান অতিথি হিসেবে মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি উপস্থিত ছিলেন।

## অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য পরীক্ষার ফি, সম্মানী/পারিতোষিক কাঠামো প্রণয়ন

বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য পরীক্ষার ফি, সম্মানী/পারিতোষিক কাঠামো প্রণয়নের লক্ষ্যে ইতিপূর্বে একটি কমিটি গঠিত হয়। গত বছরে গঠিত কমিটির কয়েকটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রতিবেদনের মধ্যে নির্বাচিত কিছু অংশ সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত হয়েছে।

## বাংলাদেশ নেভাল একাডেমিকে অধিভুক্তকরণ

বিশ্বদ্যিালয়ের একাডেমিক কাউন্সিলের ২৬তম সভায় বাংলাদেশ নেভাল একাডেমিকে অধিভুক্তকরণের বিষয়টি আলোচিত হয় এবং বাংলাদেশ নেভাল একাডেমিকে ভবিষ্যতে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত করার বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

## অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থী সংখ্যা

বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমিতে ৬০৯ জন শিক্ষার্থী এবং মেরিন ফিশারিজ একাডেমিতে ২৫৬ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে।

## ইন্সপেক্টর অব কলেজ/একাডেমিস/ইনস্টিটিউটস দপ্তরের কর্মকর্তা পরিসংখ্যান

ক. পরিদর্শক: ০১ (এক) জন।

খ. সহকারী পরিদর্শক: ০১ (এক) জন।

# বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং শাখার উল্লেখযোগ্য কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ) ২৬ অক্টোবর ২০১৩-এ মহান জাতীয় সংসদের ৪৭ নং আইন দ্বারা বাংলাদেশের প্রথম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর। বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার পর হতে অদ্যাবধি বিশ্ববিদ্যালয়ের সিভিল ও ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স কার্যক্রম প্রকৌশল শাখার অধীনে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সংস্কার ও পরিবর্ধনের কার্যক্রম অত্র শাখার অধীনে সম্পন্ন হয়। বিগত বছরের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নে লিপিবদ্ধ করা হলো।

## অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণ

### (১) অস্থায়ী ক্যাম্পাস ভবনের রেনোভেশন কাজ

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ায় এবং নতুন কিছু বিভাগ ও ইনস্টিটিউট খোলায় অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণের উদ্দেশ্যে বর্তমানে ব্যবহৃত ১০ তলা বিশিষ্ট মেঘনা ভবনের প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বধায়নে বিশ্ববিদ্যালয়ের সম্মুখের পোর্চ রেনোভেশনসহ নামাজের স্থান, শিপ কোম্পানি ডাইনিং হল, অফিসার্স ডাইনিং রুম, ইঞ্জিনিয়ারিং স্টোর এবং ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিসের রেনোভেশন/ইন্টেরিয়র ডেকোরেশন কার্যক্রম সম্পন্ন করা হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সম্মুখের মেঝেতে টাইলস স্থাপন করা হয়। বিশ্ববিদ্যালয়ের বর্তমান অস্থায়ী ক্যাম্পাসের অধিক কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য বিভিন্ন ফ্লোরের নতুন লে-আউট প্ল্যান প্রস্তুত করা হয়েছে, এতে নতুন নিয়োগকৃত শিক্ষক কর্মচারীদের অফিস সুবিধাদি প্রদান করা সহজ হবে।



*অস্থায়ী ক্যাম্পাস ভবনের সম্মুখের পোর্চ রেনোভেশন লে-আউট প্ল্যান*

(২) বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ায় এবং নতুন কিছু বিভাগ ও ইনস্টিটিউট খোলায় অস্থায়ী ক্যাম্পাস সম্প্রসারণের উদ্দেশ্যে ঢাকাস্থ মিরপুর সাড়ে এগারোতে অবস্থিত একটি ৮ম তলা বিশিষ্ট ভবন "পদ্মা ভবনের" ৩য় তলা হতে ৮ম তলা পর্যন্ত মোট ৬টি ফ্লোর ভাড়া নেওয়া হয়েছে। উক্ত ফ্লোর সমূহের সংস্কার ও পরিবর্ধনের কাজ প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বধায়নে যথাযথ ভাবে সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনে Wet Lab, Geologicaland Physical Oceanography Lab, Marine Biotechnology Lab, Marine Hydrodynamics Lab, ক্যাফেটেরিয়াসহ বেশ কিছু আধুনিক Class Room স্থাপন করা হয়েছে। এছাড়াও উক্ত ভবনে পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন), ইন্সপেক্টর অব একাডেমীক্স/ইনস্টিটিউটস, কন্ট্রোলার অব এক্সামিনেশন এর অফিস এবং একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট স্থাপন করা হয়েছে।



*পদ্মা ভবনে অস্থায়ী ক্যাম্পাস বর্ধিতাংশ উদ্বোধন*

### (৩) ফিজিক্স ল্যাবের রেনোভেশন কাজ

প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বধায়নে বিশ্ববিদ্যালয়ের চতুর্থ ফ্লোরে একটি অত্যাধুনিক ফিজিক্স ল্যাব স্থাপনের কাজ সম্পন্ন করা হয়। গত ০৯ জানুয়ারি ২০২০ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি উক্ত ল্যাব উদ্বোধন করেন।



*ফিজিক্স ল্যাব উদ্বোধনকালে উপাচার্য মহোদয়*

### (৪) কম্পিউটার কাম ল্যাঙ্গুয়েজ ল্যাবের রেনোভেশন কাজ

প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বধায়নে বিশ্ববিদ্যালয়ের ২য় ফ্লোরের কম্পিউটার কাম ল্যাঙ্গুয়েজ ল্যাবটির আসন সংখ্যা বৃদ্ধি এবং আধুনিকায়নের লক্ষ্যে এর আয়তন বৃদ্ধির কাজ সম্পন্ন করা

হয়। গত ১২ মার্চ ২০২০ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল ল্যাব উদ্বোধন করেন।




*কম্পিউটার কাম ল্যাঙ্গুয়েজ ল্যাব উদ্বোধনকালে উপাচার্য মহোদয়*

## স্থায়ী ক্যাম্পাসের প্রজেক্ট কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রজেক্ট এর নিম্নলিখিত কার্যক্রমের অগ্রগতি হয়েছে। যথা:

ক। জমির চারপাশে মাটি ভরাট কাজের ঠিকাদার নিয়োগ সম্পন্ন হয়েছে এবং তাদের কার্যক্রম চলমান রয়েছে।
খ। ক্যাম্পাসের প্রবেশমূলে অবস্থিত খালের উপর চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক একটি বেইলি ব্রিজ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।
গ। বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত জায়গা চর এলাকা হওয়ায় এবং কর্ণফুলী নদীর পাড়ে অবস্থিত হওয়ায় ব্যাপক ভূমি উন্নয়নের প্রয়োজন হবে। ড্রেজিং এর মাধ্যমে মাটিভরাট কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে।
ঘ। বিশ্ববিদ্যালয়ের সকল ভবনের ফ্লোর প্ল্যানের কাজ সম্পন্ন হয়েছে।

## প্রকৌশল শাখায় নতুন জনবল নিয়োগ (স্থায়ী)

বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখায় নিম্নে বর্ণিত কর্মকর্তাগণকে স্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়েছেঃ

ক। জনাব মোঃ আব্দুল হালিম, নির্বাহী প্রকৌশলী (সিভিল), যোগদানের তারিখঃ ১০ মার্চ ২০২০।

খ। জনাব সৈয়দ মেহেদী হাসান, সহকারী প্রকৌশলী (সিভিল), যোগদানের তারিখঃ ২৪ মার্চ ২০২০।

গ। জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), যোগদানের তারিখঃ ০২ ডিসেম্বর ২০১৯।

## করোনা প্রতিরোধে গৃহীত পদক্ষেপ

ক। বিশ্ববিদ্যালয়ের সম্মুখে প্রবেশ পথে জীবাণুনাশক টানেল স্থাপন করা হয়েছে।

খ। বিশ্ববিদ্যালয়ে প্রবেশের পূর্বে হাত ধৌত করে প্রবেশের জন্য ওয়াশ বেসিন স্থাপন করা হয়েছে।

গ। বিশ্ববিদ্যালয়ে প্রবেশের পূর্বে তাপমাত্রা পরিমাপ করার জন্য প্রবেশ পথে তাপমাত্রা পরিমাপক কক্ষ স্থাপন করা হয়েছে।

# বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ এর কর্মকাণ্ড

সূচনালগ্ন থেকেই বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ ব্যবহারকারীগণের সর্বোত্তম ও মানসম্পন্ন তথ্য সেবা দানের লক্ষ্যে নিরসলভাবে কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষিতে কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভে আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তির সংযোজন ও ব্যবহারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বর্তমানে গ্রন্থাগার ব্যবস্থাপনার কাজ সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে KOHA Library Management Software এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে যা ব্যবহারকারীগণের সময় এবং শ্রমের সাশ্রয় করেছে। তাছাড়া এর মাধ্যমে ব্যবহারকারীগণ সহজেই তাদের প্রয়োজনীয় বই অনুসন্ধান, নিজেদের নামে ইস্যুকৃত বই এবং জমাদানের তারিখসহ বিস্তারিত জানতে পারছেন। অপরদিকে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রকাশনা যেমন: জার্নাল, ম্যাগাজিন, বার্ষিক প্রতিবেদনসহ শিক্ষার্থীদের থিসিস পেপারের অনলাইন কপি সংগ্রহের জন্য কেন্দ্রীয় গ্রন্থাগারে DSpace সফটওয়্যার চালু রয়েছে যা বিশ্ববিদ্যালয়ের Digital Repository হিসেবে কাজ করছে। বিশ্ববিদ্যালয়ের নতুন চালুকৃত পদ্মা ভবনে একাডেমিক কার্যক্রম চালু হওয়ার সাথে সাথেই সেখানে গ্রন্থাগারের একটি শাখা খোলা হয়েছে। ফলশ্রুতিতে পদ্মা ভবনের শিক্ষার্থীগণ তাদের চাহিদা অনুযায়ী উভয় গ্রন্থাগার ব্যবহার করতে পারে।

অপরদিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারে অবস্থিত বঙ্গবন্ধু কর্ণারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের উপর বিপুল সংখ্যক বই সংগ্রহ করা হয়েছে। এই সংগ্রহ প্রক্রিয়া চলমান রয়েছে। ফলে ব্যবহারকারীগণ সহজেই বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সম্পর্কে গবেষণা ও সম্যক ধারণা লাভ করতে পারে



*বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ*

বর্তমান সময়ে গ্রন্থগারের স্থান সংকুলান ও কমসময়ে আধুনিক তথ্য প্রাপ্তির ক্ষেত্রে ই-রিসোর্সের গুরুত্ব অপরিসীম। তাই প্রিন্টেড বই এবং জার্নাল সংগ্রহের পাশাপাশি কেন্দ্রীয় গ্রন্থগার ই-রিসোর্স সামগ্রীর সংগ্রহ ও ব্যবহারের দিকে বিশেষভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে কেন্দ্রীয় গ্রন্থাগার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আওতাধীন ইউনিভার্সিটি ডিজিটাল লাইব্রেরি (ইউডিএল) এর সহায়তায় ও নিজস্ব উদ্যোগে বিভিন্ন বিষয়ের ও প্রকাশকের ৫৭০০ ই-বুক এবং বিপুল সংখ্যক ই-জার্নাল সাবক্রাইব করছে। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক ও শিক্ষাথীদের পর্যাপ্ত পরিমাণ ই-রিসোর্স প্রাপ্তির লক্ষ্যে আইন বিষয়ক ই-রিসোর্সের অন্যতম উৎস 'Manupatra' সাবক্রাইব করা হয়েছে। গ্রন্থাগার ব্যবহারকারীগণের যে কোন স্থান হতে ২৪/৭ ই-রিসোর্স সমূহে প্রবেশ সুবিধা প্রদানের লক্ষ্যে 'Remote Access'সেবা চালু রয়েছে।

বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের সর্বোত্তম ব্যবহার করা নিশ্চিত করার লক্ষ্যে গ্রন্থগারে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষ ও পেশাগত পর্যাপ্ত জ্ঞান থাকা আবশ্যক। তাই সর্বোচ্চ পাঠক সেবা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন সময়ে গ্রন্থগারে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে বিভিন্ন প্রতিষ্ঠান ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আয়োজিত বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ ও ট্রেনিং প্রোগ্রামে পাঠানো হয়।
তাছাড়া গ্রন্থাগার ব্যবহারকারীগণের নিকট গ্রন্থগারের সংগ্রহ এবং ই-রিসোর্স ব্যবহারের সঠিক ও যথাযথ নির্দেশনা প্রদানের লক্ষ্যে প্রতি ব্যাচের সেমিস্টারের শুরুতে ওরিয়েন্টেশন ক্লাসের আয়োজন করা হয় এবং তাদের ব্যবহারিক প্রয়োজনে সেবাদানের লক্ষ্যে গ্রন্থাগার কর্মীগণ সব সময় প্রস্তুত রয়েছে।

সংগৃহীত সকল পাঠ্য সামগ্রীর সর্বোচ্চ ব্যবহারই যে কোন গ্রন্থাগারের প্রধান উদ্দেশ্য। তাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ তার সীমিত সংখ্যক পাঠ্যসামগ্রী দিয়ে সর্বোচ্চ পরিমাণে পাঠক সেবা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। তাছাড়া বিভিন্ন সময়ে শিক্ষক ও শিক্ষার্থীগণের মতামতের উপর ভিত্তি করে তাদের চাহিদা অনুযায়ী পাঠ্য সামগ্রীর সংগ্রহ করে যাচ্ছে। বর্তমান সময়ে ই-রিসোর্সের ব্যাপক চাহিদা পরিলক্ষিত হওয়ায় কেন্দ্রীয় গ্রন্থগার ই-রিসোর্স সমূহ সমৃদ্ধ করার জন্য বিশেষ ভাবে গুরুত্ব দিচ্ছে।

# বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের কার্যক্রম

শিক্ষা ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে শিক্ষিত জনগোষ্ঠির জীবনমানে ইতিবাচক পরিবর্তন করা সম্ভব। এ লক্ষ্যে বর্তমান সরকার আইসিটি সেক্টরকে রূপকল্প-২০২১, ভিশন-২০৪১ ও ডেল্টা প্ল্যান ২১০০ বাস্তবায়নের অন্যতম মাধ্যম হিসেবে বিবেচনা করছে। নবপ্রজন্মকে সমুদ্রবিদ্যার পাশাপাশি তথ্য প্রযুক্তি বিষয়ে দক্ষ করে গড়ে তোলা এবং ডিজিটাল বাংলাদেশ নির্মাণের লক্ষ্য অর্জনে ভূমিকা রাখতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ বদ্ধপরিকর। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়কে আধুনিক এবং আইসিটি বান্ধব বিশ্ববিদ্যালয়ে পরিণত করার প্রয়োজনে আইসিটি সেন্টার পরিকল্পনা মাফিক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে আসছে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম এবং গবেষণাকে বিবেচনায় রেখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য গৃহীত ২০১৯-২০২০ অর্থবছরে তথ্য প্রযুক্তি বান্ধব উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো:

### নেটওয়ার্ক অবকাঠামো পরিবর্ধন

বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান অভ্যন্তরীণ LAN (Local Area Network) কে উন্নত প্রযুক্তির Switch, Router, Firewall সংযোজনের মাধ্যমে আরো শক্তিশালী ও নিরাপদ করা হয়েছে ও শিক্ষার্থীদের অনলাইনে পাঠদানের জন্য হলসমূহ ইন্টারনেটের আওতায় আনা হয়েছে। পাশাপাশি হাইস্পিড ইন্টারনেট সংযোগ বিশিষ্ট Campus Area Network (CAN) কে আরো পরিবর্ধন ও যুগোপযোগী করা হয়েছে।

### ক্যাম্পাসে ওয়াইফাই কাভারেজ উন্নতকরণ

আধুনিক প্রযুক্তি ব্যবহার করে সম্পূর্ণ ক্যাম্পাসে একই SSID সম্বলিত Wifi নেটওয়ার্ক স্থাপন, পরিবর্ধন এবং অধিকতর নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী সহ সকল ছাত্র-ছাত্রীদের উন্নত Wifi প্রযুক্তির মাধ্যমে High Speed Internet সুবিধা প্রদান করা হচ্ছে। সকল দপ্তরে অবস্থিত প্রিন্টার ও ফটোকপিয়ার মেশিনগুলোকে Wifi নেটওয়ার্কের আওতায় আনার ফলে বিশ্ববিদ্যালয়ের রিসোর্স সমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

### বিশ্ববিদ্যালয়ের নতুন ডাইনামিক ওয়েবসাইট উন্মুক্তকরণ

বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর হতে তথ্য হালনাগাদ, শিক্ষক কর্মকর্তাদের ব্যক্তিগত প্রোফাইল তৈরি, গুরুত্বপূর্ণ নোটিশ, নিউজ ইত্যাদি সকলের ব্যবহার উপযোগী করে উপস্থাপনের জন্য www.bsmrmu.edu.bd ঠিকানার পূর্বের স্ট্যাটিক ওয়েবসাইটটিকে ডাইনামিক করা হয়েছে।

### Digital IP Based PABX System পরিবর্ধন

বহিঃসংস্থাসহ দেশের অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষার জন্য ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ে আইপি টেলিফোন সংযোগ গ্রহণ করা হয়েছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ যোগাযোগের জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন আধুনিক Server Based IP PABX System চালু আছে, যার মাধ্যমে প্রয়োজন মোতাবেক গ্রাহক সংখ্যা বৃদ্ধি করা হচ্ছে।

### University Automation System স্থাপন

বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ভর্তি, রেজিস্ট্রেশন, কোর্স পরিচালনা, রেজাল্ট প্রকাশনা ইত্যাদি যুগোপযোগী করা এবং দাপ্তরিক সকল কার্যক্রম স্বল্প সময়ে নির্ভুলভাবে Digitally সম্পাদনের লক্ষ্যে ইতোমধ্যে আইসিটি সেন্টারের উদ্যোগে ও সার্বিক কারিগরি সহায়তায় University Automation System (BIMS) স্থাপনের কাজ এগিয়ে চলছে।

### তথ্য নিরাপত্তা বিধান

বিশ্ববিদ্যালয়ের সকল ডিজিটাল কনটেন্টের নিরাপত্তা বিধানের জন্য উন্নত প্রযুক্তির Firewall স্থাপন করা হয়েছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ে ব্যবহৃত কম্পিউটার সমূহের তথ্য নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে আধুনিক মানের উচ্চ ক্ষমতা সম্পন্ন সার্ভার বেজড End Point Solution (Client Server Based Internet Security System) সংযোজন করা হয়েছে।

### অনলাইন পাঠদান কার্যক্রম চালুকরণ

কোভিড-১৯ ভাইরাসের প্রাদুর্ভাবের সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে আইসিটি সেন্টারের কারিগরী সহায়তায় সম্পূর্ণ অনলাইনভিত্তিক পাঠদান কার্যক্রম চালু করা হয় এবং যা অদ্যাবধি চালু রয়েছে।

### অন্যান্য কারিগরি সহায়তা

নিজস্ব কার্যাদির পাশাপাশি আইসিটি সেন্টার বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরকে কারিগরি সহায়তা প্রদান করে আসছে। বিশ্ববিদ্যালয়ের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নাইটভিশন সুবিধাসহ উচ্চক্ষমতা সম্পন্ন NVR System সম্বলিত সিসিটিভি মনিটরিং সিস্টেম চালু করা হয়েছে। আইসিটি সেন্টার উক্ত সিস্টেমের যান্ত্রিক কার্যক্ষমতা পর্যবেক্ষণ সহ যাবতীয় মেইন্টেন্যান্স সহায়তা প্রদান করছে। এ ছাড়াও আইসিটি সেন্টারের কারিগরি সহায়তায় বিশ্ববিদ্যালয়ে Digital Library Management System ও Certificate Management System এর সার্ভারসহ অন্যান্য সিস্টেম বর্তমান চালু আছে।

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্প এর কার্যক্রম

বাংলাদেশের সমুদ্রসম্পদ আহরণ এবং জাতীয় ও ভূ-রাজনৈতিক প্রেক্ষাপটে টেকসই অর্থনীতির ভবিষ্যৎ সোপান সুনীল অর্থনীতি তথা Blue Economy বিকাশের নিমিত্তে সুদক্ষ জনবল ও মেরিটাইম বিশেষজ্ঞ তৈরির মহৎ উদ্দেশ্য পূরণে বিগত ২০১৩ সালে জাতির পিতার নামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর একাডেমিক এবং প্রশাসনিক কার্যক্রম মিরপুর-১২, পল্লবীতে অবস্থিত অস্থায়ী ক্যাম্পাসে চলমান রয়েছে এবং চট্টগ্রাম জেলার বন্দর ও চাঁদগাও থানাধীন হামিদচর এলাকায় ১০৬.৬৬ একর জমিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্পটির কার্যক্রম দ্রুত গতিতে এগিয়ে চলেছে।

## প্রকল্পের সারসংক্ষেপ ও বর্তমান অগ্রগতি

৩০ অক্টোবর ২০১৮ তারিখে একনেক সভায় প্রকল্পটির ডিপিপি অনুমোদিত হয় এবং ১৯ ডিসেম্বর ২০১৮ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। প্রকল্পটির প্রথম পর্যায়ের উন্নয়ন বাজেট হিসেবে ১১৮৩.৯৬৮৪ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নের সময়সীমা ডিসেম্বর ২০১৮- ডিসেম্বর ২০২১ ধরা হয়েছে। ডিপিএম (ডাইরেক্ট প্রকিউরিং মেথড) বা সরাসরি ক্রয় পদ্ধতিতে বাস্তবায়নকৃত প্রকল্পটির মূল ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে চট্টগ্রাম ড্রাই-ডক লিমিটেড কে নির্বাচন করা হয়েছে। মূল ঠিকাদারের অধীনে Beijing Urban Construction Group (BUCG) এবং Baraka Engineers Limited (BEL) যৌথভাবে কাজটি সম্পাদন করবে। ভূমি উন্নয়ন, মাটি ভরাট, ল্যান্ডস্কেপিং ও অস্থায়ী প্রতিরক্ষা বাঁধ নির্মাণ এর লক্ষ্যে বিগত ১৮ জুলাই ২০১৯ তারিখে ঠিকাদার প্রতিষ্ঠান চট্টগ্রাম ড্রাই-ডক লিমিটেডের সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পের পরামর্শদাতা প্রতিষ্ঠান হিসেবে Institute of Water Modelling (IWM) কে নিযুক্ত করা হয়েছে। ডিপিপি অনুযায়ী মাটি ভরাটের পরিমাণ ১৮,৬২,২৩০.৬৫ ঘনমিটার ধরা হয়েছে। প্রথম পর্যায়ে ভূমি উন্নয়নসহ কিছু গুরুত্বপূর্ণ ভবন ও অবকাঠামোসমূহ নির্মাণ করা হবে যাতে প্রাথমিকভাবে বিশ্ববিদ্যালয়টির একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম চট্টগ্রামে শুরু হতে পারে। প্রকল্পটির প্রথম পর্যায়ে নির্মিতব্য অবকাঠামোসমূহ হলঃ

- ২টি একাডেমিক ভবন
- ১টি প্রশাসনিক ভবন
- উপাচার্য মহোদয়ের কার্যালয়
- একাডেমিক সার্কেল
- ল্যাবরেটরী ও সিমুলেশন বিল্ডিং
- সিনেট ভবন ও কনভোকেশন হল
- ২টি ছাত্রহল
- ২টি ছাত্রীহল
- স্পোর্টস কমপ্লেক্স
- মসজিদ
- মেডিকেল সেন্টার
- উপাচার্য মহোদয়ের বাসভবন
- শিক্ষক ও কর্মকর্তাদের বাসভবন
- স্টাফ কোয়ার্টার
- শিক্ষক ও কর্মকর্তাদের ডরমেটরী
- স্টাফ ডরমেটরী
- রেস্ট হাউস
- ইঞ্জিনিয়ারিং অফিস
- প্রকিউরমেন্ট অফিস
- পাওয়ার স্টেশন
- পাম্প হাউস
- এমটি শেড এবং অন্যান্য অবকাঠামোসমূহ

“বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা” শীর্ষক প্রকল্পের জন্য বরাদ্দকৃত স্থানটি চট্টগ্রাম জেলার উত্তর-পূর্ব দিকে কর্ণফুলী নদীর তীরবর্তী বন্দর ও চাঁদগাও থানাধীন ৫ নং মোহরা ওয়ার্ডের অন্তর্ভুক্ত হামিদচর এলাকায় ১০৬.৬৬ একর জায়গা জুড়ে অবস্থিত। এর পূর্ব দিকে রয়েছে কর্ণফুলী নদী এবং পশ্চিম দিকে কম ঘন বসতিপূর্ণ বিশাল শিল্প এলাকা রয়েছে। বরাদ্দকৃত জমির প্রকৃতি প্রধানত জলাভূমি সদৃশ নিচু এলাকা হওয়ায় উক্ত স্থানে এই বিশেষায়িত বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য পর্যাপ্ত মাটি ভরাট, ভূমি উন্নয়ন, ল্যান্ডস্কেপিং, নদীর পাড় ভাঙ্গন প্রতিরোধ, জলাবদ্ধতা দূরীকরণ, দুর্যোগ প্রতিরক্ষা ব্যবস্থাসহ নানাবিধ অবকাঠামো নির্মাণের প্রয়োজন হবে। উল্লেখ্য, প্রকল্পটির পশ্চিম পাশে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) কর্তৃক চার লেন বিশিষ্ট সড়ক কাম শহর প্রতিরক্ষা বাঁধ নির্মিত হচ্ছে যার মাধ্যমে চট্টগ্রাম মূল শহরের সাথে বিশ্ববিদ্যালয়টির স্থায়ী কাম্পাসের উন্নত যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠিত হবে। এছাড়াও প্রকল্পটির নদী তীরবর্তী অংশে প্রতিরক্ষা বাঁধ নির্মাণের পাশাপাশি নির্ধারিত স্থানে ৬ মিটার ও ৮ মিটার উচ্চতায় মাটি ভরাটের মাধ্যমে একটি দৃষ্টিনন্দন ল্যান্ডস্কেপিং তৈরি করা হবে, যার ফলে কর্ণফুলী নদী হতে বিশ্ববিদ্যালয়টির নান্দনিক দৃশ্য উপভোগ করা সম্ভব হবে। এছাড়া বিশ্ববিদ্যালয়টির বিভিন্ন অবকাঠামো নির্মাণের পাশাপাশি কৃত্রিম হ্রদ, কৃত্রিম সেতু, পর্যাপ্ত

খোলা স্থান, প্রচুর গাছপালা থাকবে। বর্তমানে প্রকল্পটির কাজ অনুমোদিত (Development Project Proposal) অনুযায়ী দ্রুত গতিতে এগিয়ে চলছে। প্রকল্পের প্রাথমিক পর্যায়ে ভূমি উন্নয়ন এবং মাটি ভরাট কাজ বিগত ২১ জুলাই ২০১৯ হতে শুরু হয়ে বর্তমানে শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া, প্রকল্পটির ভূমি উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের মাস্টার প্ল্যান প্রণয়ন, আর্কিটেকচারাল এবং ডিটেইল ডিজাইনের কাজও দ্রুত গতিতে এগিয়ে চলছে। শীঘ্রই স্থায়ী ক্যাম্পাসের অবকাঠামো নির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়।

বর্তমান সরকারের রূপকল্প- "ভিশন-২০২১ ও ভিশন-২০৪১ এবং সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস (এসডিজি)" বাস্তবায়ন এবং মেরিটাইম সেক্টরে উন্নতির লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়টির স্থায়ী ক্যাম্পাস বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী চট্টগ্রামে সমুদ্রের নিকটবর্তী কর্ণফুলী নদীর তীরে স্থাপিত হবে বিধায় চট্টগ্রামের আর্থ সামাজিক, শিক্ষা এবং সার্বিক উন্নয়নে বিশ্ববিদ্যালয়টি ব্যাপক ভূমিকা রাখার পাশাপাশি সকল মেরিটাইম অংশীজনদের মনে প্রেরণার সঞ্চার করবে বলে আশা করা যায়।

## ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ এর কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ের বর্ধিত ক্যাম্পাস পদ্মা ভবনের ৭ম তলায় ১৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখে "Institute of Bay of Bengal and Bangladesh Studies (IBBBS)" এর নতুন কার্যালয় শুভ উদ্বোধন করেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি। শুরু থেকেই ইনস্টিটিউট এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন ক্যাপ্টেন ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন। সমুদ্র সম্পদকে কাজে লাগিয়ে দেশের অর্থনীতিকে আরো সমৃদ্ধ করাসহ নানাবিধ বিষয়ে এ বিভাগ কাজ করে আসছে।

### "PORT & SHIPPING STUDIES" শর্ট কোর্স পরিচালনা

মেরিটাইম সেক্টরে উচ্চশিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি মেরিটাইম সেক্টরে পণ্য পরিবহণ ও খালাস, পণ্যের সুষ্ঠু, নিরাপদ ও নিরবিচ্ছিন্ন সরবরাহ এবং ব্যবস্থাপন-াকে গুরুত্ব দিয়ে বিশ্ববিদ্যালয়ের এ ইনস্টিটিউটের অধীনে "PORT & SHIPPING STUDIES" শীর্ষক শর্ট কোর্স গত ৬-৭, ১৩-১৪ মার্চ ২০২০ মোট ০৪ দিন ব্যাপী সফলভাবে পরিচালিত হয়। ০৪ দিন ব্যাপী এ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার কমডোর এ এম কামরুল হক, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন। কোর্স থেকে প্রাপ্ত জ্ঞান দ্বারা প্রশিক্ষণার্থীরা নিজেদের অভিজ্ঞতা ও দক্ষতাকে কাজে লাগিয়ে দেশ-বিদেশে দক্ষ মেরিটাইম পেশাজীবী হিসেবে নিজেদের ক্যারিয়ার গড়ার পাশাপাশি দেশের শিপিং শিল্প ও বন্দর ব্যবস্থাপনাকে উন্নত ও সমৃদ্ধ করতে উল্লেখযোগ্য অবদান রাখতে পারবে বলে প্রধান অতিথি তার বক্তব্যে আশাবাদ ব্যক্ত করেন। এ কোর্সটি স্বনামধন্য রিসোর্স পারসনদের দ্বারা ১টি মূল্যায়ন সেশনসহ মোট ১৬টি সেশনের মাধ্যমে সম্পন্ন করা হয়। বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠান থেকে আগত সর্বমোট ৪৫ জন প্রশিক্ষণার্থী এবারের কোর্সটিতে অংশগ্রহণ করেন এবং আরো অনেকে পরবর্তী সময়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য আগ্রহ প্রকাশ করেছেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সফল অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার কমডোর এ এম কামরুল হক। দেশের সম্ভাবনাময় শিপিং খাতের সার্বিক উন্নয়ন ও পোর্ট সংক্রান্ত অত্যাধুনিক ব্যবস্থাপনায় উক্ত কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারবে বলে প্রধান অতিথি তার বক্তব্যে উল্লেখ করেন। উল্লেখ্য যে, Port & Shipping Studies শর্ট কোর্সটি বছরে অন্তত দুইবার পরিচালনা করার পরিকল্পনা রয়েছে। এছাড়া আগামী বছরগুলোতে সময়োপযোগী, চাহিদামাফিক এবং উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে আরো কার্যকরী কোর্স চালু করার লক্ষ্যে এ বিভাগ নিরলস কাজ করছে।




*"PORT & SHIPPING STUDIES" শীর্ষক শর্ট কোর্সের প্রশিক্ষণার্থীদের নিয়ে ফটোসেশন*

# মেডিকেল সেন্টার এর কার্যক্রম

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারটি ২০১৬ সনে স্বল্প পরিসরে এর কার্যক্রম শুরু করলেও দিনে দিনে এর সেবা প্রদান কার্যক্রমের পরিধি বেড়েই চলেছে। বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার সকল ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ঔষুধ সরবরাহ ও স্বাস্থ্য পরামর্শ সেবা অবিরত প্রদান করছে। বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত বিধিনিষেধ যথার্থ প্রয়োগে সম্পূর্ণ সচেষ্ট রয়েছে মেডিকেল সেন্টার। করোনা পরিস্থিতি মোকাবেলায় সচেতনতা তৈরী করতে মার্চের প্রথমেই মেডিকেল সেন্টারের পক্ষ থেকে ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পৃথক পৃথক সেমিনারের আয়োজন করা হয়। সেই সঙ্গে জনসচেতনতা মূলক লিফলেট বিতরণ করা হয়। পরবর্তীতে করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধে ও পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে নিম্নলিখিত বেশ কিছু কার্যকর পদক্ষেপ নেওয়া হয়:

১। সকলকে মাস্ক পরিধান করার ব্যাপারে উৎসাহিত করা হচ্ছে।

২. বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পথে Disinfection Chamber স্থাপন করে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ এর পূর্বে সকলকে জীবাণুমুক্ত করা হচ্ছে।

৩. Temperature Testing Barrier Booth স্থাপনের মাধ্যমে সকলের শরীরের তাপমাত্রা মাপা হচ্ছে।

৪. Hand Sanitizer ব্যবহার করে সকলের হাত জীবাণুমুক্ত করা হচ্ছে।

৫. বিশ্ববিদ্যালয়ের প্রবেশের পূর্বে সকলের জুতা জীবাণুমুক্ত করা হচ্ছে।

৬. সর্বসাধারণ কর্তৃক ব্যবহার হয় এমন জায়গাসহ অন্যান্য জায়গার মেঝে ও রুমের দরজার হাতল, সিড়ির হাতল এবং যেসব বস্তু বার বার ব্যবহার হয় সেসব বস্তুর তলপৃষ্ঠ ঘন ঘন পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হচ্ছে।

৭. প্রতিদিন নিয়ম ধরে সম্পূর্ণ বিশ্ববিদ্যালয় জীবাণুমুক্ত রাখার ব্যবস্থা করা হচ্ছে।

৮. ঘন ঘন হাত ধোয়ার ব্যবস্থা রাখা হয়েছে।

৯. দপ্তর ভিত্তিক Hand Sanitizer সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১০. সকল কর্মকর্তা কর্মচারীকে এককালীন Re-Usable Mask সরবরাহ করা হয়েছে।

১১. প্রয়োজন বিশেষে Hand Gloves and Personal Protective Equipment (PPE) সরবরাহ করা হয়।

এছাড়াও যারা অসুস্থ, সন্তান সম্ভবা তাদের অফিসে আসার ব্যাপারে নিরুৎসাহিত করা হয়েছে। বাসায় বসে দিবা রাত্রি ২৪ ঘণ্টা ওভার ফোন চিকিৎসা সেবা ও পরামর্শ নেওয়ার সুযোগ রয়েছে। করোনা সন্দেহে অসুস্থদের পরীক্ষা করতে ও প্রয়োজনীয় চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যেতে এ্যাম্বুলেন্স সেবার ব্যাবস্থা করা হয়। করোনা পরিস্থিতি মোকাবেলার সঙ্গে সঙ্গে ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় আমরা সমান ভাবে সচেষ্ট রয়েছি। নিয়মিত ভাবে ফগার মেশিন দ্বারা স্প্রে করা হচ্ছে। সেই সঙ্গে অ্যারোসল ও অডোমস সরবরাহ করা হচ্ছে। সর্বোপরি যে কোন পরিস্থিতি মোকাবেলায় আমরা আমাদের সর্বোত্তম সেবা প্রদানে আন্তরিকভাবে নিয়োজিত আছি।




*Disinfection Chamber*



*জ্বর পরিমাপ কার্যক্রম*



*করোনো বিষয়ে ব্রিফিং-এ উপস্থিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ*



*করোনা সচেতনতায় মেডিক্যাল অফিসারের ব্রিফিং*

# শারীরিক শিক্ষা কেন্দ্র এর কার্যক্রম

## বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯

গত ২৬ আগস্ট ২০১৯ তারিখে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর আয়োজন করা হয়। উক্ত ক্রীড়া প্রতিযোগিতা বিশ্ববিদ্যালয়ের কমন রুমে অনুষ্ঠিত হয়। ক্রীড়া প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্নাতক ও স্নাতকোত্তর এর বিভিন্ন সেমিস্টারের শিক্ষার্থী অংশগ্রহণ করে। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয় প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থেকে প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিনদ্বয়, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। প্রতিযোগিতার বিষয়সমূহ ছিলো টেবিল টেনিস সিঙ্গেল, টেবিল টেনিস ডাবল, ক্যারাম সিঙ্গেল, ক্যারাম ডাবল ও দাবা।



*ইনডোর গেমস্-এ শিক্ষার্থীবৃন্দ*



*ইনডোর গেমস্-এ শিক্ষার্থীবৃন্দ*

## বাৎসরিক বনভোজন ২০২০-এ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিশ্ববিদ্যালয়ের বাৎসরিক বনভোজন অনুষ্ঠিত হয়। উক্ত বনভোজনে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন খেলাধুলার আয়োজন করা হয়। উক্ত বনভোজনে মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয় উপস্থিত থেকে শিক্ষক ও কর্মকর্তাদের মধ্যে প্রীতি ভলিবল খেলায় অংশগ্রহণ করেন এবং বিজয়ী ও রানার-আপ দলের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এছাড়াও বাৎসরিক বনভোজন এ সকলের মধ্যে আকর্ষণীয় র‍্যাফেল ড্র এর আয়োজন করা হয়।



*বার্ষিক বনভোজনে পুরস্কার বিতরনের আলোকচিত্র*



*বার্ষিক বনভোজনে ক্রীড়া প্রতিযোগিতার একাংশ*

## বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় এ্যাথলেটিকস ও ব্যাডমিন্টন (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা ২০১৯-২০২০ এ অংশগ্রহণ

গত ১২ ফেব্রুয়ারি হতে ১৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় এ্যাথলেটিকস ও ব্যাডমিন্টন (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা ২০১৯-২০২০ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় শিক্ষার্থীরা বিভিন্ন স্প্রিন্ট, হাই জাম্প, লং জাম্প, শট পুট, ডিসকাস থ্রো, হ্যামার থ্রো, জ্যাভলিন থ্রো এবং ব্যাডমিন্টন সিঙ্গেল ও ডাবল এ অংশগ্রহণ করে।সকলের মধ্যে আকর্ষণীয় র‍্যাফেল ড্র এর আয়োজন করা হয়।



*বিশ্ববিদ্যালয়ের পতাকা হাতে শিক্ষার্থী*



*প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ*

## বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ ২০২০ এ অংশগ্রহণ

গত ১৪ ফেব্রুয়ারি ২০২০ তারিখ হতে 'বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ ২০২০' অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। উক্ত চ্যাম্পিয়নশিপে শিক্ষার্থীরা ক্রিকেট, ফুটবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, সাইক্লিং, ম্যারাথন, হার্ডেল, লং জাম্প এবং ১০০ মিঃ স্প্রিন্টে অংশগ্রহণ করে।





*বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ*

# বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এর কার্যক্রম

| উল্লেখযোগ্য ঘটনাবলী | মন্তব্য |
|---|---|
| সূচনা | 'বাংলাদেশ মেরিন একাডেমি' বিগত ৫৮ বছর ধরে পেশাগতভাবে দক্ষ, পরিবেশ সচেতন, বুদ্ধিদীপ্ত এবং চৌকস মেরিন ক্যাডেট তৈরি করে আসছে। উচ্চ-মাধ্যমিক সনদপ্রাপ্ত নির্বাচিত প্রার্থীদেরকে জাতিসংঘের অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের (IMO-UN) আন্তর্জাতিক পেশাগত দক্ষতা-মান STCW Convention অনুযায়ী প্রশিক্ষণের মাধ্যমে বিশ্বমান সম্পন্ন মেরিন ক্যাডেট হিসেবে গড়ে তুলছে।<br>১৯৬২ সালে প্রতিষ্ঠার পরে ২০১৯ সাল পর্যন্ত প্রায় ৪,৭০০ জন মেরিন ক্যাডেট (নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং) প্রশিক্ষিত করেছে এই একাডেমি। এছাড়া ১৯৮০ সালের পর থেকে বিভিন্ন পেশাদার প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে আরো প্রায় ৪৫,০০০-এর বেশি সংখ্যক মেরিন অফিসার ও মেরিন ইঞ্জিনিয়ারদেরকে উচ্চতর ও সহায়ক প্রশিক্ষণ (প্রিপারেটরী ও অ্যান্সিলারী কোর্স) প্রদান করা হয়েছে। জাতীয় অর্থনীতিতে, দেশে-বিদেশে সমুদ্রগামী জাহাজ এবং শোর-বেজ্ড জাহাজী সংস্থায় কর্মরত আমাদের ৪,৭০০ জন এক্স ক্যাডেট তথা মেরিনারদের সম্মিলিত অবদান – বার্ষিক প্রায় ২২৫ মিলিয়ন ডলার (২,০০০ কোটি টাকা)। |
| উন্নয়ন কার্যক্রম<br>জুলাই ২০১৯ জুন ২০২০ | ➢ ক্যাডেট প্রশিক্ষণ আধুনিকায়নের নিমিত্তে Full-Mission Bridge Simulator স্থাপন করা হয়েছে।<br>➢ অপটিক্যাল ফাইবার স্থাপনের মাধ্যমে একাডেমির টেলিফোন এক্সচেঞ্জকে আধুনিকায়ন করা হয়েছে।<br>➢ একাডেমির ভৌত অবকাঠামো সংস্কারের মাধ্যমে সৌন্দর্যবৃদ্ধি ও আধুনিকায়ন করা হয়েছে।<br>➢ একাডেমির প্রায় এলাকায় সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। |
| একাডেমিক কার্যক্রম | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের ১ম অধিভুক্ত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ মেরিন একাডেমি ২০১৩ সাল থেকে (৪৮ ব্যাচ থেকে) ৪-বছর মেয়াদী ব্যাচেলর অব মেরিটাইম সায়েন্স (বিএমএস) অনার্স কোর্স পরিচালনা করছে। তাছাড়া, মেরিন অফিসার ও মেরিন ইঞ্জিনিয়ারদেরকে উচ্চতর ও সহায়ক প্রশিক্ষণ (প্রিপারেটরী ও অ্যান্সিলারী কোর্স) কোর্স পরিচালনা করে আসছে। |
| ৫৬ তম ব্যাচে<br>ক্যাডেট ভর্তি | বাংলাদেশ মেরিন একাডেমিতে ৫৬ ব্যাচে ফেব্রুয়ারি/২০২০ মাসে সর্বমোট ১৭৭ জন ক্যাডেট ভর্তি হয়েছে। এছাড়াও নবনির্মিত সরকারি ০৪ টি মেরিন একাডেমির সর্বমোট ১৯৮ জন ক্যাডেট ভর্তি হয়ে অত্র একাডেমিতে প্রশিক্ষণ গ্রহণ করছে। |
| পরিদর্শন | ➢ ২৪ এপ্রিল ২০১৯ তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল মোহাম্মদ খালেদ ইকবাল মহোদয়ের একাডেমি পরিদর্শন।<br>➢ ০৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখ একাডেমির প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একাডেমি পরিদর্শন<br>➢ ২৫-২৬ নভেম্বর ২০১৯ তারিখে **MAAP Philippines এর প্রতিনিধিদের** একাডেমি পরিদর্শন।<br>➢ ২৯ জানুয়ারি ২০২০ তারিখে মুজিব শতবর্ষ গ্র্যাজুয়েশন প্যারেডে মাননীয় শিক্ষা মন্ত্রী-এর একাডেমি পরিদর্শন। |
| উদ্ভাবন | করোনাকালীন দুর্যোগময় মুহূর্তে একাডেমিতে যুগোপযোগী দুইটি যন্ত্র উদ্ভাবন করা হয়েছে। |
| স্বীকৃতি | ২০১৯ সনে WMU Sweden-এর শাখা মর্যাদা থেকে অত্র একাডেমিকে পার্টনার মর্যাদায় উন্নীত করা হয়েছে। তাছাড়া UK Merchant Navy Training Board (MNTB), London ও IMarEST London & NI London এর স্বীকৃতি অর্জিত হয়েছে। |

# মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর কার্যক্রম

## ক। উন্নয়ন কার্যক্রম। ২০১৯-২০ অর্থ বছরে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর উন্নয়ন কার্যক্রম নিম্নরূপঃ

### (১) ডিজিটাল ল্যাঙ্গুয়েজ ল্যাব চালু।

মেরিন ফিশারিজ একাডেমিতে 'এডভান্সড ডিজিটাল মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট উইথ ডিজিটাল ল্যাঙ্গুয়েজ ল্যাব সিস্টেম' চালু করা হয়েছে। গত ২৮ জুলাই ২০১৯ তারিখ রবিবার চট্টগ্রাম মেরিন ফিশারিজ একাডেমির ইনফরমেশন টেকনোলজি ল্যাবে এ সিস্টেমের উদ্বোধন করা হয়। 'এডভান্সড ডিজিটাল মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট উইথ ডিজিটাল ল্যাঙ্গুয়েজ ল্যাব সিস্টেম' টি সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার image কাজে সহায়ক ভূমিকা পালন করবে। সিস্টেমটি দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আধুনিক পাঠদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। শিক্ষক এবং শিক্ষার্থী উভয় এ সিস্টেম ব্যবহার করে কার্যকর শিক্ষা শৈলী রপ্ত করতে পারবে।





**(২) বৈদেশিক ভাষা প্রশিক্ষণ।** ক্যাডেটদের বাণিজ্যিক জাহাজে চাকুরীর কারণে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য বহিঃ বিশ্বে গমনের বিষয়টি বিবেচনা করে একাডেমির ক্যাডেটদের বৈদেশিক ভাষা শিক্ষার বিষয়ে একটি পদক্ষেপ নেওয়া হয়েছে। এরই ফশ্রুতিতে ইতোমধ্যে একাডেমিতে নিজস্ব ব্যবস্থাপনায় ফরাসি ও চীনা ভাষা শিক্ষার প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। ভবিষ্যতে ক্যাডেটদের বৈদেশিক ভাষার দক্ষতা বৃদ্ধির জন্য আরোও বৈদেশিক ভাষা শিক্ষার কার্যক্রম গ্রহণের ব্যবস্থা নেওয়া হবে।

## খ। একাডেমিক কার্যক্রম। ২০১৯-২০ অর্থ বছরে এ একাডেমির একাডেমিক কার্যক্রম নিম্নে উপস্থাপন করা হলোঃ

### (১) ৪১ তম ব্যাচে ক্যাডেট ভর্তি পরীক্ষা।

০৮ নভেম্বর ২০১৯ তারিখ নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক বাংলাদেশের সরকারি ও অনুমোদিত বেসরকারি মেরিন একাডেমিতে ব্যাচেলর অব মেরিটাইম সায়েন্স কোর্সে অভিন্ন প্রশ্নপত্রে মেধা তালিকা অনুযায়ী ক্যাডেট ভর্তির নিমিত্তে ভর্তির লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত ভর্তির লিখিত পরীক্ষার মাধ্যমে একাডেমির নটিক্যাল বিভাগে ৩৪ জন ও মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৩৪ জনসহ মোট ৬৮ জন ক্যাডেট ভর্তি করা হয়। এছাড়াও ১৩ ডিসেম্বর ২০১৯ তারিখে মেরিন ফিশারিজ বিভাগে ক্যাডেট ভর্তির নিমিত্তে একাডেমির তত্ত্বাবধানে ভর্তির লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং উক্ত ভর্তি পরীক্ষার মাধ্যমে মেরিন ফিশারিজ বিভাগে ২৩ জন (০২ জন মহিলাসহ) ক্যাডেট ভর্তি করা হয়।



### (২) ৩৯ তম ব্যাচ ও ৪০তম ব্যাচের চূড়ান্ত পরীক্ষা।

একাডেমির ৩৯তম ব্যাচের ২য় বর্ষ ও ৪০তম ব্যাচের ১ম বর্ষের ১ম সেমিস্টার এর বিএসসি ইন নটিক্যাল স্টাডিজ, বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং ও বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সের চূড়ান্ত পরীক্ষা-২০১৯ যথাক্রমে অক্টোবর ২০১৯ ও ডিসেম্বর ২০১৯ এ অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সের পরীক্ষাসমূহে বিএসএমআরএমইউ এর প্রতিনিধিগণ পরিদর্শক এবং বহিঃ পরীক্ষক হিসেবে উপস্থিতি ছিলেন।





## গ। গবেষণা কার্যক্রম।

Blue Economy এর উপর একাডেমির ০৩ (তিন) জন প্রশিক্ষকের সম্মিলিত গবেষণাপত্র “An approach to open a new arena for blue growth of Bangladesh by mud crab (Scylla serrata) fishery from the Karnafuli River estuary, Chattogram; Bangladesh” শীর্ষক একটি গবেষণাপত্র International Journal of Fisheries and Aquatic Studies 2020; ৮(২):249-257 এ প্রকাশিত হয়েছে।

**ঘ। সংবিধিবদ্ধ সভার কার্যক্রম।** ২০১৯-২০ অর্থ বছরে অনুরূপ কোন সভা কার্যক্রম পরিচালিত হয়নি।

**ঙ। সভা-সেমিনার/কর্মশালা।** ২০১৯-২০ অর্থ বছরে একাডেমিতে অনুষ্ঠিত সেমিনার/ কর্মশালার বিবরণ নিম্নে উপস্থাপন করা হলোঃ

| ক্রঃ | সেমিনার/কর্মশালার নাম | অংশগ্রহণকারী | সময় |
|---|---|---|---|
| (১) | Safety of Life at Sea (SOLAS) এর কর্মশালা। | Food and Agriculture Orgainazation (FAO) এর প্রতিনিধি এবং মৎস্য অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ অংশগগ্রণ করেন। | ২৮ ও ২৯ আগস্ট ২০১৯ |





| | | | |
|---|---|---|---|
| (২) | “ই-ফাইলিং ব্যবস্থাপনা” প্রশিক্ষণ কর্মসূচী-২০১৯ | একাডেমির সকল কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মচারীবৃন্দ। | ২৯-৩১ ডিসেম্বর ২০১৯ |






## চ। প্রশিক্ষণ/পরিদর্শন/পরিভ্রমণ/সমঝোতা স্মারক (দেশে-বিদেশে)।

### (১) দেশীয় প্রশিক্ষণ। ২০১৯-২০ অর্থ বছরে দেশীয় প্রশিক্ষণের বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্রঃ | অংশগ্রহণকারীর নাম ও পদবী | প্রশিক্ষণের নাম | তারিখ |
|---|---|---|---|
| (ক) | মোঃ মাজহারুল ইসলাম ইন্সট্রাক্টর (নেভিগেশন) | "স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন" আঞ্চলিক লোক-প্রশাসন কেন্দ্র, চট্টগ্রাম | ১৩/১০/২০১৯ হতে ১৭/১০/২০১৯ |
| (খ) | মোঃ জিয়াউল হক, প্রশাসনিক কর্মকর্তা এবং ক্লিনটন দে, সাঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর | "ই-নথি বিষয়ক ০২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণ" তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ | ০৫/০২/২০২০ হতে ০৬/০২/২০২০ |
| (গ) | মোঃ মাজহারুল ইসলাম ইন্সট্রাক্টর (নেভিগেশন) | "Port and Shipping Studies" বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি | ০৬-০৭/০২/২০২০ এবং ১৩-১৪/০২/২০২০ |
| (ঘ) | জাকির, ফোরম্যান | " Online Office Managment" বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, সোবহানবাগ, মিরপুর, ঢাকা। | ১৬/০২/২০২০ হতে ২৭/০২/২০২০ |

### (২) বিদেশী প্রশিক্ষণ।

| ক্রঃ | অংশগ্রহণকারীর নাম ও পদবী | প্রশিক্ষণের নাম | তারিখ ও স্থান |
|---|---|---|---|
| (ক) | মোঃ মাজহারুল ইসলাম, ইন্সট্রাক্টর (নেভিগেশন) এবং লেঃ এ,কে,এম, কাওসার জাহান, বিএন, জুঃ ইন্সট্রাক্টর (রেডিও কমঃ) | Marine Resource Management & Blue Economy Development for Bangladesh | ০৫/০৯/২০১৯ হতে ২৪/০৯/২০১৯ চীন |

### (৩) পরিদর্শন।

গত ২৬ ডিসেম্বর ২০১৯ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি এর পরীক্ষা নিয়ন্ত্রক, ক্যাপ্টেন এ টি জি এম সরকার, বিএন (অবঃ) এ একাডেমির সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন।







*বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের পরিদর্শন*

(৪) গ্রাজুয়েশন প্যারেড ২০১৯। গত ২২ জানুয়ারি ২০২০ তারিখ রোজ বুধবার সকাল ০৯-৩০ ঘটিকায় মেরিন ফিশারিজ একাডেমির ৩৮তম ব্যাচের ক্যাডেটদের 'গ্রাজুয়েশন প্যারেড-২০১৯ একাডেমির প্যারেড মাঠে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: আশরাফ আলী খান খসরু, এম.পি. প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মাননীয় প্রতিমন্ত্রী তাঁর ভাষণের শুরুতে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের বলিষ্ঠ নেতা, দেশের জন্য আমৃত্যু সংগ্রাম করা, বাঙ্গালি জাতির ভাগ্যের উন্নয়নের জন্য সদা নিয়োজিত থাকা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে ঘোষিত "মুজিববর্ষ" এর তাৎপর্য তুলে ধরেন। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্লু ইকোনমির উপর গুরুত্ব আরোপ করে বলেছেন "সমুদ্রসীমা জয়ের পর বাংলাদেশের ক্রমবর্ধমান জনসংখ্যার আর্থ সামাজিক উন্নয়নে জন্য একটি নতুন দ্বার উন্মোচন হলো"। টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদের সংরক্ষণ, আহরণ ও টেকসই ব্যবহার (SDG-14) এর লক্ষ্যমাত্রা অর্জনে বর্তমান সরকার বেশকিছু পদক্ষেপ গ্রহণ করেছেন। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে একাডেমির ক্যাডেটগণ সহায়ক ভূমিকা রাখবে বলে মাননীয় প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে আশাবাদ ব্যক্ত করেন । এ বছর নটিক্যাল, মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারিজ বিভাগ হতে ০৬ জন মহিলা ক্যাডেটসহ মোট ৫৮ জন ক্যাডেট প্রশিক্ষণ শেষে সমাপনী কুচকাওয়াজে অংশ গ্রহণ করছে।







## ছ। আর্থিক কার্যক্রম।

২০১৯-২০ অর্থ বছরে রাজস্ব বাজেটে ৯০১.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। যা দিয়ে একাডেমির দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করা হয়। চলতি অর্থ বছরে রাজস্ব বাজেট হতে প্রায় ৭৫.০০ লক্ষ টাকা ব্যয়ে একটি দ্বিতল ভবন নির্মাণ করা হচ্ছে। এ ভবনে ব্যাংক, ক্যাডেটদের জন্য লন্ড্রিশপ, সেলুনসহ একাডেমির যানবাহনসমূহের জন্য এমটি সেড নির্মাণ করা হচ্ছে। এসময়ে একাডেমির ভিজিটিং লেকচারারের প্যানেল হতে মাস্টার মেরিনার এবং চীফ ইঞ্জিনিয়ার দ্বারা নটিক্যাল ও মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্যাডেটদের প্রশিক্ষণ প্রদানরত ভিজিটিং লেকচারারের সম্মানী বৃদ্ধিকরতঃ দ্বিগুণ করা হয়েছে।

## জ। বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান/কর্মকর্তা-কর্মচারী পরিসংখ্যান।

### (১) বিষয়ভিত্তিক শিক্ষার্থীর পরিসংখ্যান।

বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি অধিভুক্ত ০৪ বছর মেয়াদী বিএসসি ইন নটিক্যাল স্টাডিজ, বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং ও বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সে প্রশিক্ষণরত ক্যাডেটদের বিষয়ভিত্তিক পরিসংখ্যাক নিম্নরূপঃ

| ব্যাচ | প্রশিক্ষণ কোর্সের শিরোনাম | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | বিএসসি ইন নটিক্যাল স্টাডিজ | বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং | | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ | | |
| | পুরুষ | পুরুষ | মহিলা | পুরুষ | মহিলা | |
| ৩৯তম | ২৬ | ২৫ | ০২ | ১৪ | ০০ | ৬৭ |
| ৪০তম | ৩৭ | ৩৫ | ০৪ | ১৮ | ০৪ | ৯৮ |
| ৪১তম | ৩৪ | ৩৪ | ০০ | ২১ | ০২ | ৯১ |
| মোট | ৯৭ | ৯৪ | ০৬ | ৫৩ | ০৬ | ২৫৬ |

**(২) কর্মকর্তা-কর্মচারী পরিসংখ্যান।** গত ১০ অক্টোবর ২০১৮ তারিখ 'মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের (মেরিন ফিশারিজ একাডেমি কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮' নিয়োগবিধি পাশ হয়। উক্ত নিয়োগ বিধিমালায় ৬৩টি পদ রয়েছে।

| অনুমোদিত পদ | | | পূরণকৃত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| গেজেটেড | নন-গেজেটেড | মোট | | | |
| ১৭ | ৪৬ | ৬৩ | ৫২ | ১১ | শূন্য ১১টি পদের মধ্যে ৫টি পদের বিপরীতে বাংলাদেশ নৌবাহিনী হতে প্রেষণে নিয়োজিত করা হয়েছে। শূন্য পদ পূরণে র কাজ চলমাল আছে। |

**ঝ। অধিভুক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম।**

প্রতিষ্ঠার পর মেরিন ফিশারিজ একাডেমিতে ৮টি বিভাগে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এর কার্যক্রম শুরু করলেও পরবর্তীতে নৌ শিক্ষা ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত পাঠ্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে উক্ত বিভাগসমূহ পুনঃবিন্যাস/একত্রিত করে নটিক্যাল, মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারিজ তিনটি বিভাগে প্রশিক্ষণ প্রদান করা হয়। International Maritime Organization (IMO) Convention অনুযায়ী STCW (Standards of Training, Certification and Watch keeping)-95 for seafarers অনুসরণ করে প্রণিত একাডেমির সিলেবাসে ১৯৯৬-৯৭ শিক্ষা বর্ষ হতে মেরিন ফিশারিজ একাডেমি জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর অধিভুক্তি লাভ করে। শুরুতে জাতীয় বিশ্ববিদ্যালয় ০২ (দুই) বছর মেয়াদী বিএসসি (পাস) নটিক্যাল, মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারিজ স্নাতক ডিগ্রি প্রদান করলেও পরবর্তীতে সিলেবাস আপগ্রেড করত ২০০২-২০০৩ শিক্ষা বর্ষ হতে ২০১৬-১৭ শিক্ষা বর্ষ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী বিএসসি (পাস) নটিক্যাল, মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারিজ স্নাতক ডিগ্রি প্রদান করে আসছে। বর্তমান সরকারের দূরদর্শিতায় সাম্প্রতিক সময়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠালাভ জাতীয় পর্যায়ে মেরিটাইম সেক্টরে উল্লেখযোগ্য ঘটনা। দেশের অন্যতম মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ২০১৮ সালে ২০১৭-১৮ শিক্ষা বর্ষ হতে মেরিন ফিশারিজ একাডেমি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তি লাভ করে। এ একাডেমির ৩৯তম ব্যাচ হতে ০৪ বছর মেয়াদী বিএসসি ইন নটিক্যাল স্টাডিজ, বিএএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

**ঞ। বিবিধ।**

**(১) মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি প্রাপ্ত।**

২০১৮ সালে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামকে নৌপরিবহন অধিদপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়।

**(২) CDC প্রাপ্তি।** ২৫তম ব্যাচ থেকে ২৭তম ব্যাচ (২০০৮-২০০৯) পর্যন্ত ৯৮ জন ক্যাডেট Continuous Discharge Certificate (CDC) প্রাপ্ত হয়। ২৭তম ব্যাচ হতে CDC প্রাপ্তি বন্ধ হয়ে গেলে দীর্ঘ ১০ দশ বছর পর পুনরায় ২০১৮ সালে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক CDC ইস্যু করার

প্রজ্ঞাপন জারি হয়। ফলে বর্তমানে ২৭তম ব্যাচ হতে ৩৭তম ব্যাচ পর্যন্ত ক্যাডেটদের মধ্যে বৈদেশিক বাণিজ্যিক জাহাজে চাকুরি প্রাপ্তির সুবিধার্থে বিভিন্ন ধাপে ৪৫০ জন ক্যাডেটদের অনুকূলে CDC ইস্যুর প্রজ্ঞাপন জারি হয়। এছাড়াও আরও কয়েক জন ক্যাডেটদের CDC প্রাপ্তি অপেক্ষমান রয়েছে।

**(৩) প্রকাশনা।** গত ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ মহান বিজয় দিবসের ৪৮ বৎসর পূর্তিতে একাডেমি কর্তৃক "মেরিন ফিশারিজ একাডেমি বার্তা" নামক একটি বাৎসরিক ক্রোড়পত্র প্রকাশ করা হয় ।

**(৪) রক্তদান কর্মসূচি।** ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাব-গাম্ভীর্যে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে একাডেমিতে পালিত হয়। ২০১৮ সাল হতে সাধারণ মানুষের প্রতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অকৃত্রিম ভালোবাসার আদর্শে অনুপ্রাণিত হয়ে মুমূর্ষু রোগীদের জীবন রক্ষার্থে একাডেমির ক্যাডেট, প্রশিক্ষক ও কর্মচারীদের অংশ গ্রহণে রক্তদান কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। উক্ত কর্মসূচিটি চট্টগ্রাম মেডিকেল কলেজ ইউনিট এর সেচ্ছাসেবী সংগঠন 'সন্ধানী'র পরিচালনায় প্রতি বছর ৪০ ব্যাগ রক্ত সংগ্রহ করা হয়। গত ১৭ মার্চ ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন আনুষ্ঠানিক কর্মসূচিসহ রক্তদান কর্মসূচিও গ্রহণ করা হয়। উল্লেখ্য যে, উক্ত রক্তদান কর্মসূচি এ দপ্তরের Annual Performance Agreement (APA) এ অন্তর্ভূক্ত করা হয়।







**(৫) করোনা ভাইরাস মহামারীতে মেরিন ফিশারিজ একাডেমির জনকল্যাণকর কর্মসূচি**



(ক) মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে মেরিন ফিশারিজ একাডেমি পক্ষ থেকে অনুদান প্রদান করা হয়।

(খ) মেরিন ফিশারিজ একাডেমি এবং বাংলাদেশ মেরিনার্স সোসাইটি এর যৌথ উদ্যোগে স্থানীয় প্রশাসন এবং জনপ্রতিনিধিদের সহায়তায় এলাকার গরীব দুঃখীদের মাঝে তালিকা করে তিন দফায় খাদ্য সামগ্রী ত্রাণ হিসেবে বিলি করা হয়। এতে মোট ৩৪৬ গরীব দুঃখী পরিবার সুফল ভোগ করে।






# বিশ্ববিদ্যালয়ের জনবল

বর্তমানে অত্র বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ নৌবাহিনীর ০১ জন রিয়ার এডমিরাল, ০৫ জন কমডোর/ইঃ কমডোর, ০৫ জন ক্যাপ্টেন, ০৫ জন কমান্ডার/ইঃ কমান্ডার, ০৪ জন লেঃ কমান্ডার/ইঃ লেঃ কমান্ডার, ০১ জন লেফটেন্যান্ট/ইঃ লেফটেন্যান্ট, বাংলাদেশ বিমানবাহিনীর ০১ জন গ্রুপ ক্যাপ্টেন ও ০১ জন উইং কমান্ডার এবং বাংলাদেশ সেনাবাহিনীর ০১ জন কর্নেল ও ০১ জন লেঃ কর্নেল সহ সামরিক বাহিনীর মোট ২৫ জন কর্মকর্তা প্রেষণে/সংযুক্তিতে কর্মরত আছেন। এছাড়া ৩০ জন শিক্ষক, চুক্তিভিত্তিক শিক্ষক ০৬ জন, ২৯ জন ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের বেসামরিক কর্মকর্তা, চুক্তিভিত্তিক কর্মকর্তা ০২ জন, ০৯ জন ১০ম গ্রেডের বেসামরিক কর্মকর্তা, বাংলাদেশ নৌবাহিনীর জেসিও'স ও পিও ১২ জন, লিডিং ও নিম্নমান ৩৪ জন, ১১-১৩তম গ্রেডের ৫০ জন বেসামরিক কর্মচারী, ১৪-১৬ গ্রেডের ২৩ জন কর্মচারী, ১৭-২০ গ্রেডের ২৯ জন কর্মচারী, বিশ্ববিদ্যালয় স্থায়ী ক্যাম্পাস প্রকল্প কর্মকর্তা ০৪ জন এবং দৈনিক ভিত্তিক ৩০ জন কর্মচারী সহ সর্বমোট ২৮৩ জন জনবল কর্মরত রয়েছে। যার পদভিত্তিক বিন্যাস নিম্নরূপ:

### কর্মকর্তা/শিক্ষকবৃন্দের পরিসংখ্যান:

| ক্রমিক | পদবি | কর্মরত কর্মকর্তার সংখ্যা |
|---|---|---|
| **সামরিক** | | |
| ১. | রিয়ার এডমিরাল | ০১ জন |
| ২. | কমডোর/ ইঃ কমডোর | ০৫ জন |
| ৩. | কর্নেল | ০১ জন |
| | ক্যাপ্টেন | ০৫ জন |
| | গ্রুপ ক্যাপ্টেন | ০১ জন |
| ৪. | লেঃ কর্নেল | ০১ জন |
| | কমান্ডার/ইঃ কমান্ডার | ০৫ জন |
| | উইং কমান্ডার | ০১ জন |
| ৫. | লেঃ কমান্ডার/ইঃ লেঃ কমান্ডার | ০৪ জন |
| ৬. | লেফটেন্যান্ট | ০১ জন |
| | **মোট** | **২৫** জন |
| **বেসামরিক** | | |
| ১. | শিক্ষক | ৩০ জন |
| ২. | শিক্ষক (চুক্তিভিত্তিক) | ০৬ জন |
| ৩. | ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা | ২৯ জন |
| ৪. | কর্মকর্তা (চুক্তিভিত্তিক) | ০২ জন |
| ৫. | ১০ম গ্রেডের কর্মকর্তা | ০৯ জন |
| ৬. | ১১-১৩তম গ্রেডের কর্মচারী | ৫০ জন |
| | **মোট** | **১২৬** জন |

### নৌবাহিনীর সদস্য এবং বেসামরিক কর্মচারীর পরিসংখ্যান:

| ক্রমিক | পদবি | কর্মরত কর্মকর্তার সংখ্যা |
|---|---|---|
| সামরিক | | |
| ১. | জেসিও'স এবং পিও | ১২ জন |
| ২. | লিডিং এবং নিম্নমান | ৩৪ জন |
| | মোট | ৪৬ জন |
| বেসামরিক | | |
| ১. | ১৪ থেকে ১৬তম গ্রেড | ২৩ জন |
| ২. | ১৭ থেকে ২০তম গ্রেড | ২৯ জন |
| ৩. | স্থায়ী ক্যাম্পাস নির্মাণ প্রকল্প | ০৪ জন |
| ৩. | দৈনিক ভিত্তিক কর্মচারী | ৩০ জন |
| | মোট | ৮৬ জন |
| | সর্বমোট | ২৮৩ জন |

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ**

১৪/০৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
ফোন : +৮৮০ ৯৬৬৬ ৭৭৬৮৬৮, +৮৮০ ১৭৬৯ ৭২১০১০, ফ্যাক্স : +৮৮০ ২ ৫৮০৫১০১০
ই-মেইল : **info@bsmrmu.edu.bd**
ওয়েব : **www.bsmrmu.edu.bd**